क्षि-চिक्कि।

প্রথম ও দ্বিতীয় ভাগ।

শ্রীযুক্ত এইচ্, উড়ো, এম্, এ, সাহেব মহে। দয়ের অনুমত্যন্ত্রসারে

শ্ৰীউমেশচন্দ্ৰ সেন গুপ্ত কৰ্ত্তৃক সঙ্গলিত।

দ্বিতীয় সংক্ষরণ।

ঞিকৈলাসচন্দ্র সেন গুপ্ত ছারা প্রকাশিত।

SERAMPORE:

PRINTED BY B. M. SEN, AT THE "TOMOHUR" PRESS.



বিজ্ঞাপন।

তিন বংসর অতীত হইল কৃষি-চন্দ্রিকার প্রথম ভাগ প্রথমতঃ মুদ্রিত হয়। সেই সময়ে প্রেসিডেন্সি সার্কেলের স্কুল-ইন্সেপকৃট্র মহামান্য জীযুক এইচ উড্রো এন্ এ মহোদর পুত্তক থানি লইয়া সবিশেষ আন্দোলন করেন; তিনি প্রসিদ্ধ উদ্ধিজ্জবিং এযুক সি। বি, ক্লার্কে সাহেব, কলিকাতা নর্ম্যাল বিদ্যালয়ের কুষি-শাস্ত্রের অধ্যাপক এীযুক্ত হরিমোহন মুখোপাধ্যায় এবং আরও কডিপুর প্রধান হ ব্যক্তির নিকটে এক । খণ্ড পুরুষ প্রেরণ করেন। ভাঁছারা পুস্তুকথানি সমূদ্ধে যে মন্ত্রনা প্রকাশ করেন, তাহা নিতান্ত উৎসাহ-टक्क इहेरा जिल। अथग वाद्यंत यूप्ति महम् थए शृक्षक हरा মাদের মধ্যেই নিনশেষ হওয়ায় উহার পুনর্মুদ্ধেনের আবেশ্যক হয়; কিন্ত তংকালে আঘার অন্তামিগত বিষয় সকল সংগৃঁহীত ছইয়ানা উঠায় মুদুাঞ্চনে প্রবৃত ছইতে পারি নাই। অনেক দিন পরে যতদ্ব সংগ্রহ করিতে পারিয়াছি, তাহার কতক প্রলি বিদ্রুত প্রথম ভার্নের অন্তর্গত করিয়া স্মবশিষ্ট অৎশ (চাম্ব-প্রণালী)•িছতীয় ভাবে সন্নিবেশ পূর্বক উভর এও এক সঙ্গে মুদ্রিত ও একতা নিবছ করিলান। এই সংগ্রহে আমি ঘচন ও পরিশ্রম করিতে সাধ্যানু-मात् क्रिंग कृति नारे । कृषि मभाष्मत करमक शानि दे बालि পুস্তক ৪ রিপোর্ট, কৃষি-দর্পণ, কৃষি-বিষয়ক পরাশর সংগ্রহ ৪-অন্যান্য কয়েক থানি সংস্কৃত পুত্রক অবলয়ন এবং উদ্যানের কাৰ্য্য-প্ৰণালী দৰ্শন করিয়া পুত্তক থানি সন্ধলিত হইল। আমার পুলনীয় শিক্ষক বিখ্যাত কৃষিতেতা জীযুক বাবু দরিনোংন मुर्थाभाधात्र महानदात निक्षे अहे विवसत स्व नकल छेनालन পাইয়াছিলাম, আবশাকমত তাহার কোনং অংশও এই পুরুকে निर्दिणिक कहा शिहाएक।

এবংবের পাণ্ডলিপি কলিকাতা হড় বাঞ্চারের ফ্যামিন্সিলিটাররি ক্রবে পঠিত হয়, তাহাতে ত্রিযুক্ত উড়ো সাহেব মহোদর এবং উক্ত সভার অধ্যক্ষ ত্রীযুক্ত বার প্রসাদদাস মল্লিক তথা জ্রীযুক্ত বার নৃত্যাললে মল্লিক এবং উপস্থিত সভ্য মহোদয়গণ পুরুক্তগানি অনুগ্রহ পূর্বাক প্রবণ করিরা মথোচিত সন্তোষ প্রকাশ ও উৎসাহ প্রদান করেন; উক্ত মহোদয়গণের প্রদান উৎসাহ হাকাই আমার এবারকার উদ্যোমের একটা প্রধান প্রবর্তিক। সুত্রাং তাহাদের স্বনীপে যে, কৃতজ হইয়া রহিলাম, তদ্বিষয় হলা বাছলা মাত। ক্রপর এছলে ইহাও উল্লেখ করা অভি আহশ্যক যে, আমার পরম সুহুং জ্রীযুত্ত বার্ জ্যিকাচরণ সেন, বি, এ, জ্রীযুক্ত বার্ দীননাথ দল প্রক্ত অনকগুলি বিষয়ের সন্থলনে সহায়ত; করিয়াছেন।

শ্রীউমেশচন্দ্র সেন গুপ্ত।

বরাংনগর। ৩১শে আগফ, ১৮৭৫ গ্রাং।

মূচীপত্ৰ ৷

প্রথম ভাগ।

टियत् ।	8	का।	दिश्रः।	5	क्षा ।
ভারতবর্ষ্বাদিদিদে	ব		কৃষিকার্যো-বাবছত	9 -	•
কৃষি প্রবৃত্তি		>	দেশীয় যন্ত্র		œξ
কৃষিবিষয়ক সাং			গাম্লা বা টবে চ	হার।	·
জাতহা বিষয়		ь	উৎপাদনের নিং		e4'
জল সিঞ্চনের আ	रमा-		শাক্-সব্ভির আ		
কতা এবং জল দি			বড় করিবার উপ		
ध गानी	• • •	28			
	•••	50	C-=\-	•	
শার		२ 8	দিতীয় ভাগ	it i	
উদ্ভিজ্জ-মার	• • •	≥ €	গোল আগু		હહ
প্রাণি-মার	• • •	2.19	রেডিশ (মূলঃ)	•••	93
মিশ্রিত সার	• ••	२१	रिष्ठेे		98
কল্ম	• • •	>>	শালগাম •		95
গুটি-কলম্		90	গান্তর	•••	99
মাটি-কলম্	•••	22	ব্রকে:লি		٥,5
যোড়-কলম্		22	মান-কΣু		٠ ط
শাখাকলম	• • •	05	લન		F 2
চোক্-কলম	• • •	82	এরাকট	• • •	४२
চোক্-কলন	• • •	8 2	আদা ও ফরিদুা		64
ভিন্না-কলম	• • •	89	শাক-অপূ	٠	۶4
উদ্যানের মৃতিকা গ	13		কোলধেনি	•••	4
তের নিয়ম	• • •	82	মাট কলাই বা চি	নের	
মৃতিকা খনন কর	r: 3		रामाः।		49
ী সার দেওয়ার বি	द्धवः	60	মক্ক;	•••	b 9

			act.
दिवत् ।	शृष्ठा।	(दिवतः।	श्रुष्ठा ।
কার্ডুন	•••• ৮৮	कूजे	
আর্টি-চোক্ (হ	াত-চোক) ৮১	আফ্গানিস্	নীর ভর্ম্ম
ভেৰু জিলম্ আ কপি		(পর চার '	>05
ফুলকপি •	>0	ক্রিয়ুর্	50€
পাল -শাক	··· 96 ··· 95) সমা	ى و ك
দেলে রি	32	বিন পিজ (মটর)	304
টনিপ-কটেড ৫	দলৈরি ১৭	পটল	3 0b
লটিউস্*	৯٩	বেগুণ	··· 222
স্পনাক	٠٠٠ ۵۲	नका	225
গ্রভিল '	>>	কার্পাস	>>>
লীক সংস⊶	30.	ভাষাকু	>>8
স্কারাস্	··· 202	₹₹	აგც



মানসিক প্রবৃত্তি না থাকিলে কোন কার্য্যে উৎসাহ জ্ञ न। এবং উৎসাহ ভিন্ন কোন কার্যোরই উন্নতি হুইতে পারে ন।। এ বিষয় প্রমাণের নিমিত্ত ভারত-वर्षवामिनिरशत निक्षे वाशा एयत वाक्ना। क्षि-कार्या व नियस्त्रत वक्षी अधान छेपपाना। जातुक-বর্ষে কাহারও কুষি প্রবৃত্তি নাই ৷ তাহাতে কুষি-কার্য্যের যেপ্রকার হীনাবস্থা ঘটিয়াছে, তাহা সকলেই প্রতাক করিতেছেন। আমন্ত্রা দাসত্ত্ব প্রিয়, দাসত্ত্বে আমাদের বিলক্ষণ প্রবৃত্তি সুতরাং তছিবয়ে যতদুর উন্নত হওয়ার, হইয়াছে। এদে-শের প্রধান প্রধান লোকেরা ক্রবি ব্লুত্তিকে অতি নীচ वृद्धि मत्न करतन । कि छेशारा अकाता व्यर्थाशास्त्रन करत, कि श्रकारत क्रियत छन्नि इस, किरमरे वा ভূমির উর্বরতা জন্মে, এ সকল বিষয়ে তাঁহাদিগের में नारवाश माळ नाहे। निरमय जारकरशत विषय এই, आक काल कृष्टित मश्राप्तत्रां अ त्युक्तिका বৈত্রিক ক্ষির্ভি পরিত্যাগ করিয়া দাসত্ব করিতে

লোলুপ হইয়াছে। ভাল কাপড়, চাদর, জুতা वावहात शूर्वक विलामिका शूर्व कतिया सूत्री हहेत, धरे वाकाकाम नाकन पातर वात टारापत अतु छ হয় না। পরস্ত চাকরী স্বীকার করিয়া যে সূথ ভোগ করে ভাছা কাহার অবিদিত নাই! সুখী হওয়া দূরে থাকুক লাভের মধ্যে পূর্ব্বপুরুষেরা কুৰিকাৰ্য্য দ্বারা যাহা দঞ্জিত রাথিয়াছিলেন, ক্রমে ক্রমে তাছ। নাশ করে, এবং পরিশেষে এক মৃষ্টি তুণুলের জন্য লালায়িত হয়। যে প্রয়ন্ত এইক্প অবস্থাপন্ন না হয়, কুৰিবৃত্তি পরিত্যাগ করিয়া সেবক বুক্তি অবলম্বন করায় কি স্থুখ তাবৎ তাহারা তাহা বুঝিতে পারে না। পকান্তরে উচ্চ শ্রেণীস্থ ভদ্রলোক मेरागंदाता कृषि कार्यात नाम कृषि वावनामौनिरनत প্রতিও সাতিশয় অবজ্ঞা প্রদর্শন করেন। কোন কার্য্যে কাহার ক্রটী দেখিলে অম্নি তাহাকে 'চাসা' বলিয়া তিরষ্কার করিয়া থাকেন। ক্লুষকেরা তাঁহা-দের নিকট যে, নিতান্ত হেয় তাহা উক্ত তির্গ্ধারেই স্কুম্প ট অনুভূত হইতেছে।

উচ্চ শ্রেণীস্থ লোকেরা যথন ক্ষিকে এইৰপ নীচ জ্ঞান করেন, তথন ক্ষকদিগের সামান্য জ্ঞানে তাহা তুচ্ছ বোধ হইবে আশ্চর্য্য কি? অতথব ক্ষকেরা ইচ্ছাপুর্বাক ক্ষিকার্য্য পরিত্যাগ করিতে, যে যাত্রিক হয়, তজ্জন্য তাহাদিগকে বড় দোষ দেওয়া যায় না কারণ বড় হওয়ার ইচ্ছা সকলেরই আছে। সকলেই আপনাকে সম্মানিত করিতে চেন্টা করে।

এরপ অবস্থার সাধারণের হেরজনক কার্য্যে নিযুক্ত থাকিতে তাহারা কেন সম্ভুষ্ট হইবে? অত্এব প্রকৃত পক্ষে বিবেচনা করিলে উচ্চ শ্রেণীস্থ স্থ্রাস্ত महाभरत्रतारे विविधा मन्त्रीं (मायी। त्र धाहा इंडेक যে কৃষি আমাদের একমাত্র উপজীবিকা, যাহার অপ্রতুল হইলে দেশ মধ্যে হাহাকার শব্দ উথিত হয়, তাহার প্রতি অনবহিত থাকা কতদূর কল্যাণ-কর, তাহা সহজেই বোধ হইতে পারে। সৌভাগ্যের বিষয় এই, আমাদের জন্মভূমি ভারত-বর্ষের মৃত্তিকা সাতিশয় উর্ব্বরা; নিতান্ত অযুত্নে বীর্ক ছড়াইলেও উর্বরতা গুণে তাহা একেবারে নিক্ষল হয় না। যদি এদেশের কৃষিকার্য্য ইংলপ্ড প্রভৃতি **(मर्भेत नाम कर्य माध्य इहेड, डाहा हहें ल आमा-**দিগকে নিশ্চয়ই বিদেশীয়দিগের মুখাপেক্ষা করিন্তা চলিতে হইত। বস্তুতঃ এদেশের রুষকদিগের কার্য্যগতিকের পর্য্যালোচনা করিলে এমত উপলব্ধি হয় না যে, ইহারা নিজ শ্রমার্জিত শস্যুগারা খন্য-ত্রের অভাব মোচন করিবেক এব্বপ অভিপ্রায় রাখে। यिन अदम्भीयदमत ভूमिकर्षण अवानी छेव्क्रके इरेड এবং রীতিমত চাস কার্যা সম্পাদনে ইহাদিগের মানসিক প্রবৃত্তি থাকিত, তাহা হইলে স্বভাবতঃ উব্বরা ভারত ভূমিতে, যে অপর্য্যাপ্ত শদ্য উৎপন্ন হইত তাহা আর বলিবার অপেক্ষা রাথে না।

এদেশীয় উচ্চজ্রেণীস্থ লোকের। ক্লবিকার্য্য পরি-ত্যাগ করিয়াছেন বলিয়া পুর্বতন আর্য্যগণেরও

(य, এ विषए इंडाम्त हिल, वा उँ। इतिकार्सा व्यमत्नार्याभी हित्नन, अभे वना याहेरा भारत সোণার ভারতবর্ষে কোন্ বিষয়ের ক্রতী :ছল ? এক দিন' যে, ইহাতে ক্লুমিবিদ্যার বিলক্ষণ চর্চ্চা ছিল, কুবিশাস্ত্রের উৎকর্ষের জন্য এক দিন যে, ভারতবর্য-বাদিদিপের মস্তিক সঞ্চলিত হুইয়াছিল, তাহার প্রমাণ অগ্নি-পুরাণ, মন্ত্র-সংহিতা, ত্রন্ধ-পুরাণ, 'রভারত্নাকর, ভুতাচিখামণি, দীপিলা প্রভৃতি এন্থে বিদ্যান্ত আছে। তদ্বির পরাশর ক্তুত ক্লবি-সংগ্রহ **নামক পুত্তকত ভাছার দুউা**ত ত্রণ। ঋষরা স্বহন্তে ভূমিকর্ষণ ও জল মেচন প্রসূত কার্য্য कतिया अरे आधारम त्रुकाणि छेटशानन कतिएतन। আমাদের পবিত্র তীর্যস্থান কুরুক্ষেত্র নামক্বিস্তীর্ लूमि, महाताख कुतः यह उट हान कति वाहि एन । বিশেষতঃ নিম্ন লিখিত স্লোকে কুখি-বিষয়ে প্রচৌন আয়োগণের গাঢ়তর ভক্তির ভাব স্পাইতঃ প্রকাশ রহিয়াছে।

জন্নং প্রাণা বলগোন্ন মন্নং সর্ব্বার্থ সাধকং।
দেবাস্থর মনুষ্যাশ্চ সর্ব্বে চালোপ জানিনঃ।।
জন্মন্ত ধান্য সম্ভূতং ধান্যং ক্রম্যা বিনা নচ।
তন্মাৎ সর্ব্বং পরিত্যজা ক্রমিং যত্নেন কার্য়েং।।
ক্রমির্থন্যা ক্র্মের্যো জন্তনং জীবনং ক্রমিঃ।
হিংসাদে দোষ যুক্তোপি মুচ্যতেইতিথি পূজনাং।

প্রাচীনেরা কৃষিকার্য্যের প্রতি এই প্রকারে ভক্তি,

যত্ন ও সমাদর প্রদর্শন করিয়া গিয়াছেন; তথাপি কালের এমনি দোষ, আমাদের এমনি অর্বাচীনতা, যে আমরা সেই স্থথের ব্যবসায় একেরারে পরিত্যাগ করিয়াছ। একবার ভ্রম ক্রমেও সেই জীবন স্বৰূপ কৃষির প্রতি অনুরাগ প্রদর্শন করি না। আমাদের নিশ্চেফতার কথা অধিক কি বলিব। আমুরা এত-पृत है हे उना विश्लोन (य, किश्ल है किशा) रिनशारेशा निरम् आमता आमारमत উन्नजित পध দর্শন করিতে সমর্থ হই না। ভারতবর্ষে কুষিকার্যোর তুরবস্থা দর্শন করিয়া ক্রষি প্রবৃত্তি সম্বর্জনার্থে মহাত্রা किति मारहरवत आर्थनाचुमारत इंखे देखिश क्लामा वार्षिक महत्य प्रुपा मान कतिएं अभीकात करतन। এই সহত্র টাকা উপলক্ষ করিয়া এক সমাজ সংস্থাপিত হয়। তৎকালে সহকারী সেকে-টরী মান্যবর হোলতি সাহেব ঐ সভার অফ্লীকার পত্র বিশেষ যজের সহিত ঘোষণা করেন। ভাহাতে কুষি সমাজের উন্নতি সাধনের অভিপ্রায় অতি স্পর্কী:-করে প্রকাশিত হইয়াছিল। কুষিসমন্ধীয় এ সভা স্থাপিত হইলে, সভার সম্পাদক উইলিয়ম লেস্তর मार्टिन, उ:९कालिक भदर्गत लर्ज यामहक्षे मरहामरमञ् সমীপে নেহ প্রার্থনা করিয়াছিলেন, তিনি তদ্ধগুই তাহা পূর্ণ করেন। অধিক কি তিনি এবং তাঁহার সহধর্মিণা সেই সময়ে সমাজের প্রতিপালকের পদ গ্রহণ করেন এবং সমাজকে বিশেষ উন্নতও করিয়া-ছিলেন। এই প্রকারে ভারতবর্ষীয় কুষিসমাজ

সংস্থাপিত হইয়া তাহার শ্রীর্দ্ধিও হইয়াছিল, কিন্তু চুর্ভাগ্য বশতঃ ভারতবর্ষে কৃষির উন্নতি হয় নাই।

১৮৩৫ খ্রীঃ অব্দে যথন ভারতবর্ষের পরম হিতকারী লর্ড উইলিয়ন্ বেণ্টিক্ক মহোদয় স্বদেশে যাত্রা
করেন, তথন তিনি স্ব মুথে ব্যক্ত করিয়াছিলেন,
''এদেশে অন্যান্য বিদ্যার যেমন অপ্রাচুর্য্য, তেমনি
কৃষি বিদ্যারও অপ্রাচুর্য্য দৃষ্ট হয়। আমে এই
অ্প্রাচুর্য্য দর্শনে কি প্রয়েন্ত ছুংথিত হইয়াছি, তাহা
প্রকাশ করিতে পারি না। ভারতবর্ষের চতুর্দ্দিক
নিরীক্ষণ করিলে ইহার তিনটা চিহ্ন লক্ষিত হয়।
ফলে সে অন্য কিছুই নহে, দরিদ্রতা—অপর্কটতা—
অপমানিতা। এই সকল দোষের প্রতিকারার্থ অন্য
কোন মহৌষধ দেখা যায় না, একমাত্র আছে
তাহার নাম জ্ঞান—জ্ঞান—জ্ঞান।"

बहे श्रकारत मारहरतता जात्रवर्र्य कृषि श्रवृत्ति
भःवर्ष्क्तनार्थं विस्तृत श्रवाम शान, किन्छ आमता बमनह
ध्वकर्ष्मण रय, यकार्या मायरनत ममूचि छेशांत्र मरद्व छ
ध्वम हहेशा तिहलाम। हेशा कि मायात्र आरकरश्त विषय !!! ध्वम्यक्तिमीय छेक्रर्ण्याच्य मञ्चास्व
महामरम्नता यक्ति कृषिकार्यात छेन्नि वर्ष्करन यज्ञवान
हहेरा, कृषक निगरक हजानत ना कृतिया छिल्माहिल
क्तिराजन, जाहा हहेरल वाय हम जात्रवर्षत्र ममाकि
धाता धात्रवर्षत्र नाम कृहे जिन्नी क्रिया स्

ভয়ানক লাভ করিয়া গিয়াছেন, তাহা কাহারও অজ্ঞাত নাই।

ু বর্ত্তমান সময়ে সকল শ্রেণীর শিক্ষিত ব্যক্তিরাই গবর্ণমেণ্টের চাকরির জন্য লালায়িত। বিদ্যালয়ে প্রবেশ করিয়াই তাঁহারা চাকরি লাভের আশায় অধায়ন করিতে আরম্ভ করেন। বিদ্যালয় পরি-ত্যাগ করিয়া চাকরির জন্য বিদেশে অস্বাস্থাকর স্থানে গমন করিতে বাধ্য হন। যদি ক্লুষির প্রতি বিরাগ ना थाकिত, यपि क्रियकार्यातक धनमात्नत कार्या বলিয়া জ্ঞান না করিতেন, তাহা হইলে এত চুর্দ্দশা ঘটিত না। চাকরিতে আমাদের যে সুখা, এক জন সামান্য কুষক তদপেকা নিশ্চিত্ত মনে ও সুথে থাকে। তবে কোন্থ পদে স্থুখ থাকিতে পারে 'সত্য, কিন্তু চাকরিতে সেকুপ সৌভাগ্য কজনের ঘটে? ফলতঃ কুষিকার্য্য দ্বারা যে, চাকরি অপেক। অধিকতর স্থা-সম্পত্তি লাভ করিয়া স্বাধীন ভাবে থাকা যায়, তাহা সকলেই মুক্তকণ্ঠে স্বীকার করিবেঁন। অথচ কোন শিক্ষিত লোকই দেই কার্য্যে প্রবেশ করিতে চান না। নিতাম হীনাবস্থার অজ্ঞ ইতর লোকেরাই কুবি ব্যবসায়ী হইয়াছে। তাহারা অমার্জিত স্বভাব এবং বুদ্ধি দারা যাহা করিতে পারে, তাহাই হয়। স্কুতরাং কৃষি কার্যাের দিনহ হানাবস্থাই ঘটিতেছে। এই সকল দেখিয়া শুনিয়াও আমাদের জ্ঞান হইতেছে না ইহাই অধিকতর चाम्हर्या, धना चामात्मत अवृद्धि !!!

ক্ষিবিষয়ক সাধারণ জ্ঞাতব্য বিষয়।

১। বীজ ভূমিতে রোপণ করিলে জল, বায়ু এবং উন্তাপের পরিমাণানুসারে তাহা অঙ্কুরিত হইয়া চারা জন্মিয়া থাকে। বাহার যে প্রকার স্বভাব. মৃত্তিকা, জল, বায়ু, উত্তাপ প্রভৃতি সমন্ম রাথিয়া তাহরে প্রতি সেই প্রকার বাবস্থা নির্দিট করিতে পারিলে নিশ্চই ক্যিকার্যের উন্তি সাধন করিতে পারা বায়়। স্বভাবের বিরুদ্ধ বাবস্থা হইলে কথনই বাঞ্জিত ফল লাভে সমর্শ হওয়া যায় না। অতএব উদ্ভিজ্জাদিপের স্বভাব পরিজ্ঞাত হওয়া নিতান্ত আব্দাক।

২। ধায়ু এবং উত্তাপের ন্যানাধিকা যেমন অঙ্কু-রোৎপাদনের বিল্লকারক, চারার পক্ষেও সেইকাপ দীড়াদারক। অর্থাৎ চারার স্বভাব অপেকা তাহাতে বায়ু বা উত্তাপের ন্যানতা বা আধিকা ঘটিলে চারার পত্র পাঞ্হর্ব, পল্লব ক্ষুদ্র, শাখা শুদ্ধ ও তাহাহইতে রস-নির্গত হইয়া থাকে।

৩। নীর্ম এবং উত্তাপিত ভূমিতে বীজ বপন ক্রিলে তাহা কথন অফুরিত হইবে না।

৪ । বীজ অতি ক্ষুদ্র ইইলে রোপণ সময়ে ভাহার উপর অতি পাতলা করিয়া মৃত্তিকা চাপা দেওয়া উচিত। নতুবা অঙ্কুরোৎপাদনের ব্যাহাত হয়।

^{*} শীতবাতাত দৈরোগো যারতে পাওুপাএত(१। অবুদ্ধিত প্রবালনোৎ শাখাশোবোরসঞ্জি। দুরু, সং।

বৃহৎ বীজ হইলে কিছু অধিক মৃত্তিকা চাপা দিলেও । হানি হয় না।

৫। যে সকল বীজ অধিক জল বায়ু সহা করি-তে পারে, তাহাদিগকে বর্ষাকালে এবং যাহারা অধিক জল লাগিলে পচিয়া যায় তাহাদিগকে শীত কালে রোপণ করা বিহিত।

৬। সকল প্রকার পুরাতন বীজ চুণের জলে ভিজাইয়া কিয়া অগ্রে শুদ্ধ জলে ভিজাইয়া পরে দুঁটের ছাই সংযুক্ত করিয়া রাখিলে শীঘ্র অস্কুর জন্মে।

্ণ। ব্জ ব্দিন ও চারা রোপণ করিবার পুর্বের ভূমির ক্র্যাদি কার্য্য শেষ ক্রিয়া উত্তম পাটি করা কর্ত্তব্য।

৮। উৎপাদিকা শক্তি রুদ্ধি করিবার জনা ক্ষেত্রে সার দেওয়া অতি আবিশ্যক। সামান্য ক্ষির পক্ষে খোইল ও গোময়ের সারই যথেন্ট।

৯। বাজ বপন করিবরে পূরের লাজল ছার।
ক্ষেত্র খনন করিয়া সার ছাড়াইতে হয়। সায়ৎসারিক
চারা রোপণ করিতে হইলে ফেত্রে তিন বার সার
দেওয়া উচিত। (১ম) চারা রোপণের পূর্কো চাস
দিয়া এক বার. (২য়-চারা রোপণ সময়ে এক বার
(৩য়) চারা বড় হইলে এক বার.।

> । বর্ষাকালে চারার মূলে সার দিলে ভাষা রুফিরি জলে ধৌত হইরা যায়, সূতরাং সে সার দেও-রায় কোন ফল দর্শেনা। এজনা ম্যাবা কাল্ডন মাসে চারার মূলে সার দেওয়া কর্ত্রাটা ১১। চারার সার দিতে হইলে কেবল মুলে না দিয়া, তাহার চারিদিগে কিয়দ্রের মৃত্তিকায় দেওয়া উচিত।

২২। কোন চারার মুলে সদ্য গোময় দেওয়া কর্ত্তব্যনহে। পচা গোময় সার্জ্বপে ব্যবহৃত হইয়া থাকে।

১৩। ফলোৎপাদক রক্ষের মূলে উহার মুকুল 'হইনার পূর্বের দার দিয়া মূলস্থ মৃত্তিকা সরস রাখিতে পারিলে এবং পরে ফল হইলে সেই ফল বাক্ষিয়া সূর্যোগ্রাপ হইতে আচ্ছাদিত করিয়া রাখিলে ফল বড় হয়।

১৪। গোরু ও ঘোটকের মল বিক্নত হইয়া মৃত্তিকা ৰূপে পরিণত হইলে, তাহাকে কাস মৃত্তিক। বলে। কৃষি মাত্রেই কাস মৃত্তিকা উপকারী। ইহার সংযোগে ক্ষেত্র বিশেষ উর্বরতা গুণ প্রাপ্ত হয়।

>৫। ঘণ ঘাস বিশিষ্ট স্থানের চপেড়া কাটিয়া স্থূপাকারে রাখিলে সেই স্তূপের পরিশুষ্কাবস্থা উন্তর্ম উব্দরা মৃত্তিকা মধ্যে গণনীয়।

১৬। নদী বা খালের কুলে যে পলি পড়ে, তাহার উৎপাদিকা শক্তি অত্যন্ত অধিক।

১৭। অনুৎপাদক ভূমির মৃত্তিকা খনন করিয়া পোড়াইলে অনেক উপকার দর্শে। চিক্কণ মৃত্তিকা রীতিমত পোড়া হইলে তাহার কাঠিনা ও জল ধারণ শক্তির লাঘ্য হইয়া উব্বরতা রূদ্ধি হয়; এই কারণ যশতঃ এদেশীয় ক্ষকেরা ধানা ক্ষেত্রের ধান কাটা হইলে নাড়ায় অগ্নি লাগাইয়া ক্ষেত্রের মৃত্তিকা পোড়াইয়া থাকে।

১৮। প্রাচীন দেওয়ালের মৃত্তিকা ক্ষেত্রে দিলে ক্ষেত্রের উর্বরতা অত্যন্ত রৃদ্ধি হয়।

১৯। এক জাতীয় শন্য ক্রমাগত জ্মিলে মৃত্তি-কার উর্বারতা নফ হয়। এজন্য সময়ে ২ ভূমিতে ভিন্ন জাতীয় শন্য ও সার দেওয়া কর্ত্বা।

২০। বায়ুর সংস্রবে মৃত্তিক। বিশোধিত হয়।
এনিমিত বর্ষান্তে অর্থাৎ কার্ত্তিকাদি মাসে, অথবা
প্রীয়া কালে একবার ও রুটিপাত হইলে আর একবার মৃত্তিকা খনন করিয়া উল্টাইয়া দেওয়া কর্ত্বা।
তাহা হইলে রৌদ্র ও বায়ু লাগিয়া মৃত্তিকা শুদ্ধ হয়,
মৃতরাং রুক্ষের মূল বা আন্তরিক রস প্রভৃতি যে
সকল কারণে ভূমি অনুৎপাদক ছিল, তৎসমুদায়
বিনফ হইয়া ভূমির অসাধারণ উর্বরতা জন্মে।

২১। চারা জিঝিলে মধ্যেই চারার মূলত্ব মৃত্তিকা আল্গা করিয়া দেওয়া উচিত।

२२। উদ্ভিজ্জ দিগের স্বভাবানুসারে যে ঋতু যে প্রকার উদ্ভিজ্জের জন্মকাল নির্দিট আছে, সেই ঋতুতে সেই উদ্ভিজ্জ উৎপাদন নিমিত্ত যত্ন পাওরা উচিত; অন্যথা যত্ন সফল হয় না। বর্ষার ফসল হইলে বর্ষার পূর্বের অর্থাৎ বৈশাথ জৈটে মাসে এবং রবি কসল হইলে আশ্বিন বা কার্ত্তিক মাসে মৃত্তিকা সরস থাকিতে২ চাস দিরা বীজ্ঞ বপন করা উচিত।

্ ২৩। চারার মূলস্থ মৃত্তিকা সরস রাথিবার নিমিত্ত জল সেচন আবশকে।

২৪। রুফির জল কোন উনত-স্থান ইইতে আ-,
সিয়া বে স্থানে কাণকাল অবস্থিত ইইবা অধাগত
হয় সেই স্থানের মৃতিকা পলি পড়িয়া অতান
তেজন্ত্রী হয়। স্ত্রাং তথায় উদ্ভিক্ত সকল শীঘ্রহ
প্রিক্রিত ইইয়া উঠে।

্ ২%। নথার ভটত্ত ভূমি নিয়ত স্থাতে প্রাবিত হইলে ভাষ্টাতে কোন চারা জামতে পারে না। এজনা সেরপ স্থানে বাঁধি বাহ্মিয়া প্লাবন নিবারণ করা কন্তবা।

২৬। কোন বৈদেশিক চারা রোপণ করিতে হইলে তাহার জন্ম সানের উত্তাপের সহিত সেই স্থানের উত্তাপ সমন্ত্র করা অতি কর্ত্রা।

২৭। ছারা দ্বারা চারার উত্তাপের ন্যুনতা ঘটি-লে উহা কেবল ক্ষাত হইয়া শ্বেতবর্ণ ও বৃহদাকার বিশিষ্ট হয়। একপ রুফে ফুল ও ফল উৎপন্ন হয় না। কোন উপায়ে যদিও ফুল উৎপন্ন করিতে পারা যায় কিন্তু তাহা সম্পূর্ণ বিকশিত হয় নাও ভাহাতে প্রকৃত গল্প থাকে না। অভএব রুক্ষের উত্তাপ রক্ষা করা অত্যাবশাক।

২৮। চারার রৃদ্ধিশীলাবস্থার মৃত্তিকাকে প্রচুর রসে পরিপূর্বাথা কর্ত্তব্য।

্ ২৯। মৃত্তি চার নিম্নে ইফীক নির্ম্মিত কোন পদার্থ থাকিলে সেই স্থান সর্বাদা পরিশুক্ষ থাকে। স্কুতরংং ভদ্দেপ স্থানে চারা রোপণ কর্ত্তব্য নহে; করিলে ভাহা । রসাভাবে শুক্ষ ইইয়া যায়।

৩০। চারা রোপণ সময়ে এপ্রকার স্তর্ক থাকা আবেশ্যক, যেন মুন্নের শীমা অতিক্রম করিঁয়া চারার কাণ্ড মৃত্তিকা-গর্ভে প্রোথিত না হয়।

৩১। কোন কারণে রুফের ফল জ্মিবার ব্যা-ঘাত ঘটিলে, সেই রুফের শাখা কিংবা চোকের সহিত তজ্জাতীয় চারার কলম ক্রিলে, অবশ্য কল হইবে।

৩২। চারা রোপণ সময়ে তাহাদিগকে উপযুক্ত অন্তরেহ রোপণ করা উচিত। কারণ চারা সকল ব্যাহ প্রতিল তাহাদের পূর্ণবিস্থার সময় প্রস্পার সংস্পর্শ হইয়া নিপাড়িত হয় এবং তজ্জনা ভাগিক্প ফল মূল জ্মিতে পারে না*।

৩৩। রহজ্জাতীর রক্ষের চারা সকল প্রস্পর
২০ হস্ত অন্তরে রোপণ করাই উত্তন কপ্পু, তাহাতে
অস্তবিধা থাকিলে ১৬ হস্ত, ন্যুন কপ্পে ১২ হস্ত
পর্যান্ত অন্তর রাথিয়া রোপণ করা যাইতে পারে।
ইহার কম হইলে গাছ নিম্ভেক হইয়া পড়ে †।

অভ্যাস জাতা স্কর্বং সংকর্শার: পর্ফারং।
 পরৈ মূলৈক ন ফলং সংযুক্ গ্রন্থ পাঁড়িতা।।

[†] উত্তম হিংশতিইন্তা মধ্যম ধ্যাড়শান্তর । ভামাং দ্বানাত্তর কর্মাৎ বুক্সাগাৎ দ্বাদ শান্তর ॥ র, সং।

জল সিঞ্চনের আবশ্যকতা এবং জল সিঞ্চন প্রণালী।

উদ্ভিজ্জদিতেগর পরিবর্দ্ধনার্থ জল অতি আবশ্য-কীয় পদার্থ। জল-বিহীন ক্ষেত্রে উদ্ভিক্ত সমূহের উৎপত্তি সম্ভাবিত নছে। তথায় বীজ উত্তাপিত হইয়া অঙ্গুরিত হইতে পারে না। কদাচিৎ হইলেও রস প্রাপ্তির অভাবহেতু কথন তাহার রূদ্ধি হয় না। উষ্ণ দেশের বালুকাময় নীরস-ক্ষেত্রে এরপ ঘটে যে, বর্ষাকালে উছিজ্জ উৎপন্ন হয়, কিন্তু বর্ষার শেষ অথবা সঞ্চিত জল বাষ্পাকারে পরিণত হইয়া निः শেষিত इरेल, ये উৎপন্ন উভিজ্ঞাও ক্রমে নিস্তেজ এবং শুদ্ধ হইয়া যায়। অতএব জল না পাইলে যে, উদ্ভিজ্ঞ পরিবর্দ্ধিত হইতে পারে না, তাহা প্রমাণার্থ বছল প্রয়াস অনাব্দ্যক। স্বভাবতঃ সরস ভূমিতে জলের অভাব ঘটিলেই শসাদির উৎপত্তি বিষয়ে ব্যাঘাত ঘটিয়া থাকে। বহু উৎ-পাদিকা-শক্তি-বিশিষ্ট এই ভারতবর্ষের মধ্যে এমত কত স্থান আছে. যে থানে অপরিমিত শস্য জনিতে পারে, কিন্তু জল প্রাপ্তির তাদুশ উপায় না থাকায় মরু ভারাপন্ন হইয়া রহিয়াছে। यদি কোন উপায়ে তথায় জল সঞ্ারিত করিতে পারা যায়, তাহা হইলে সেই অনুর্বরতা গত হইয়া, এত শস্য জন্মে যে, তाहा मन्तर्भन क्रिंतरल त्रमशैष উদ্যানের শোভা লক্ষিত হইবে। ফলতঃ জলই উদ্ভিজ্জের জীবন স্বৰ্প। এই নিমিত্ত যে দেশে তাদৃশ বৰ্ষা হয় না অথবা ক্ষেত্ৰে জল প্ৰাপ্তির তাদৃশ নৈসর্গিক উপায় নাই, তত্ৰতা অধিবাসিগণ অতি পূৰ্ব্ব কাল হইতে তংপ্ৰতিবিধান করণ পূৰ্ব্বক, প্ৰয়োজন সিদ্ধির জন্য নিজহ কৌশলোদ্ভাবিত উপায় অবলম্বন করিয়া আসিতেছে।

মিদর দেশে কদাচিৎ রুফি হয়। মিদর বাদীরা नीलन (नत्र वार्षिक क्षावन (निथान) जल निश्न (नत्र আবিশ্যকতা স্থির করিয়াছিল, এবং উক্ত দেশে যে, জল সিঞ্চনের বহুল প্রচার ছিল, তাহা প্রাচীন খাত-খাল ও হ্রদাদির অবশেষ-চিহ্ন দ্বারা স্পাষ্ট বোধ হয়। তাহাদিগের জল সিঞ্নের নানা প্রকার যন্ত্রের ব্যব-হার ছিল। তংসমুদায় পদ দারা সঞ্গলিত[°]হই**ত।** এখনও মিসর দেশে ঐ প্রকার যন্ত্র দারা জল সিঞ্চন कार्या निकार बरेशा थात्क। जाराता नहीं रहेल জল তুলিয়া, এক রুহুৎ কুণ্ডে রাগে এবং ক্ষেত্রের চারিদিকে জল সঞ্জিত হইতে পারে, এরপ পর-নালা প্রস্তুত করিয়া ঐ কুণ্ডের সহিত সংযুক্ত করে। পরে আবশ্যক হইলে, কুণ্ডের দার মুক্ত করিয়া দেয়! তাহাতে জল वहिश्व हरेशो. नाला हाता काळा সঞ্চালিত হয়। কুষকেরা প্রয়োজনোপযোগী জল লইয়া পুনরায় কুণ্ডের দার রুদ্ধ করিয়া দিতে পারে।

আমাদের দেশে জলসিঞ্চন কার্য্যে ডোঙ্গা-কলের অধিক ব্যবহার স্বাছে। ডোঙ্গাকলে জল সিঞ্চনের

প্রণালী এই,—পুষ্করিণী বা নদীর তীরে পরস্পর কিছু অন্তর রাখিয়া পাশাপাশি ৰূপে জুইটা শুঁটা পুতিতে ठत । श्री छुडेगित माथात शांक कारा, वे शांखत, উপর একটা বাঁশ এড়ো ভাবে রাথিয়া একপে বান্ধিতে হয় যে, তাহা পার্শ্ব পরিবর্ত্তন করিতে পারে। অনত্র আর একটা লয়া বাঁশের এক প্রাত্ত জলের ,দিকৈ এবং অন্য প্রান্ত ক্ষেত্রের দিকে রাথিয়া পূর্ণেরিক্ত বাঁশের মধ্যস্থলে সম্বন্ধ রাখিতে হয়। কেত্রের দিকে বাঁশের যে অংশ, তাহার প্রায়ে কোন শুরুতর ভার বিশিষ্ট দ্রবা বান্ধা থাকে, আর জলাভি-মুখা অংশের প্রাত্তে, অপেকাকুত সকু একটা বাঁশ নীচের দিকে ঝুলাইয়া বাল্লিতে হয়। এই লেবোক্ত বাঁশের নিল্ল ভাগে ডোলার প্রশ্য সুখ দুচ্তর্রপে সমৃদ্ধ রাখিয়। ভাঞান্ড মুখ জলাশ্যের তটে সংলগ্ন রাথিতে হয়। ডেলেরে অপ্রশন্ত প্রায়ের যে স্থানে সংযুক্ত থাকিবে, তাহা এন্ধপ হওয়া উচিত বে, ডোঞ্চার জল সেই ভানে সরির। পড়িবা মতে নাল। দ্বারা স্থবিধা মত ক্ষেত্রে সঞ্চানিত হইতে পারে।

ভোক্সা, উভয় খুটার মধ্যদিয়া জলাশয়ের কিরন্দ্র পর্যান্ত আসিয়া পূর্ব্বোক্ত বাঁশে সংলগ্ন থাকে এবং পার্শে মাচার ন্যায় বান্ধিয়া ততুপরি এক জন লোক দাঁড়ায়। জল তুলিবার সময় ঐ ব্যক্তি ডোক্সার মুথ-সংলগ্ন বাঁশ নীচে চাপিয়া ডোক্সাকে জলমগ্ন করতঃ ছাড়িয়া দেয়। চাপিয়া ধরিবার সময় পূর্ব্বোল্লিথিত লখা বাঁশটীর ক্ষেত্রাভিমুখা প্রান্থ উন্নত ও জলাভিমুখী প্রান্তনত হয়। আর ছাড়িয়া দিবামাত্র গুরুতর ভার বন্ধ থাকায়, বাঁশটী জলপূর্ন ডোঙ্গাকে সজোরে টানিয়া তুলিয়া ক্ষেত্রের দিকে নত হইয়া পড়ে। ভাহাতে ডোঙ্গার মুথ উন্নত হহয়া উঠে এবং অনায়াদে জল সরিয়া ক্ষেত্রের দিকে যায়।

কুপ হইতে জল সিঞ্চনের আবশ্যক হইলে, এই প্রণালীর একটু পরিবর্জন করিলেই কার্য্য সিদ্ধি হইতে পারে। উপরে যে সক্ত বাঁশটার কথা বলা-হইয়াছে, তাহার নিম্নে একটা বাল্তি সমুদ্ধ রাগিতে হয়; ডোক্সা স্বতন্ত্র থাকে। পরে পূর্বোজ্ঞ কৌশলে বাল্তিতে জল তুলিয়া, ডোক্সায় ঢালিয়া দিতে হয়। এই মাত্র প্রভেদ, নতুবা আরে সফল্ই পূর্বের ন্যায়।

এদেশে দিউনীর ব্যবহারও অত্যন্ত প্রচলিত আছে। দিউনীতে জল দিঞ্চন করিনার নিমিত্ত ছই জন লোকের আবশ্যক। উহার প্রশন্ত প্রান্তের ছইকোণে ছই গাছি ও দরু প্রান্তে ছই গাছি দড়ি বাস্থা থাকে। পরে ছই জন লোক দিউনীর ছই পার্শ্বে দাড়ায় এবং উভয়ে আপনাপন দিকের ছই-গাছি দড়ি, ছই হস্তে ধরে। ধরিতে কটা না হয়, এজন্য দড়ির প্রান্তে হাণ্ডেল বা তাদৃশ স্থবিধাজনক কোন জব্য বন্ধ থাকে। অনন্তর দিউনীকে জল্মা করিয়া ছইজনে ঝুঁক দিয়া ভীরের দিকে জল্মা করিয়া ছইজনে ঝুঁক দিয়া ভীরের দিকে জল্মা করিয়া ছইজনে ঝুঁক দিয়া ভীরের দিকে জল্মা

উচ্চ হয় যে, ঝুঁক দিয়া ততদূর জল উঠান না যায়, তাহা হইলে তারের মাটি লাটিয়া মধ্যে একটা কুণ্ড প্রস্তুত করে। 'পরে ছই জনে দেই কুণ্ডে জল ঘোগায়, আর ছই জনে কুণ্ড হইতে জল তুলিয়া কেতের দিকে নিকেপ করে। উপরে জল দিঞ্নের যেই উপায় লিখিত হইল; তাহা শস্য কেতের পক্ষেই প্রশস্ত। শস্য কেতের পক্ষেই প্রশস্ত। শস্য কেতের প্রক্রে জলদারা কেত্রকে প্রাবিত করা হইয়া থাকে। কিন্তু শাক্ষ্বর্জি বা পুস্পোর উদ্যানে উক্তরূপে জল-দিঞ্চন প্রায় আবশ্যক হয় না। আর তাহাতে অনেক সাবধানতার প্রয়োজন। স্ক্তরাং তলিমিত্ত যে পৃথক ব্যবস্থা আছে, নিদ্ধে তাহা উল্লেখ করা যাইতেছে।

শাক্ সবজি বা পুপের উদ্যানে প্রচুর জল প্রবেশ করাইয়া ক্ষেত্রকে একেবারে প্লানিত করা নিতান্ত হামিজনক। উহাতে বোমা বা তাদৃশ সূক্ষ ছিদ্র বিশিষ্ট পাত্র, জল পূর্ণ করিয়া ক্ষাণ ধারায় জল সেচন করিতে হয়। প্রবল ধারায় জল দিলে, চারার মূলে গর্জ হইয়া তাহাকে বিনষ্ট করিয়া কেলে। অপর, ক্ষেত্রে বীজ বপন করিয়া অধিক জল সেচন করিলে, সেই জলে বীজ মাটির অধিক নীচে পড়ে, বিশেষতঃ জলের উপযুক্ত পরিমাণ না হওয়াতে বীজের অত্যন্ত হানি হয়; এমন কি তাহাতে বাজ একেবারে নফ্ট হইয়াও যাইতে প্লারে। অত্রব বীজ বপনের পর অধিক জল সিঞ্চন অকর্ত্বয়;

কেবল অঙ্কুর বাহির হইবার উপযুক্ত জল দিলেই যথেফ হয় । বীজের অঙ্কুর এবং শিকড় উদ্গৃত 'হইয়া সে**ই স**কল শিক্ত যেমন অঞ্পেং মাটির নীচে প্ৰবেশ করে, দেইৰূপ হিসাবে অৰ্থাৎ অম্পথ মাটি ভিজিবার উপযুক্ত জল দৈতে হয়। পরস্তু আবশ্যক মত জল না পাইলেও বীজ, শুক্ষ হইয়াযায় ও অঞ্র উংপল হয় না। অ**ত**এৰ জলের পরিমাণ সমান রাগিণার নিমিত্ত 'উৎকুট উপায় এই; জমীর মধ্যে চৌকার ধারেই যে সকল প्रानाना थारक, (महे मकन जनपूर्व कतिरलहे रहोकात मृज्जिका भत्रम थाकित्व। त्कवल **छेशरतत** মৃত্তিকা অপে ভিজা রাখিবার জনা উদ্যানীয় জল-यञ्ज घाता किक्षिप्र जन मिल्हे इहेरत। তाहारा ञिতिরিক্ত জল নিবন্ধন বীক্ত পচিয়া যাইবে না, অথবা জলাভাবে বশতঃ ব'জি শুক্ত হইবে না।

চারা জনাইবার জন্য গান্লায় বীজ বপন করিলে, ভাহাতে জুঠারে অটি ভিজাইয়া জনের ছিটা দেওরা উত্তন। রহজ্ঞাতায় রুক্ষের চারার মূলে আল্বাল্ অর্থাৎ মালা বান্ধিয়া জল দেচন করা গিয়া থাকে। জল সেচন অপরাক্ষে করাই উচিত। রৌজের সময় জল সেচন করিলে চারার পক্ষে হানি হয়। এলি কালে প্রতি নিব্দ প্রতে ও অপরাক্ষে জল দেওয়া কর্ত্রা। ব্যাকালে রৃটির জলে চারার মূলত্ম মৃতিকা

সরস থাকিলে জল সেচন আবশ্যক হয় না। শীত-কালে সায়ং সময়ে জল-সেক করিতে হয়।*

মৃত্তিকা পরীকা।

মৃত্তিকা পরীক্ষা চাঘ কার্য্যের একটা প্রধান বিবেচ্য বিষয় । উদ্ভিজ্জ দিগের স্বভাবানুসারে মৃত্তিকা নির্ব্যাচন করিতে না পারিলে, চাষের সমুদায় পরি-শ্রেম বিফল হয়। কিন্তু প্রকৃত্ত্বপ পরীক্ষা দ্বারা মৃত্তিকা মির্ব্যাচন করা বড় কঠিন বিষয়। উহাতে রসায়ন বিদ্যায় জ্ঞান থাকা আবেশ্যক। সেরূপ স্থাম পরীক্ষা সাধারণের সাধ্যায়ান্ত নহে। আর ভাহার অনুষ্ঠানও গুরুত্র। অত্রব সামান্যতঃ যে প্রকারে মৃত্তিক। পরীক্ষা হইতে গারে, তাহাই এম্বলে উল্লেখ করা যাইতেছে।

মৃত্তিকা 'ছুই প্রকার, চিক্কণ অর্থাৎ এঁটেল ও বালি। যে মৃত্তকা জল ধারণে সমর্থ, শাঘ্র উত্তাপিত হয় না এবং টিপিলে অফুলিতে সংলগ্ন হইয়া যায়, তাহাকে চিক্কণ মৃত্তিকা কহে। আর যে মৃত্তিকা কোনক্রমে জল ধারণ করিতে পারে না, শীঘ্র উত্তাপিত হয় এবং টিপিলে অন্লি-সংলগ্নহয় না, তাহাকে বালুকা কহে।

^{*} দায়ৎ প্রাতম্ভ ঘর্মায়ে শীতকালে দিনায়রে। বর্ষার্ভে'ডু ভুক্দশোষে দেক্তব্যা রোপিতা ক্রমাণ॥

বিশুদ্ধ চিক্কণ মৃত্তি লায় বা নিরবজ্ঞিল বালিতে প্রায় কোন রুক্ষ জন্মে না। এই উভয়ৰিব মৃত্তিকার **मश्राश अर्थ हेड्डाल्ड महिल जुन्याना श्रेनार्थंड** সংস্রবে অতি কোমল ও হালকা নামা প্রকার মিশ্রিত মৃত্তিকা উৎপন্ন হউয়া থাকে। ক্রবি-কার্য্যের निभिन्न এই मिखिन मृखिकाई अधिक छेपारमः॥ তবে উদ্ভিজ্ঞদিগের স্বভাষামুসারে কোনই জাতির পক্ষে চিক্কণ মৃত্তিকার ভাগ অধিক, কোনহ জাতির পক্ষে বালর ভাগ অধিক এবং কোনহ জাতির পক্ষে উভয়ের সমভাগ থাকা আবশাক। যে সকল রক্ষের শাখানিশিকী-মূল, বছ্দুর পর্যান্ত বিস্তৃত श्रुता পড়ে, তাशांत्मत निमित्र विकाग मृत्रिकात **छो**त অধিক থাকে, এৰূপ ক্ষেত্ৰ উপবোগা, যথা আত্ৰ, নিচু ইত্যানি। যে সকল উদ্ভিজ্ঞের ফলেও কা**ং**ও জলের অংশ অধিক, তাহাদের চামে বালির অংশ অধিক থাকে, এৰূপ সৃত্তি গা উপযুক্ত। যেনন ফুটী, তর্জ ইত্যাদি ৷ অপর যে সকল উড়িজের কণ্ডি, मृत्तिनास আচ্চাদিত र्हेसा तु क्रि शास এবং वाहारमत মূল, কোমল ও সরস তাহাদের গক্ষে উক্ত উভয়বিধ মৃত্তিকার ভাগ পরিমাণ সমনে থাকিলে, উপযোগী र्श, यथा. यालू, मृत्री देकानि।

ভূমিতে চিক্কণ মৃত্তিকার কিবালির ভাগ অধিক আছে, তাহা নিৰূপণ ক্লযকের বিধেচনার উপর

^{*} ह्वीखुः भैनं हुकः।। १० विका। १० मः।

নির্ভর করে। তবে এই মাত্র বলা যাইতে পারে যে. ক্ষেত্রের মৃত্তিকা খনন পূর্ব্বক তাহাতে জল দিলে यिन किर्ति हाल वारका, जारे। रहेटन जाराट हिक्कन् মুক্তিকার ভাগে অধিক. আর তাহা না হইলে, বালির ভাগ অধিক আছে, বিবেচনা করিতে ইইবে। পরস্ত তাহাতে উভয়ে িৰূপ অনুপাতে মিশ্ৰিত, তাহা काना यात्रं ना। थे अञ्चलाত अञ्चलाता क्रिक कर्ता दर् কিটিন বিষয়। মনে কর তোমার এমন মৃত্তিক। আবশ্যুক যাহাতে তিন অংশ চিক্কণ মৃত্তিকা ও এক অংশ বালি মিশ্রিত আছে। কিন্ত তুমি যে স্থানের মৃত্তিকা পরাক্ষা করিতেছ, তাহাতে চিক্কণ মৃত্তিকার ভাগ অধিক আছে, এনপ ঠিন করিলে; কিন্তু কত অধিক অর্থাৎ তোমার প্রার্থিত তিন অংশ আছে, কি তাহা অপেকা কম আছে, তাহা তুমি किबारि दुविरत? कन्छः अवियस्त्रत अनुमान যাঁহারা অনৈক বার মৃত্তিকা পরীক্ষা করিয়া দেখিয়া-एकंन, उँ। इं। दिन तरे स्का रस, खुउन लादकत शरक কন্টকর। যত কার্যা করা যাইবে এবিষয়ে ততই স্থাম জ্ঞান জিলাবে। যাহা হউক পরীক্ষা দারা উহা স্থির করিবার উপায় এই, প্রথমতঃ যে স্থানের मृक्तिका भीतका कतिए इटेरन, सिट यान इटेरज কিয়দংশ শুষ্ক মৃত্তিকা আনিয়া ওজন করিবে। পরে তাহা অগ্নিতে পে:ড়াইয়া, দেই পোড়া মৃত্তিকা কোন পাত্রমধ্যে জলে গুলিবে। তাহাতে চিক্কণ মৃত্তিকার অংশ জলের সহিত মিশ্রিত এবং বালির

অংশ পাত্রের তলায় পতিত হইবে। অনন্তর ঐ ঘোলা জল আন্তে২ ফেলিয়া দিয়া, তলার সমস্ত বালি গ্রহণ পূর্বকে শুষ্ক করিয়া ওজন করিলে, ঐ মৃত্তিকায় কি পরিমাণে বালি ও চিক্কণ মৃত্তিকা মিশ্রিত ছিল, তাহা জানা যাইবে। আর পোড়া-ইয়া ওজন করার, পুর্বে পরিমাণাপেক্ষা যত ক্ম इरेटन, উहाटि मादन यश्म उठ छिल, निटनहर्मा. করিবে। মৃত্তিকায় প্রাণি-সার মিভিত থাকিলৈ, পোড়াইবার সময় তুর্গন্ধ বাহির হয় কিন্তু উদ্ভিজ্জ-সার মি শ্রত থাকিলে, তদ্রপ কোন ছুর্গন্ধ অনুভূত হয় না। উল্লিখিত প্রকারে পরীকা করিয়া, ঐ স্থানের মৃত্তিকায় বাঞ্ছিত অপেকা চিক্ক। মৃত্তি-कात अश्म कम मुखे हहेता. यना छान हहेतु চिक्का मृख्ति। এवर वालित अश्म कम मृखे इहेटल অন্য স্থান হইতে বালুকা আনিয়া মিশ্রিত করিবে। किस व विषय वक्का वहे या, अरमा विश्वक हिका मुखिका পाउरा हुर्यहे, आरहे नालि मिखिंड शास्त । অতএব মিশ্রণ কালে, বে বিষয়েও বিশেষ বিবেচনা করিয়া কার্য্য করিতে হইবে। অপর কোন স্থানের মুক্তিকার উর্বরতা সামান্যতঃ জানিবার ইচ্ছা হইলে, व्यथमण्डः ज्यास (य मक्न ज्यामि উদ্ভিक्त जाह्न, তাহাদের রৃদ্ধিশীলতা সন্তোষজনক কি না দেখিবে। কারণ তৃণজাতি স্বভাবতঃ উর্বেরা মৃত্তিকা না পাই-(ल, कथन (ज्ञावय इरेट भारत न। विजीयजः ঐ ক্ষেত্রের কিয়দংশ অত্যন্ত শুদ্ধ মৃত্তিকা ও কিছু

ভিজা মৃতিকা লইয়া, অঙ্গুল দারা টি.পিয়া দেখিবে।
যদি শুকাংশ সাতিশর কঠিন হয় এবং ভিজা অংশ
অঙ্গুলিতে এমত জড়াইয়া যায় যে, তাহা তুলিয়া,
কেলিতে বিশেষ ষত্ন পাইতে হয়, তবে সে মৃত্তিকা,
নিতাত অনুর্ফারা; তাহাতে ক্র্যি কার্য্য কদাচ উত্তম
হইবে না ৷ কিন্তু যদি মৃত্তিকাতে কিঞ্জিমাত্র আঠার
সঞ্জার থাকে, অথচ অঙ্গুলিতে দুঢ়কপে সংলগ্ধ হয়
না, তাহা হইলে সেই মৃতিকাকে উর্ফারা বিবেচনা
ক্রিতে ইইবে।

নার।

নার কুলি কার্যোর নিমিত্ত অতি আনশাকীয় সামগ্রী। ইতার সংযোগে ক্ষেত্রের উৎপাদিন শক্তি অতাত ক্রিত হত্তা থাকে। কিন্তু উদ্ভিক্তর সভাব ও চারার আনহা নিকেচনা করিয়া দিতে না পারিলে, ঐ সার কখন২ হানিজনকও হত্যা থাকে। যেমন মটারের প্রেচ ইছা হিতকারী না হত্যা বরং বিনাশকারী হয়। অন্যপ্রেচ ক্পিজাতীয় উদ্ভিক্ত, সার ভিন্ন কখন বাঁচিতে পারে না।

সার নানা প্রকার, তমধ্যে এদেশে উদ্ভিজ্জ-সার, প্রাণি-সার, এবং মিপ্রিছ-সার এই তিন প্রকার সার প্রচালত আছে। ধাতু-সার অতি প্রধান সার বটে, কিন্তু সার দেওৱার উপযুক্ত অধিকাংশ ধাতু এদেশে প্রাপ্ত হওৱা যায় না। যদিও চূর্ণ পাওয়া যার কিন্তু এই বঙ্গদেশের মৃত্তিকার বালির অংশ অধিক থাকাতে এদেশে চূর্ণপ্রায় সার কার্যো ব্যবহৃত হয় না। অতএব ধাতু সারের বিষয় পরিত্যক্ত হইল।

উডিজ্জ-সার।

হক্ষের শাখাপত্র প্রভৃতি পচিয়া অতি তেজক্ষর সার হয়। এই সার প্রস্তুত করিতে ছইলে, লতা, পাতা, ডাল প্রভৃতি একত্র করিয়া অপ্পেজল বিশিষ্ট কোন গর্ত্ত বা ডোবায় ফেলিয়া রাথিবে। তথায় ১২।১৩ মান পচিলে ঐ সকল সার্ক্তপে প্রিণ্ড ছইবে। কিন্তু অধিক জল থাকিলে শীঘ্র প্চিবেন।

রুক্ষের শাখাপত পচিয়া যে সার হয়, তাহার একটা দোষ এই যে, উহা চারার মূলে প্রদান করিলে, কয়েক প্রাার কীট জন্মিয়া কখন২ চারার কোমল শিক্ড কাটিয়া ফেলে। ত্রিমিন্ত রুক্ষ-মূলে উক্ত সার দিতে কিঞ্ছিৎ শক্ষা বোধ হয়, কিন্তু বোঁদ মৃত্তিকা দিলে ঐ আশক্ষা থাকে না।

যত প্রকার উদ্ভিজ্জ-সার নির্দ্দিউ আছে, তথাধা খোইল সর্বাপেক্ষা উৎকৃষ্ট। খোইল সংযোগে মৃত্তিকার উৎপাদিকা শাক্ত সমধিক বর্দ্ধিত হয়। সাম্বংসরিক চারার পক্ষে খোইল বিশেষ উপকারক। কিন্তু পরিমাণাতিরিক্ত হইলে ইহাদ্বার: চারার ক্ষতি হইবার সম্ভাবনা। প্রতি বিঘায় এক মন খোইল ছড়াইলেই যথেষ্ট হয়। থোইল ছড়াইতে হইলে, প্রথমতঃ উহাকে গুড়া করিবে, পরে এ গুড়ার সহিত যুঁটের চূর্ণ মিশ্রিত করিয়া চাষ দেওয়া ভূমিতে ছড়াইয়া দিবে। অনন্তর লাঙ্গল দারা যাহাতে থোইল চাপামাত্র পড়ে, একপে চাষ দিয়া জল দেচন পূর্বক মৃত্তিক। ভিজাইয়া দিবে। কয়েক দিন পরে পুর্মবার কিছু থোইল ছড়াইয়া চারা রোপণ করিবে। চারা বড় হইলে, আর একবার থোইল দেওয়া আবশ্যক। সর্ধপ, মিননা, তিল, ভেরণ্ডা প্রভৃতির থোইল উৎকৃষ্ট। বোইল সারে উদ্ভিক্ষ সমূহের কল বড় হইয়া থাকে। নীল কুষ্ঠার চৌবাচ্চায় যে দিটা পাওয়া যায়, তাহাও উত্তম সারমধ্যে গণ্য।

প্রাণি-সার।

প্রাণিদিগের চর্মা, মাংস, শোণিত, অন্থি, শৃঙ্গ, নথ প্রভৃতি বিকৃত হইয়া উত্তম সার প্রস্তুত হয়। এই সার প্রস্তুত করিতে হইলে, মৃতজন্তর শরীর মৃত্তিকা গর্ত্তে কেলিয়া, ততুপরি চুর্ণ ছড়াইগা দিবে। পরে উপরে মাটি চাপা দিয়া তুই তিন মাস তদবস্তার রাখিবে। অনন্তর তাহা তুলিয়া তুর্গন্ধ নিবারণ জন্য পুনর্বার চুর্ণ মিশ্রণ পুর্বাক কর্ষিত ক্ষেত্রে ছড়াইয়া দিবে।

প্রাণিদিগের অস্থি চূর্ণ করিয়া ক্ষেত্রে ছড়াইলে অপেক্ষাকৃত দীর্ঘ সময় পর্য্যস্ত ভূমির উৎপাদিক। শক্তি বর্দ্ধিত রাথে। কিন্তু অস্থিতালিকে অত্যন্ত চূর্ণ করা হইলে, প্রথম বৎসরেই অত্যন্ত উপকার পাওয়া যায়, তৎপরে উহার আর তাদৃশ তেজ থাকে না। অতএব অস্থি চূর্ণ করিবার সময় অত্যন্ত ক্রন্ধা অংশে বিভক্ত না করিয়া কিছু স্থূলং থগুরাথা কর্ত্বয়। ইহার সংযোগে মৃত্তিকা অত্যন্ত আলগা থাকে। শৃক্ষের গুড়া অস্থিচূর্ণ অপেক্ষা উৎক্রন্ট। যে ক্ষেত্রের মৃত্তিকা স্বভাবতঃ আল্গা ও উত্তাপিত, প্রাণি-সার তাহার পক্ষেই বিশেষ উপকারী কিন্তু যে ক্ষেত্রে চিক্কণ মৃত্তিকার ভাগ অধিক, তাহাতে এই সার অপে-ক্ষাক্রত অধিক পরিমাণে না দিলে উপকার দর্শে না।

মিশ্রিত-সার !

উদ্ভিক্ত-সার, প্রাণি-সার এবং ধাতু-সার এই তিবিধ সারের পরস্পর নিশ্রণে যে সার উৎপল্ল হয়, তাহাকে নিশ্রিত সার বলা যায়। আনাদের দেশে গো, মেয়, মহিয়, ঘোটক, গর্দভ, শুকর, কপোত, এবং কুকুট প্রভৃতি কতকগুলি প্রাণীর বিষ্ঠা নিশ্রিত সারের মধ্যে প্রধানকপে প্রচলিত আছে। ইহাদের মধ্যে গোময় ও অশ্ব-বিষ্ঠাই প্রসিদ্ধ। কিন্তু উহা টাট্কা ক্র্যিকার্য্যের উপযোগীনহে। গো বা অশ্ব বিষ্ঠা দারা সার প্রস্তুত করিতে হইলে, কোন মৃত্তিকা গর্জের অধ্যভাগ ইউকাদির ধারা বান্ধির। ভ্রমর একটী হনে অপেকাক্ত নিল্ল রাখিবে। ভ্রমর উক্ত

গর্ভকে গোবা অশ্ব বিষ্ঠায় পূর্ণ করিয়া কিছু দিন রাখিলে তাহা হইতে রস নির্গত ইইরা ঐ নিল্লাদকে দঞ্চিত হইবে, সার-কার্য্যে তাহাই ব্যবহৃত হইয়া, थारक। धेक्नतम जुलिया क्यांव छ छ। हेरल क्यांवत উৎপাদিকা শক্তি অত্যন্ত রূদ্ধি হয়। শুদ্ধ হইলে বা অত্যন্ত পচিলে গোময়ের তাদুশ তেজ থাকে না, এজন্য ছারা স্থানে গর্ত্ত করিবে এবং মধ্যেই তত্ত্পরি গৈ।মূত্র ঢালিবে। অন্ততঃ ছর মাস না প্চিলে সার ভাল হয়ুনা। এই সার কেত্রে ভড়াইবার পূর্বের ভূমি চ্যিয়া মৃত্তিকা চূর্ণ করতঃ লোই টানিবে। করিণ ক্ষেত্রের মৃত্তিকা সমান না করিলে, তরলভা প্রযুক্ত ইহা উচ্চতান হইতে গড়াইয়া নিল্ল নে সঞ্জিত হুইবে। স্কুতর,ং ভাহাতে ক্ষেত্রের সর্বস্থানের উপকার সাধিত হইগে না। গামলায় যে সকল চারা-জন্মনে যায়, ভাহাদের মূলে এইসার প্রদান করিলে তাহারা শীঘ্র বৃদ্ধিশীল হই। উঠে। গোমূত পচা-ইয়া তাহাতে থোইলের গুড়ামি শ্রত করিলে এক-প্রকার উৎকৃষ্ট মিশ্রিত সার প্রস্তুত হয়। তদ্ধরা মৃত্তিকার উর্বরত। শক্তির বিলক্ষণ প্রাথ্যা জন্মে। গোমুত্রের ন্যায় ঘোটক, গর্দ্দভ, মেঘ, মহিঘানির भूज ३ कृषि कार्र्या छेलकाती किस नमा भूरजत ८०% তুঃনহ, তাহা চারার মূলে প্রদান করিলে চারাদন্ধ-প্রায় হইয়া যায়। এজন্য উলা কলপে করিয়া িছু-मिन পहाई **ए इয়।** কোন নির্দ্দিউ পরিমাণের ক্রিন সারের সহিত তাহার তিনগুণ জল মিলিত

করিয়া কিছুদিন রাখিলে তাহাতে গেঁজা (বুদ্বুদ্) উঠিয়া যথন দেই গেঁজা পুনঃ মিশিয়া যাইবে, তথন একৰূপ তরল সার প্রস্তুত হয়। পচা গোময়, গাছের পচাপাতা, নদী তীরের বালি এবং সামাদ্য মৃত্তিকা এই চারি দ্রব্য সমান ভাগে মিশ্রিত করিয়া যে সার হয়, সেই সারে অধিকাংশ ফুলের গাছ, অতিশয় তেজাল হয়। কুরুট ও পারাবত জাতীয় পক্ষী-দিগের আবাস স্থান হইতে তাহাদের বিষ্ঠা লইয়া, যে সার প্রস্তুত হয়, পুস্পোদ্যানের পক্ষে তাহাও বিশেষ উপকারী।

কলম।

বীজ দ্বারা চারা জন্মাইলে তাহার ফলের গুণ তাদৃশ হয় না, তজ্জন্য কলমে চারা উৎপন্ন করিয়া ফল ও ফুলের উৎকর্ম দাবন করা হইয়া থাকে। কলম দ্বারা সাত প্রকারে চারা প্রস্তুত হয়। যথা (১) গুটিকলম, (২) মাটিকলম, (৩) যোড়কলম, (৪) শাখাকলম, (৫) চোক্কলম, (৬) চোক্কলম, (৭) জিহ্বাকলম। পরস্তু সকল প্রকার রক্ষ হইতে কলমে চারা জন্মান যায় না এবং সকল প্রকার কলমের প্রণালী সকল রুক্ষে সম্পৃত হয় না। রুক্ষ বিশেষে ভিন্ন ২

গুটিকলম।

গুটিকলম করিতে হইলে কোন শাখার তুই পত্র গ্রন্থির মধ্যন্থিত পর্ব (পাব) স্থানের চতুম্পার্শের, ছाल, हूर्तिका पात्रा किश्रमः न कार्छत प्रश्चि जुलिशा পরে পচা পাতার সার বা গোময় খোইল প্রভৃতির দার, অপ্প মৃত্তিকার দহিত মিশ্রিত করতঃ ঐ স্থানের চতুম্পার্মে গোলাকারে দিয়া তছ-প্রিছেড়া চট্ অথবা তৎসদৃশ অন্য আবরণ বাঞ্জিয়া দিবে এবং তাহার ঠিক উপরে একটা সচ্ছিদ্র ভাঁড় বুলাইয়া যাহাতে সর্বাদা বিন্তু২ জল পতিত হয় এমত বিধান করিবে। এই প্রকারে ছুই কি আড়াই মাস রাখিলেই বন্ধন স্থান ২ইতে শিক্ড বহির্গত **হইবে। তথন আত সা**ৰধানে ধীরেই শাখার যে **স্থানে কলম বান্ধা গিয়াছে, তাহার নিম্নভাগে ক**টিয়া উপযুক্ত মৃত্তিকা বিশিষ্ট উদ্যানে রোপণ করিবে। কাটিবার সময় অধিক বাঁকি লাগিলে অনিই হই-বার সম্ভার্বনা। উদ্যানে রোপণ করিয়া আতপ নিবারণ জন্য কিয়দিবস পর্যান্ত ছারা রাখিতে হয়। লেবু, নিচু, আম, জাম প্রভৃতি অনেক **রক্ষে এই কলমে চারা প্রস্তুত হ**ইয়া থাকে। চৈত্র ও বৈশার এই ছই মাস গুটিকলম বান্ধিবার উপযুক্ত সময়।

গুটিকলম করিতে হইলে, শাথার ছুই পত্র গ্রন্থির মধ্যন্থিত পর্বন ভাগের চতুপ্পার্শ্বের ছাল, কিরদংশ কাষ্টের সহিত্ত যে প্রকারে তুলিয়া ফেলিতে হইকে, পার্শ্ববর্তী চিত্রের ক নামক স্থানে, কেবল ভাহাই প্রদর্শিত হইলা। এই রূপে কাটা হইলে, পচাপাভার সার, উক্ত স্থানের চতুর্দ্ধিকে গোলাকারে দিয়া, ততুপরি ছিল্লচট বা ভাদৃশ অন্য আবর্বন রাথিয়া বান্ধিতে হইবে।

মাটিকলম।

মাটিকলম গুটিকলমের প্রকার ভেদমাতা। ইংশাদের পরস্পরের এই প্রভেদ, মাটি কলম করিতে হইলে রুক্ষের ডালকে নত কাররা, মৃত্তিকা পূর্ণ টবে পুতিতে হয়, আর গুটিকলমে রুক্ষেপরি মাটি তুলিয়া দেই মাটি ডালের চতুর্দিকে সংলগ্ন রাথিয়া বালো। যে শাখাকে অবনত করিয়া মাটিকলম করিতে হইবে, তাহার মৃত্তিকায় প্রোথিত করিবায় উপযুক্ত অংশের মূলভাগে এক পত্র গাঁইট হইতে অপর পত্র গাঁহট পর্যায় ছুরিকা প্রবেশ পূর্বাক সমাংশে চিরিয়া দিবে। ঐ চেরা অংশদ্র পুনরায়

সংযুক্ত হইয়া না যায়, এ নিনিত্ত চেরার মধ্যন্তর্লে কোঞ্চি বা কাষ্ঠ দিয়া মৃত্তিকায় এমত দৃচ্বপে প্রোথিত রাখিতে ইইবে যে, শাখা কোন প্রকারে তথাহইতে উঠিতে না পারে। পরস্ত শাখার প্রাপ্তক নির্দিকটাংশ না চিরিয়া তাহার চতুম্পার্শ্বের ছাল কিছু কাষ্ঠের সহিত তুলিয়া মৃত্তিকায় পুতিলেও হয়ঃ অনন্তর তিন চারি মাদ তদবস্থায় রাখিয়া মধ্যেই জল, দিলে, উহা হইতে শিক্ড উদ্ভিন ইইবে। তখন সাবধান পুর্বাক ক্রমেই শাখা ইইতে উহাকে ছেদন করিয়া লইয়া, উদ্যুক্তে রোপণ করিবে। বৈশাখ মাদ এই কলম করিবার উপযুক্ত সময়।

(७७)

যোডকলম।



একপ অনেক রক্ষ আছে যে. মাটি ও গুটি কলমে ভাছাদের চারা সহজে প্রস্তুত হয় না. কিন্তু যোড় কলমে অনায়াদে চারা জন্মন যায়। এজনা মালিরা কেবল যোড় কলম ছারাই সেই সকল রুফের চারা জন্মাইয়া থাকে। এই কলম করিতে হইলে, অথ্যে গাম্লায় বীজ রোপণ পুরুষ একটা চারা জন্মটিয়া লইতে হয়। চারা উক্তম পরিপুষ্ট হইলে, যে রুফেকলম করিতে হইঁলে, হে রুফেকলম করিতে হইঁলে, ভাছার এমত একটা শাংগা

বাছিয়া লওয়া আবশ্যক যে, সেই শাখার স্থুলতা, চারার কাণ্ডের ন্যায় হয়। চারার কাণ্ড অপেক্ষা শাখার স্থুলতা অধিক হইলে যোড় লাগিতে পারে, কিন্তু পরে চারার স্থুলকাণ্ড, স্থুল শাখার উপযুক্ত রস বোগাইতে না পারেয়া বিনাশ প্রাপ্ত হয়। শাখা অপেক্ষা চারার কাণ্ড কিঞ্চিৎ স্থুল ও সতেজ হইলে কোন হানি হয় না বরং কলম উত্তম হয়।

চারা ও শাখা উভয়ের যে২ অংশ যুড়িতে হইবে, দেই২ স্লংশ হইতে অফ্যুন চারি অস্থুল দীর্ঘে কিঞ্চিৎ কাষ্টের সহিত ছাল তুলিয়া এৰূপে পরিশ্বার করিতে হইবে বে, যুড়িলে তাহার মধ্যে কিছুমাত্র ফাক না থাকে। অনন্তর উভয়ের উক্ত অংশ দ্বাকে প্র-স্পর সংমিলন করতঃ এক গাছি স্থন্সন রজ্জুদার। পাঁচে ছয় মাস পর্যায় তদবস্থায় জড়াইয়া রাখিতে হইবে। পরে যখন উভয়ে উত্তম ৰূপ যোড় লাগিবে, তথন যোড়ের নিল্ল ভাগে শাখা ও উপরি ভাগে চারার মস্তক ছেদন করিয়া কেলিতে হইবে। চারার মস্তক ছেদন না করিলে চারায় ও শাখায় ভিন্ন প্রকার ফল প্রসাব করিবে কিন্তু তাহাতে সংলগ্ন শাখা সতেজ হইতে পারে না, স্থতরাং যোড়কলমের অভিপ্রায়ও সফল হয় না। এই কলম সকল সময়েই করা যাইতে পারে। শাখা ও চারা ভিন্ন জাতীয় হইলে প্রায় যোড় কলম হয় না। এই কলম বান্ধিবার সময়, শাখা ও চারার বোড়

স্তানের ছাল প্রস্প্র মিলিত না'হইলে, শাখা শুক্

ইয়া বিনাশ প্রাপ্ত হয় এবং চারার কাণ্ডও উপযুক্ত রসাকর্ষণে অসমর্থ হইয়া নিস্তেজ হইয়া পড়ে।
অতএব কলম করিবার সময় যাহাতে উভয়ের ছাল
পরস্পার সংযুক্ত হইয়া থাকে, তালিমিত্ত স্তর্ক হইয়া
কার্য্য করিতে হইবে।

অন্য চারা না পাওয়া গেলে. এক জাতীয় তুই রক্ষের শাথায় শাথায়ও পূর্বোক্ত রূপ প্রক্রিয়ায় যোড় লাগান যাইতে পারে কিন্ত তাহা তার্দ্দ উৎকৃষ্ট হয় না। আম. জাম, নিচু প্রভৃতি, অনৈক রক্ষে এই কলম করা যাইতে পারে।

ৈ উপরে সুইট ব্রাইয়র নামক এক জাতীয় গোলা-পের গাছ চিত্রিত হইয়াছে ।ইহার দক্ষিণ পার্দ্ধের শাখার উপরিভাগে, খ চিহ্নে যে প্রকার কাটা আছে, যোড়-কলম করিতে হইলে, শাখার যে অংশের সহিত চারার যে অংশ যুড়িতে হইবে, সেই২ অংশ, অবিকল ঐকপে কাটিবে এবং চারা ও শাখার উক্ত কর্ত্তিত স্থান সন্মালন পূর্বেক বাম পার্শেক চিহ্নিত স্থানে যেকাপ বন্ধন করা হইয়াছে. সেইৰূপ বাক্সিবে। (७७)

শাখাকলম।



পূর্বে উল্লিখিত হইরাছে যে, নীজোৎপর চারার কলের আসাদ গৈলক্ষণ্য হইবার বিলক্ষণ সন্তাবনা, অর্থাৎ যে রুক্ষের ফলের বীজ হইতে চারা জন্মান যায়, সেই রুক্ষের ফলের যে প্রকার আস্বাদ প্রার সে প্রকার হয় না। এজন্য লেকে কৌশলপূর্বেক রুক্ষের শাথাদারা চারা প্রস্তুত করিয়া থাকে। শাথা-দ্বারা চারা প্রস্তুত করিবার তিন প্রকার কৌশল ইতিপূর্বে উক্ত হইয়াছে। এইক্ষণ আর এক প্রকারের বিষয় লিখিত হইতেছে। এই প্রণালীকে শাখা কলম বলে। শাখা কলমে ফলের আস্থাদের ,বিভিন্নতা প্রায়েষ্টে না। কিন্তু সকল রুক্ষের শাখা কলম হয় না।

এই কুলম করিতে হইলে **তুইছাত চৌড়া এবং** ্যাঁ গোয়াহাত উচ্চ এক ইফীক নিৰ্দ্মিত চৌকা প্রস্তুত করিবে। চৌ লার দৈর্ঘা, ভূমির অবস্থা **অথু**বা যত চারা রোপিত হইবে তাহার সংখ্যা বিবেচনা করিয়া নির্দ্দিউ করিবে। তুইহাত চৌড়া ওচারি-হাত লয়া একটা চৌকাতে এক বৎসরে এক হাজার বা ততোধিক শাখা কলমের চারা স্বচ্ছনেদ উৎপন্ন করা ঘাইতে পারে। ঐ ঢৌকা অনার্ত স্থানে হওয়া উ,চত; নতুবা রুকের ছায়াতে এবং বর্ষ। কালে রুফের শাখা পল্লব হইতে জল বিন্দুপাতে, कशम नेके इरेश यारेल। छोकात छ्रुष्णादर्शत সীমা গাঁথা হইলে তাহার গর্ভ প্রথমে অর্ক্তন্ত প্রয়ন্ত ভালা টাবা ঝামা কিংবা ইট প্রভৃতি যাহাতে জল আকর্ষণ করিতে পারে এমত পদার্থ দারা পূর্ণ করিবে, পরে তাহার উপরে পাঁচ ছয় অঙ্গুল পর্যাত্ত সামান্য মৃত্তিকা ফেলিবে এবং অবশিক্ট অংশ বালি দ্বারা পুর্ণ করিবে। সেই বালি যত সূক্ষ্ম হইবে চৌকা उँ इ जान इरेरत। এই अकात कतिवात जाए भर्या এই, উহাতে জল পতিত হেইলে তাহার অপ্পাংশ বালিতে ভিজাইয়া রাধিনে এবং অবনি টাংশ অধো-গত इरेग्ना यारे(वे। এर প্রকারে চৌকা প্রস্তুত

হইলে, তাহাতে কেবল শাখা কলম কেন, সকল প্রকার চারাই হইতে পারিবে।

রুক্ষের যে সকল শাখা হেলিয়া পড়ে, সেই সকল শার্থ। হইতে কুদ্র প্রশার্থা, মূল শার্থার কিয়দংশের সহিত ছিঁড়িয়া আনিয়া তাহাদিগকে, অর্দ্ধহন্ত পরিমিত দীর্ঘ রাথিয়া অবশিষ্টাংশ কাটিয়া ফেলিবে এবং উহাদের নিল্লস্থ পত্র গ্রন্থির চতুষ্পার্শ্ব পরিষ্কার कित्रिश कार्षित। अनस्त्रत शृद्धांक होनामध्य ছুই অন্তুলি পরিমিত গর্ত্ত করিয়া এক একটা গর্ত্তে উহার এক২ খণ্ড শাখা রোপণ করিবে। যদি কোন শাখার বিম্নে পত্র গ্রন্থি না থাকে, তবে অধোভাগে পত্রগ্রন্থিয়া দেই পত্রগ্রন্থির উদ্ধে অর্দ্ধহস্ত মাপিয়া শাখাকে খণ্ড করিবে। এৰূপ করিবার কারণ এই, গোড়ায় পত্রগ্র না রাখিলে, কখন শিকড় উৎপন্ন হইবে না। অপর প্রত্যেক শাখাখণ্ডে তিন চারিটী মাত্র পত্র রাখিয়া সেই পত্রের অর্দ্ধাংশ কাটিয়া ফেলিবে। যদি পত্রের সম্পর্ণ অংশ রাখ, তাহা इटेटन भाषा शुक्र इटेग्ना योटेटर এवर এटकवादन পত্র শূন্য করিলে শাখায় পত্র কলিকা উদ্ভব হইতে পারিবে না। অতএব পত্রের সম্পূর্ণাংশ কর্ত্তন অথবা একেবারে পত্রস্থা করিয়া ফেলা কর্ত্তব্য নছে। অপর শাথাথও সকল রোপণ করা হইলে, বেলগ্লাস দিয়া তৎসমুদায়কে আচ্ছাদন করিয়া দিবে। বেল-গ্লাস দিয়া ঢাকিয়া দিবার তাৎপর্য্য এই, তাহাতে শাখা থণ্ডের গোড়ার রস রৌদ্রে শুষ্ক হইতে পারিবে না। প্লাস দিয়া ঢাকিবার সময় যতগুলি শাথাথগু এক একটা প্লাসে আচ্ছাদন করা যাইতে পারে, তাহাদের উপরে দিয়া প্লাসের নীচের বালিতে চাপিয়া দিবে। বেলপ্লাস না পাওয়া গেলে ঝুলাইবার সামান্য লঠন দিয়া ঢাকিয়া দিলেও ইইতে পারিবে।

কলম সকল চৌকার মধ্যে পরস্পর কতনূর অন্তরে রোপণ করা উচিত তাহা তাহাদের পত্রের পরি-মাণান্তুসারে স্থির করিবে। ছোট২ পত্রিশিই কুদ্র কলম, আড়াই বা তিন অলুল অতুর করিয়া পুতিলেই यथिष इहेरत। এই क्रिश मकल कलम রোপণ করা হইলে, তাছাদের উপর বেলগ্লাস বা লঠন দিয়া চাপা দেওয়ার যেরূপ ব্যবস্থা উপরে লিখিত হইয়াছে, সেইৰূপ করিবে এবং সূর্যোত্তাপ হুইতে রক্ষা করিবার নিমন্ত, দিবদে চৌকার চতু-ष्ट्रात्य नर्भाषाता विकेन श्रुक्त र छात्रा कतिता निद्व ; ও রাত্রি কালে সেই সফল দর্মা খুলিরা রাথিবৈ। শাখা খণ্ড সকল পোতা হইলে তাহাদের গোড়ায় জল সেচন করিতে হইবে! কিন্তু জল সেচন নিমিস্ত উপরিস্থ চাপা দেওয়া গ্লাসকে সপ্তাহের মধ্যে ছুই-বারের অধিক তুলিবার আবশ্যক নাই। চৌকার মধ্যে রুটির জল পড়িলে. তাহাতে উপকার না হুইয়া বরং অপকার হ-বে। অতএব যাহাতে উহার মধ্যে রুফ্টির জল 'পড়িতে না পারে, তাহার যথোপযুক্ত উপায় করা কর্ত্তর। কলম পুতিয়া

উপরে যে২ প্রক্রিয়া করিবার কথা বলা গেল, তৎ-প্রতি মনোযোগ না করিলে সকল পরিশ্রম বিফল হইবে।

উদ্ভিজ্ঞানিগের স্বভাব বুঝিরা ততুপযুক্ত সময়ে এই কলম করা উচিত, নতুবা চারা উৎপন্ন করা কট সাধ্য হইয়া পড়ে। গোলাপাদি কতিপর রুক্ষের শাখা-কলম শীত কালে করিতে হয়। বর্ষাকালে ক্রিলে, শাখা পচিয়া যাইবে।

গোলাপ, যুঁই, জবা, স্থলপদ্ম প্রভৃতি কতক গুলি রুক্ষের শাখা-কলম, উল্লিখিতরূপ আরোজন-ব্যতীত, সহজে উৎপন্ন করা যাইতে পারে। উহাদের শাখা সকল, পূর্ব্বাক্ত প্রকারে কর্ত্তন করিবে, অর্থাৎ নিম্নে পত্রপ্রিহ্না আর্দ্ধা হস্ত পরিমিত খণ্ড করিবে। সেই সকল শাখাখণ্ড চৌকার রোপণ পূর্বাক প্রত্যহ জল দিলেই চার। জ্যিবে।

শাখা কাটিয়া যে প্রকারে এই কলম করিতে হয়, এই প্রস্তাবের শার্ষ ভাগে তাহার একটা চিত্র প্রদর্শিত হইল। ইহার নিলাংশে ক নামক স্থানে, যে গাঁইট আছে, তাহাতে কাণ্ডের কিয়দংশ সংলগ্ধ হায়া রহিয়াছে। প্রস্তাবহু আছে, তথা হইতে প্রকণ্ড বাহর্গত হইয়া থাকে। চিত্রে যেক্স প্রদর্শিত হইল, শাখার প্র সকলের অর্দ্ধংশ কাটিয়া অগ্র অর্দ্ধাংশ সেইকার রাখিতে ইইবে।

চে∤ক্-কলম।

উত্তিজ্ঞাদিগের পত্রগ্রন্থি হইতে শাখা উৎপন্ন হইবার উপযুক্ত এক প্রকার অঙ্কুরবৎ কোঁমল পত্ত-कलिका करमा लारक উहारक माथात्र वटः উদ্ভিজ্জের চোক্ বলিয়া থাকে। এ চোক্কে কৌগল পূৰ্বক চারার্রপে পরিণত করিবার প্রণালীকে চোক্-ক**মল** কছে। বিশেষ অনুধাৰন পূৰ্ব্বক বিবেচনা করিঁলে স্পাফ বোধ হইবে যে, যোড়-কলম, শাখা-কমল ও গেকৃ-কলমে বড় ইতর বিশেব নাই।

উদ্ভিক্তা দণের শাখা হইতে কিঞ্চিৎ কাষ্ঠের সহিত ঢোক্ ভুলিয়া, তাহা মৃত্তিকা বা অপর কোন বৃদ্দশাখার বসাহয়া তদ্মারা চারা উৎপন্ন করিতে इस । भाशात स्य द्यारम (हाक् दमाई एड इहेर्द, প্রথমতঃ সেই ভানের উপরি ভারের ছাল, ছুরিকা দারা বুক্ষের প্রশস্ত দিহে এক বট পরিমাণে চিরিতে इन्टेरन। পরে ঐ চেরা ভালের ঠিক মধা দ্**ইতে** নিলে রুক্ষের লয়:দিকে তিন চারি অফুলি চিরিয়া ছুরিকার অগ্রভাগ দ্বারা এমত ধারে২ ঐ চেরা তা-নের উভয় গার্শের ছাল, রুকের কাঠ হইতে আল্গা করিতে হৃত্বে যে, ভাহাতে ছালও ছিঁড়িবে না অথচ অভাতরে কাক হটবে। এরূপ করা হটলে **७९मम्बाजीय त्राक्त भाशा इहेर्ड किस्थिश कार्यंत** সহিত চোক্ ভুলিয়া তাহার মূল দেশের বিস্তাং-শকে (পূর্ব্ব্যক্তি শাখার বিদারিত ছালের মধ্যে

প্রবেশ করিতে পারে একপে) উপযুক্ত মাপ লইর। কাটিতে হইবে এবং উইার দীর্ঘাংশকে ক্রমশঃ সরু করিয়া পরে ঐ চেরা স্থানের মধ্যে এপ্রকারে বসাইতে হইবে বে, কেবল চোকটী মাত্র ছালের উপরে এবং অবশিউ সমুদায় অংশ ছালের মধ্যে প্রবিষ্ট থাকে।

, তিবিক বসাইবার সময় যাহাতে যোড় স্থানের ছাল, পরস্পর নিলিত হইয়া থাকে, তদ্বিধয়ে সতর্ক হওয়া আবশ্যক। নতুবা যোড়-কলমের ন্যায় এই কলমেও কলমের স্থান স্ফীত হইয়া উঠিবে। চোক্ বসান হইলে স্থান রজ্জু বা স্থান দার পেই স্থান বালিয়া তাহাতে প্রতিদিন জল প্রদান এবং রৌদ্র নিবারণ জন্য উপরি ভাগে উপযুক্ত আবরণ বন্ধান করিতে হইবে। অনন্থার প্রশাষায় যে সকল শাখা কলিকা থাকিবে, তাহা ছিল্ল করিয়া ফেলিতে হইবে, নতুবা তাহারা প্রিপক্ষরস সকল গ্রহণ করিলে রসাভাবে, চোক্ মরিয়া যাইতে পারে।

শাথায় যোড় লাগিয়া যথন চোক্রদ্ধি হইতে থাকিবে, তথন তাহার উপরি ভাপের এশাথাগুলি কাটিয়া ফেলা উচিত। শাথার পত্র গাঁইট বিশিষ্ট স্থানে চোক্ বসাইলে উহা শাঘ্র যোড় লাগিবে এবং রৃদ্ধিশাল-শাথায় বসাইলে উহা শাঘ্র রৃদ্ধি প্রাপ্ত হইবে। এই কমলে এক রৃদ্ধে তজ্জাতীয় ভিন্নাক্তির ফুল ও ফল উৎপাদন করা যাইতে পারে।



এই চিত্রের বাম পাশ্বে একটী
শাখা; এই শাখায় যে ছুইটী
গাঢ় ক্ষণ্ড রেখা (একটী ক চিচ্চ
হইতে আরক্ষ হইয়া শাখার প্রশস্ত
দিকে, এবং অন্যটী ঐ রেখার
মধ্যস্থল হইতে আরক্ষ হইয়া
শাখার লম্বাদিকে) দৃষ্ট হইতেছৈ,
চোক্-কলম করিবার সন্ম,
শাখার যে স্থানে চোক্ ঘসাইবে,
সেই স্থানে ঠিক এই কপে
চিরিবে। অনন্তর ছুরিকার অগ্র-

ভাগ দ্বারা লম্বাদিকের চেরার তৃই ধারের ছাল, এমন সাবধানে কাঠ হইতে আল্গা করিবে যে, তৃছো কোন ৰূপে ছিঁড়িয়া না যায়। পরে দক্ষিণ দিকে থ চিচ্ছে যে শাথা কলিকা আছে, তাহা কিরদংশ ছালের সহিত তুলিয়া, ঐ শাথায় চেরার অভান্তরে সন্মিলন পূর্বকৈ বসাইয়া বান্ধিয়া দিবে।

চৌঙ্গ-কলম।

हिन्छ-कलम अप्तर्भत मर्वे छहिन नाहै। अहिन इहेटन अहे कलम द्वाता स्निक तृत्कत हाता उदिशाहरन (य क्ठकार्य) हुएता यात्र, लाहात कान मरमह नाहै। শাখার বাহিরের ছাল প্রকৃতাবস্থায় রাখিয়া অভ্য-ন্থরের কাষ্ঠ বিমোচন করিলে চোঙ্গের ন্যায় দেখা যায়। এজন্য এই কলমকে চোঙ্গ-কলম কছে।

কোন চারার মস্তক ছেদন করিয়া কাণ্ডের উপরি ভাগের তুই অংলি পরিমিত স্থানের চারি দিকের ছাল ভুলেয়া চড়ক গাছের আলের নাায় পরিস্কার ক্রিয়া কাটিতে হইবে। অনন্তর তৎসমজাতীয় রুক্ষের তদ্বপযুক্ত সুল ও কোনল শাখা আনায়ন করতঃ তাহার বৈ স্থানে চোকু আছে, সেই স্থানের ছাল প্রকৃতাবস্থার রাখিয়। চারার মস্তকের আলের পরিমাণে উহার অভান্তরের কাঠ কৌশলক্রমে উমোচন করিতে হইবে। অতঃপর উক্ত ভিন্ন-মন্তক চারার উপরি ভাগে, উহাকে এমত চাপিরা বসাইতে হইবে, বাহাতে অভানুৱে কিছুমাত্র কাক্ না থাকে व्यथन (नाक्र कार्षिया ना याया व्यक्तारत काक থাকিলে বা চোক্ত ফাটিয়া গেলে কদাচ অভিপ্রেত সাধন হইবে না। পরে ঐ চারানে ছারার রাথিয়া উপরে সচ্ছিদ্র ভাঁজ ঝলাইয়া তাহাতে প্রতি দিবস জল দিতে হইবে। নিতুবা সূর্য্য কিরণে উহা শুষ্ रहेश याहेता।

ডাল মোচড়াইয়। কাঠ হইতে অথওকপে ছাল বাহির করিতে পারিলে অনেক স্থাবিধা হয়। তাহা না পারিলে, শাখার যে অংশে চোক্ আছে, তাহার উপরি ভাগের এক অঙ্গুলি পরিমিত স্থান রাখিয়। কাটিয়া কেলিতে হইবে এবং নিল্লভাগে ঐ পরিমাণে ছाल রাথিয়া অবশিষ্ট ছাল তুলিয়া ফেলিতে হইবে।

অনন্তর ঐ চোক্ সংলগ্ধ-ছাল ধারণ পূর্বক ক্রমে

যুরাইয়া বলের সহিত টানিলে উহা কার্চ হইতে

খুলিয়া যাইবে। লেবু, কুল, গোলাপ প্রভৃতি রক্ষে

এই কলম উৎপন্ন করা যাইতে পারে। কার্গ্রেজ
বা অন্যান্য লেবুর চারায় কমলা লেবুর চোক্স বসা
ইলে কমলা লেবু এবং দেশীয় কুলের চারায় নারিকেনি কুলের চোক্স বসাইলে নারিকেলি কুল হইয়া

থাকে।



এই চিত্রে একটা চারার মস্তক ছেদন করিয়া তাহার অপ্রভাগ
হইতে কপ্যান্ত ছুই অঙ্কুলি পরিমিত স্থানের চতুম্পার্শস্থ ছাল
তুলিয়া চড়ক গাছের আলের
ন্যায় করা হইয়াছে। চিত্রের
শীর্ষ দেশের দক্ষিণ পার্শে থ
চিক্তের উপরে, বে চোক্-বিশিষ্ট
চোক্ত আছে, তাহা ঐ চারার
মস্তকে সন্মিলন পূর্বেক বসাইতে
হইবে। কিন্তু বাম পার্শ্বেগ
চিক্তিত চোক্তটা সেকপ কাটিয়া
গিরাছে, সেকপ হইলে, মনস্কাম
পূর্ণ হুইবে না।

জিহ্বা-কলম।

উত্তাপাধিক্য ঘটিলে জিহ্বা-কলমে চারা উৎপন্ন করা যায় না। এজন্য আমাদের দেশে এই কলম. করিয়া ক্লুডকার্য্য হওয়া কফ সাধ্য।

কোন চারার মন্তক ছেদন পূর্ব্বক কাণ্ডের এক পার্শ্বের উপরি ভাগ হইতে আরম্ভ করিয়া প্রায় তুই ভিন অঙ্গুলি পর্যান্তের নিম্নভাগ ক্রমশঃ অধিক পরি-মানে কাটিতে হইবে এবং তাহার সমজাতীয় রক্ষের কোন শাখার এক পার্শ্বের অধোভাগ হইতে ঐ রপ চাঁচিতে প্রবৃত্ত হওত উর্দ্ধ দিকে ঐ পরিমিত স্থান ক্রমশঃ অধিক পরিমাণে চাঁচিয়া উপরি ভাগে একটা খাঁজ কাটিতে হইবে। পরে উভয়কে গাঁজে খাঁজে মিলাইয়া এমন দৃত্রপে বন্ধান করিতে হইবে, যাহাতে মধ্যে কিছুমাত্র কাক না থাকে, অথচ পরস্পারের পার্শ্ববিধী ছাল স্থান্তরন দিলিত হইয়া যায়। অনম্ভর চারাকে ছায়ায় রাখিয়া স্থ্যা কিরণ হইতে রক্ষা করতঃ উপরি ভাগে একটা স্ছিদ্র ভাঁড় ঝুলাইয়া তাহাতে প্রতিদিন জল দিলেই যোড় লাগিয়া যাইবে।

উপার উক্ত প্রণালী ভিন্ন, নিল্ল লিখিত বাপেও এই কলম কর। হইরা থাকে। কোন ছিন্ন-মন্তক চারার অগ্রভাগের উভয় পার্শ্বত তুই অসুলি পরি-মিত ছাল ক্রমশঃ চাঁচিয়া উপরি ভাগ পাতলা করিতে হইবে। পরে তক্ষাতীয় ও তদ্ধেপ সূল এক শাখা আনিয়া তাহার মূল দেশের তুই অসুলি উদ্ হইতে সমাংশে চিরিতে আরম্ভ করিয়া ক্রমেং নিম্ন ভাগের কাঠ কাটিয়া কিছু অধিক পরিমাণে কাক করিতে হইবে এবং উহাকে এমত পরিষ্কাররূপে চাঁচিতে হইবে যে, উভয়কে সংযোজিত করিলে উত্তমরূপে মিলিত হইতে পারে। অনন্তর ঐ চারার উপরিভাগে শাখা বসাইয়া রজ্জু দারা দৃঢ়রূপে বন্ধান করতঃ উদ্ধে একটা সাজ্জু ভাঁড় ঝুলাইয়া তাহাতে জল দিলেই যোড় লাগিয়া যাইবে।

শাখা অপেক্ষা চারা অধিক স্থূল হইলে উক্ত প্রকারে কলম হইতে পারে না। তদ্ধেপ স্থলে চারার মন্তক ছেনন পুর্বাক কাণ্ডের উদ্ধৃতাগন্থ তিন অগ্লি পারামত স্থানের এক পার্ম, লেখনীর অগ্রভাগের ন্যায় ক্রমশঃ চাচিয়া পাতলা করিতে * হইবে এবং অপর পার্শ্বের ছাল মাত্র তুলিয়া ফেলিতে হইবে। অনন্তর তদপেক। সরু এক শাখা আনিয়া তাহার তৎপরিমিত নিম্ন ভাগ, একাংশ স্থল, ও অপরাংশ পাতলা করিয়া চিরিতে হইবে । 🗳 স্থল অংশের মুখমাত্র স্থল রাখিয়া, উদ্ধ ভাগের অভ্য-ন্তর ক্রমেই চাঁচিয়া পাতলা করিতে হইবে। পরে চারার পাতলা অংশে শাখার পাতলা অংশ এবং চারার যে পার্শ্বের ছাল মাত্র কাটা হইয়াছে, সেই পার্শ্বে, শাখার ঐ স্থল মুখ বসাইয়া বান্ধিয়া রাখিতে रहेरत । वमरचुत्र व्यावरेख धरे कलम कतिरा रुग्न । পিচ্রক্ষের চারা জন্মাইবার জন্য ইহা বিশেষ স্থবিধাজনক।



পার্শবর্তী চিত্রে, চারার ও শাখার নিল্লাংশে থাঁজ কাটিয়া, যে প্রকারে বসাইতে হইবে, ক চিচ্ছে তাহা স্পট অঙ্কিত রহিয়াছে।

উদ্যানের মৃত্তিকা প্রস্তুতের নিয়ম।

আমাদের দেশে কৃষি কার্য্যের নিমিত্ত মৃত্তিকা প্রস্তুত করণ বিষয়ে বড় অমনোযোগীতা লাক্ষিত হয়। সামান্যতঃ কোন স্থানের মৃত্তিকা খনন করিয়া, তাহাতেই বীজ বপন বা চারা রোপেণ করা হয়। ইহা কৃষ কার্য্যের অনুস্তির একটা প্রধান কারণ। নিকৃষ্ট ভূমিতে অতি তেজস্বা চারা রোপণ করিলেও তাহা ক্রমে ক্ষাণ হইয়া পড়ে। স্কুত্রাং তাহার কল বা মূল, তাদৃশ রুহৎ হইতে পারে না,

অতএব ঘাঁহারা উদ্ভিক্ষের বৃহদাকার মূল বা ফল লাভের অভিলাষী, কেত্রের মৃত্তিকা প্রস্তুত করণ বিষয়ে তাঁহাদের মনোযোগী হওয়া নিজান্ত আবশ্যক। हा-খড়ি, काम्∤, वालि এवং উ,ऋक्त-मात्र, धेरे मकल পদার্থ সমান ভাগে মিপ্রিত করিয়া, যে উদ্যানের মৃত্তিকা প্রস্তুত হয়, শাক-সব্জি ইত্যাদি জুনাইবার জना (मरे উन्।ारनत मृखिका, विस्मय छेलकाती। यिन (कान ज्ञारन के मकल अनार्थित मध्या तिशन একটীর অভাব হয়, তাহা হইলে তাহার,সমগুণ मल्लान जाना পार्गि मिळिंड कतिरल अश्नि नारे। মনে কর, যে থানে চাণড়ির অসদ্ভাব আছে সে স্থলে চাখড়ির পরিবর্ত্তে চুণ মিশাইলেও চলিতে भारत । अने श्वकात भतिव छित्न त्कान त्नाय इहेरव ' না। অপর উদ্ভিজ্জাদিগের কাণ্ড পরিবর্দ্ধনে উদ্ভিজ্জ-मात विदेशय श्विकाती। अजना चनाना भनार्थ অপেক্ষা উদ্ভিক্ত-সারের ভাগ-পরিমাণ অ্ধক হইলে श्लिकनक ना इहेस। वत्र अधिक कलकासक हैस। বিশেষতঃ কপি. ফুলকপি প্রভৃতি রুছৎ মস্তক্রিশিকী উদ্ভিজ্জদিগের নিমিত্ত পুষ্টিকর রম প্রচুর পরিমাণে আবেশ্যক। ঐ সকল উদ্ভেদ যে ক্ষেত্রে জন্ম হতে হইবে, সেই ক্ষেত্রে উদ্ভিজ্জ-সার অধিক দেওয়া উচিত, নতুবা উহাদের উপযুক্ত পুষ্টিকর রদ সঞ্চিত থাকে এমত স্থান চুৰ্লভ।

মৃত্তিকা খনন করা ও সার দেওয়ার বিষয়

ক্ষেত্র খনন বিষয়ে ভিন্ন২ দেশের মৃত্তিকার অবস্থা-মুদারে, ইহার ব্যবস্থা এত বিদদুশ হইয়া পড়ে যে, সাধারণ স্থানের প্রতি কোন নিদ্দিষ্ট নিয়ম প্রকাশ করা যাইতে পারে না। যাহা হউক কোম্পানির বাগানের কর্মচারী মেং রবর্ট রোস সাহেবের লিখিত ব্যবস্থা, এদেশের পক্ষে উপযোগী বিবেচনা করিয়া এস্থানে তাহা উদ্বত করা গেল। তিনি বলেন, শাক্-সব্জির বীজ বপন করিবার নিমিত্ত, গ্রীয়কালে ভূমিতে নার দিয়া লাঞ্চল দারা কর্ষণ করিবে এবং জল যাইবার নিমিত্ত চারিদিকে পয়নালা রাথিবে, অত্যে জমী প্রস্তুত না করিয়া, যাঁহারা বীজ বপনের স্ম সম কালে কেত্র খনন আরম্ভ করেন, ব্যস্ততা প্রযুক্ত তাঁহাদের জমী ভাল পাইট হয় না। এবং হয়ত সময়মৃত বীজ বপন ঘটিয়া উঠে না। তাহাতে ऋगमारा ७, উछम পाइँ कता कमी इहेटन यङ कमल इरेज, जज इरेज পाরে ना। विलाउ य সকল শাক-সবজি উৎপন্ন হয়, যদি এদেশীয় क्षयरकतः विलार्जत कृषकिर्गत नाम मरनार्याभ পূর্বক এ সকলের চাষ করে, তবে এদেশে বৎসরের मर्सा व्यानकवात के मक्त भाक-मविक উद्धमकर्भ উৎপন্ন হইতে পারে।

উদ্যানের জমীতেও গ্রীয়কালে অর্থাৎ বৈশাধ মানের শেষে কিয়া জৈয়ন্ত মানের প্রথমে সার দেওয়া আবশ্যক। সার দিবার নিমিত্ত প্রথমে ১৪।১৫ অঙ্গুল গভীর করিয়া খুঁড়িয়া, জমী প্রস্তুত করিবে। কিয়া য়িদ জমীতে জুলি করিতে হয়, তাহা হইলে ১৫ নোয়াহাত গভীর করিয়া জুলি কাটিবে। যে জমীতে অধিক কাল কদল থাকে, তাহাতে জুলি কাটিলে, বিশেষ উপকার দর্শো। ঐ জুলি কাটিবার নিয়ম এই, জমীর একপার্শ্বে ছুই বা আড়াই হাত চৌড়া, করিয়া জমীর দৈর্ঘ্য যতদূর, ততদূর পর্যান্ত প্রথমতঃ একটা জুলি কাটিবে, অনন্তর দেই জুলির পার্শ্বে আবার ঐকপ জুলি কাটিয়া, তাহার মুজিকা দারা প্রথমের জুলি পুর্ণ করিবে। এই প্রকারে মাটা প্রত্যেক জুলির নীচে, এবং নীচের মাটা জমীর উপরে পড়িবে। তাহাতে সমুদায় জমীর উপরিভাগ মূতন মৃত্তিকা বিশিষ্ট হইবে। ঐ মূতন মৃত্তিকা চাবের পক্ষে বিশেষ উপাদেয়।

যে জমীতে শাক্-সব্জি রোপণ আবশ্যক হয়, সেই জনীও ঐকপ জুলি কাটিয়া প্রস্তুত করিলে, অত্যন্ত কলপ্রদ হয়। জমী খুঁড়িয়া বা জুলি কাটি-য়া মাটি সমান করা হইলে, তাহার উপর সার ছড়াইয়া দিবে, অতঃপর সার একেবারে মৃত্তিকার উপরেও না থাকে এবং অধিক মৃত্তিকা দ্বারা ঢাকাও না পড়ে, এই অভিপ্রায়ে অপ্প গভীর করিয়া আর একবার খুঁড়িয়া দিবে। জমীতে সার দিবার পরে, অত্যপ্প মাটা দিয়া ঢাকিয়া দিবার তাৎপ্র্যা এই যে, সহসা অধিক রৃষ্টি ছইলে, জলের দ্বারা ঐ সার গলিয়া তাহার সার-ভাগে, জমার অভ্যন্তরে প্রবেশ করিবে। এরূপ হইলে জমা অভিশয় উর্বরা হয়। বর্ষা-,
শেষ হইলে অর্থাৎ ভাদ্রের শেষে বা আশ্বিনের
প্রথমে পুনরায় একবার অপ্প খুঁড়িয়া মৃত্তিকা উত্তম
রূপে চুর্গ করিয়া তাহাতে বীজ বপন করিবে অথবা
একেবারে চারা পুতিরা দিবে।

ঁ বর্ষার শেষ হইলে, যদি জমীতে সার দেওরা হয়, জাহা হ্ইলে আগামী বর্ষা পর্যান্ত ঐ সার তদবস্থায় থাকে। জমীর অভ্যন্তরে প্রবিট না হওয়াতে উহাদ্বারা মৃত্তিকা তেজন্ধর হইতে পারে না। অপর সার অধিক ভিকা থাকিলে অধিক গুণকারক হয়। এজন্য সার দেওয়ার উপযুক্ত সময় উপস্থিত হওয়া পর্যান্ত, যাহাতে স্থান্তের উত্তাপে শুদ্ধ হইতে না পারে, এরূপ উপায় বিধান করা কর্ত্ব্য।

ক্ষিকার্য্যে ব্যবহৃত এদেশীয় যত্ত্র।

ভারতবর্ষে একেই শিপ্পকার্য্যের চর্চ্চ। অপ্প,
তাহাতে আবার দীর্ঘকাল যাবৎ ক্লমি বিবয়ের
তাদৃশ সমাদর না থাকায় ক্লমি সম্বন্ধায় যক্ত্রাদির
উন্নতি মাত্র নাই, ক্লমি সংক্রান্ত শিপ্পের প্রথা একেবারেই অন্তর্হিত হইয়া গিয়াছে। এদেশে ক্লমিলার্যাের নিমিত্ত যে সকল যক্ত ব্যবহৃত হইয়া থাকে
তাহা অতি সামান্য। লাঞ্চল, জোয়াল, কোদাল,

त्मारे, वित्न, कांत्य প্রভৃতি যে কয়েকটী ক্ষি-শস্ত্র আদিম সময়ে এদেশে উদ্ভাবিত হইয়াছিল, তুর্জাগ্য বশতঃ অদ্যাপিও ক্ষকগণ তদ্মারাই য়ৎসামান্যকপে ক্ষিকার্য্য নির্বাহ করিয়া আদিতেছে। উহার উরতি বর্দ্ধনে কেহই উপায়ান্তর উদ্ভাবন করে নাই এবং তরিমিক্ত কাহার যত্নও নাই। যাহা হউক প্রচলিত যত্র কএক খানি, বোধ হয় সকলেই দেখিয়াংতেন। তাহাদের আক্রতি বর্ণন অধিকন্ত, তাহাদের কার্য্য সম্বন্ধে কিছু বলা আবশ্যক, তহাই এস্থলে প্রকাশ করা যাইতেছে।

গুলি অস্ত্র নিবন্ধ থাকায় তাহাতে একেবারে বছ লাঙ্গলের কার্য্য করে। স্বতরাং অপ্প সময়ের মধ্যে বিস্তৃত ক্ষেত্রের কর্ষণ-ক্রিয়া অনায়াসে সম্পন্ন হয়।

জোয়াল — জোয়ালকে যন্ত্র স্থাকার করা যায়, উহাতে ততুপযুক্ত কোন কার্যা হয় না। জোয়াল লাঙ্গল চালাইবার স্থাবিধার জন্যই ব্যবহৃত হইয়া পাকে। স্থতরাং উহাকে একটা পৃথক যন্ত্র স্থাকার না ক্রিয়া, লাঙ্গলের অংশ বলিলেও হয়। জোয়ালের এক কাজ এই য়ে, উহাতে লাঙ্গলের মধ্যস্থ কাষ্ঠ দণ্ডের একপ্রাস্ত সংলগ্ন থাকে, অন্য কাজ ক্ষকের। যে তুইটা গরু ছারা লাঙ্গল বহন করায়, জোয়ালে সেই গরুদ্মকে সম্বন্ধ রাথে। এতন্তির উহাদারা অন্য কোন কাজ হয় না।

'কোদাল—ক্ষেত্রে মৃত্তন মৃত্তিকা উঠান, ক্ষেত্র মধ্যে নালা প্রস্তুত করণ এবং ক্ষেত্রের মৃত্তিকা খনন করণ প্রভৃতি কার্য্য কোদাল দ্বারা নিষ্পার হয়। যে সকল উদ্ভিজ্জের 'মূল, মৃত্তিকার অধিক নীচে গমন করে এবং যাহাদের কাণ্ড মৃত্তিকার আচ্ছাদিত হই লা বৃদ্ধি পার ভাহাদের চাষে, কোদাল দ্বারা ভূমি কর্ষণ করা অভ্যন্ত কর্ত্তব্য। কারণ কোদাল দ্বারা অধিক গভীরের মৃত্তিকা আল্গা করা যাইতে পারে, আম, কাঁঠাল, জাম, নিচু প্রভৃতি বৃক্ষের মূল অধিক নীচের মৃত্তিকার প্রবেশ পূর্ব্বেক রদ আকর্ষণ করে, চারার অবস্থায় উহাদের মূল অত্যন্ত কোমল থাকে, অত্যব্য বৃদ্ধিক থানত মৃত্তিকার উহাদিগকে

রোপণ না করা যায়, তাহা হইলে রস আকর্ষণের
ব্যাঘাত ঘটিয়া, চারার অনিষ্ট হইতে পারে। এজন্য
কোদাল ছারা উদ্যানের মৃত্তিকা খনন করিলে অধিক
গভীরের মৃত্তিকা আল্গা হইয়া এ সকল বৃক্ষ রোপণের উপযুক্ত হয়।

মোই—কর্ষিত মৃত্তিকার সমোচতা সাধনার্থ কু, য কাৰ্যো মোই বাবহৃত হইয়া থাকে। লাঙ্গল বা কোদাল স্বারা ক্ষেত্র খনন করা হইলে যথন পেই খনিত মৃত্তিকার লোষ্ট্রগুলি উত্তমরূপে চুর্ণ করা হয়, তথন কেতে মোই টানিয়। মৃত্তিকার সনোচ্চত। সাধন করা আবিশাক। অপর ক্ষেত্রে বাঁজ বপন ক্রিয়াও একবার মোই টানিতে হয়, তাহাতে বাজের উপর অপপ পরিমাণে মৃত্তিকা চাপা পড়ে, সুতরাং বাজগুলি বিহঙ্গমানি দ্বারা নফ হইতে পারে-না এবং বীজ হইতে অঙ্কুরোৎপত্তি হইলে তাহাদের মূল, মৃক্তিকারত থাকায় নির্বিত্নে রক্ষা পায়। স্নার ক্ষেত্রে সার প্রদান সময়ে মোই টানা উচিত, ক্ষেত্রে শুক্ষ-দার ছড়াইয়া মোই টানিয়া ততুপরি অপপ মৃত্তিকা চাপা না দিলে, সারের কিয়দংশ অপচয় হয়। তরল সার ছড়াইতে হইলে, অগ্রে মোই টানিয়া ক্ষেত্রের মৃত্তিক। সমান করা কর্ত্তব্য ; নতুবা মৃত্তিক। जनमानाबद्धाय थाकित्ल, ये एतल मात गड़ाइता নীল্ল স্থানে সঞ্চিত হয়, তাহাতে ক্ষেত্রের সর্ব্ব স্থানের উব্ধরতা রৃদ্ধি হইতে পারে না।

विरम-क्षाय बीक वशन क्रितल, यनि हाता छनि

অতি ঘন২ জন্মে, তাহা হইলে তাহাদিগকে পাতলা করিয়া দেওয়ার জন্য বিদে টানা আবশ্যক, নতুবা চারা সত্জে হয় না এবং ফসলও ভাল জন্মে না। বিদে টানায় অপর এক উপকার এই ক্ষেত্রে শস্য গাছের মধ্যে২ অনেক অনিফীকারী তৃণ জন্মে। তাহারা শিকড় বিস্তীণ করিয়া ঐ সকল গাছের অনেক হানি জন্মায়, বিদে টানিলে উক্ত অপকারী তৃণগুলি উঠীয়া যায়।

কান্তে—ধান্য, গোধুম প্রভৃতি ফদল পরিপক্ক হইলে কুমকেরা কান্তে দারা তাহাদের গাছ গুল कर्खन क्रिया चारन। इंश्न एरमरम এই ছেमन ক্রিয়া সম্পাদনার্থ এক অতি উপাদের যন্ত্র সমৃদ্ভা-বিত হইয়াছে। ঐ যন্ত্র অভূতপূর্বে কার্যাকর। ় ক্লুবনৈর। এক স্থানে ভিত হইয়া উহাদারা সল্লিহিত 🐃 ত্র সকলের শস্য অনায়াসেই কর্ত্তন করিতে পারে। উহার আর একটা বিশেষ গুণ এই যে, অতি অপ্প ममरस्त मर्थं। स्नार्ध-काल-माधा वर्जन व्यालारतत ममाथा रुग्न। हेश्न ७ प्लटम द्वान कृषक এक घणात মধ্যে ৪০ বিখা ভূমির শস্য কর্ত্তন করিয়াছিল। মুতন্থ যন্ত্রের আবিষ্কার দর্শনে, আমাদের অন্তঃ-করণে যে প্রকার বিমল আনন্দ উপস্থিত হর, এত-দেশীয় ক্ষমতাপন্ন ব্যক্তিদিনের উক্ত বিষয়ে উদাস্য দর্শনে দেই প্রকার প্রবল ছুঃখ উপস্থিত হয়। তাঁ-হারা যদি ইংরেজদিগের চালচল্তির অনুকরণে

ব্যস্ত না হইরা ঐ গুণসমূহের অনুকরণ-প্রির ছই-তেন, তবে দেশের অনস্ত মঙ্গল হইত। এদেশীর ,প্রধান২ ধনাত্য ও জমিদার মহাশয়েরা মনোযোগী হইলে, ঐ সকল যন্ত্র অথবা ঐ সকল যদ্ধৈর সদৃশ শত২ যন্ত্রান্তর এদেশে অনায়াদে আনীত বা উদ্ভাবিত হইতে পারিত সন্দেহ নাই।

গামলা বা টবে চারা উৎপাদনের নিয়ম।

কপি, ফুলকপি, ব্রক্লি প্রভৃতি আনেক প্রকার
শাক-সব্জিও বস্থবিধ ফুলের চারা, অত্যে গাম্লা বা
টবে জন্মাইয়া পরে জমীতে রোপণ করিলে ভাল
হয়। কারণ তাহাতে গোড়ার মাটি শুদ্ধ বরাবর
থাকিবার স্থানে একেবারে বসান যাইতে পারে,
স্থতরাং স্থান পরিবর্ত্তন জন্য গাছের কোন প্রকার
হানি হয় না।

े जिल भाक-जित्कि वो कृत्वित वीक शाम्नाय शृष्टि इंटल, अथमडः उर्दा शाम्नाय शृष्टि इंटल, अथमडः उर्दा शाम्ना शृष्टि का मान्य शृष्टि का मान्य शृष्टि का प्राप्त शाम्य शृष्टि का प्राप्त शाम्य शृष्टि का अध्य शाम्य शाम

নিমিত্ত পরীক্ষা করিয়া উপযুক্ত মৃত্তিকা গ্রহণ করা আবশ্যক। বীজ রোপণের নিমিত্ত এই প্রকার মৃত্তিকা ভাল, য়াহাতে জল সেচন করিলে, চাপ বান্ধিয়া শক্ত হইতে না পারে। কারণ যে মাটিতে চাপ বাস্থে, তাহাতে यनिও बीझ मर्छ ना इडेक किन्छ অঙ্কুর বাহির হইতে অনেক বিলম্ব হয়। অতএব যদি উক্তৰপ মৃত্তিকা পাওয়া যায়. তবে ভালই, নচেৎ পশ্চা ল্লখিত নিয়মে মৃত্তিকা প্রস্তুত করিয়া লইবে। কোন স্থানের মূতন মাটি তুলিয়া তাহার সহিত সমান ভাগে পচাপাতার সার এবং আট ভাগের এক ভাগ নদীর বালি মিশ্রিত করিবে। অনস্তর দেই মিশ্রত মৃত্তিকা উত্তমৰূপে চূর্ণ করিয়া তন্ম-ধ্যস্থ কাঁকের, ঝিল প্রভৃতি বাছিয়া ফেলিবে। এই প্রকারে যে মৃত্তিকা প্রস্তত হইবে তাহা অতিশয় কোমল, সুতরাং তাহাতে বীজ রোপণ করিলে অঙ্কুর উৎপন্ন হইয়া, নির্বিল্লে বর্দ্ধিত হইতে পারে। পরস্ত শাক-সবজিধ নিমিত্ত পচাপাতার সারের পরিবর্ত্তে, মৃত্তিকার চারি ভাগের এক ভাগ পচা গোবরের मात्र पिटन अधिक कन अप इस्।

যে গাম্লা বা টবে চারা জন্মাইতে হইবে, তাহা উত্তমৰূপে ধৌত করিয়া পরিষ্কার করা কর্ত্তব্য। কোম্পানির বাগানের প্রধান কর্মচারী রুক্ট রোপ সাহেববলেন,তিনি পরীক্ষাকরিয়া দেখিয়াছেন,পাত্র ভাল পরিষ্কৃত না হইলে, চারার বিশেষ হানি হয়। অতথ্য সে বিষয়ে অবহেলা করা কর্ত্তব্য নহে।

পাত্র পরিষ্কার করা হইলে, তাহার নীচে যে ছিক্র থাকে, থোয়া কিংবা একটা ঢিল চাপা দিয়া, তাহা ,বুজাইবে। অতঃপর পূর্বেরাক্ত প্রকারের মৃত্তিকা ছারা পাত পূর্ণ করিবে। ছিদ্রের উপর খোরা বা তিল চাপা না দিয়া পাতকে মৃত্তিকা পুর্ণ করিলে, জল দেওয়া মাত্র পাত্রস্থ মৃত্তিকা গলিয়া ঐ ছিদ্র এমন বন্ধ হয় যে, পরে জল সরিতে না পারিয়া চারা শীঘ্র মরিয়া যায়। মৃত্তিকা পূর্ণ করিবার সময়য়. পাত্তের সম্পূর্ণ অংশ পুর্ণ না করিয়া, এক বা দেড় অঙ্গুল থালি রাখিবে। অনন্তর হাতদিয়া মৃত্তিকা সমান করতঃ পরে অল্প চাপিয়া ততুপরি বীজ রোপণ করিবে। বীজ পাতলা করিয়া রোপণ করা উচিত; ঘণ২ রোপণ করিলে, চারা তেজাল হইতে পারে না। বীজ রোপিত হইলে, কিছু মৃত্তিকা এরপে ঐ বীজের উপর ছড়াইয়া দিবে, যাহাতে বীজগুলি ঢাকামাত্র পড়ে। এই মৃত্তিকা চাপা দেওয়ার সময়ে কিছু সভক্ষতা আবশাক। কারণ क्ष्पर वौष्ट्रत छेलत, यधिक मृखिका हाला लाजिल, অঙ্কুর জন্মিনার ব্যাঘাত হইবে। বীজগুলির উপর মৃত্তিকা চাপা দেওয়া হইলে, সুক্ষাছিত বিশিষ্ট উদ্যা-নীয় জলযন্ত্র দ্বারা জল-দেচন করিয়া, পাত্র এমত शास्त त्राधित, य थात व्यक्ति त्रोत्मत छेखाश वा অত্যন্ত রুফি লাগিতে না পারে। যতদিন অঙ্কুর विह्रां ना इस, उडिमन बेरे व्यवश्रांस थाकित्व बेवर পাত্রের মৃত্তিকা ঈধৎ ভিজা রাখিবার নিমিন্ত, আব-

भाक रुटेल कि श्रि॰२ जन (महन क्रित्र। जनसूत्र অঙ্কুর উদ্ভিন্ন হইয়া, ছুই একটা পত্র বহির্গত হইলে किशेष्टिन भर्गाम आरु ७ रेनकारन के भाज नाहित्त वाबित। भरत करम, वाहित थाका मश्र इहेरल. **একেবারে বাহিরে রাখিয়া দিবে।** যথন চারাগুলি তিন চারি অঙ্গুল উচ্চ হইবে এবং তাহা হইতে তিন .চারিটা পাতা বাহির হইবে, তথন প্রাতে বা সন্ধাার সময়ে তাহাদিগকে তুলিয়া, অন্য পাত্রে পুতিবে। এই সময়ে কিছু অধিক পরিমাণে জল সেচন করিবে, আর এই অবস্থায় পাত্রকে সমস্ত রাত্তি বাহিরে द्वाधित्व । किन्नु व्यक्षिक दृष्टित मञ्जावन। दुवितन, तम রাত্রিতে কদাচ বাহিরে রাথিবে না। স্থান পরি-বৃত্তন জন্য যাবৎ চারার তুর্বলতা না সায়, তাবৎ রৌদ্রের সময় ঢাকা দিয়া রাখিবে; তৎপরে ঢাকা ব্যাবিধার আবশাক নাই। অনন্তর যথন চারাগুলি वफ् इहेशा छेठिटन, उथन जाहा मिनटक, कि हू मुख्कितात সহিত পাঁত্র হইতে উঠাইয়া, ক্ষেত্রে রোপণ করিবে।

র্হদাকার এবং উৎক্ষ জাতীয় শাক-সব্জি উৎপাদন।

बृह्माक्रुं छित भाक-मर्वाक क्षत्राहरू हहेटल, मात-मिन्ना मृखिकारक विरमय छैर्वता कतिया नहेरू हन्न। মৃত্তিকা অত্যন্ত উর্বরো না হইলে, দর্শনযোগ্য বৃহদাকার শাক-সব্জি জামিতে পারে না। কপি ও তজ্জাচুীয় কোন প্রকার শাক জন্মাইতে হইলে, উপযুক্ত
মৃত্তিকা-বিশিষ্ট ক্ষেত্রে অন্তঃ ২।।০ আড়াই অসুল
পুরু করিয়া সার দিতে হয়। ইহা অপেক্ষা অধিক
দিতে পারিলে, অধিক উপকারের সন্তাবনা।
জনীতে এত অধিক পরিমাণে সার দেওয়া অনেকের পক্ষে ক্ষীকর হইতে পারে, কিন্তু ঐ পরিমাণে
একবার সার দিলে, কয়েক বৎসর আর সার দেওয়ার আবশ্যক হয় না।

মূলা, লেটুদ, এণ্ডাইব প্রভৃতি করেক প্রকার উদ্ভিজ্জের প্রতি নিম্ন লিখিত ব্যবস্থানুদারে কার্যা করিলে তাহাদের আকৃতি রহং হইতে পানে। প্রথমতঃ নার দিরা ক্ষেত্রের মৃত্তিকা অতিশয় উর্বরা করিবে এবং ক্ষেত্র আট অস্থল গভীর করিয়া গনন করিবে। পরে, তিন বা সাড়েতিন হাত চৌড়া, ও ইচ্ছানুরূপ দৈর্ঘ্য ভূমিখণ্ডের উভয় পার্ম হইতে চুর্ন মৃত্তিকা, ভাহার উপর তুলিয়া, ভূমি অপেক্ষা ৮।১০ অস্থল উচ্চ চৌকা প্রস্তুত করিবে। পার্মের মৃত্তিকা তুলিয়া দেওয়াতে প্রত্যেক চৌকার পার্মে, জুলির ন্যায় হত্বে। প্র জুলিরও গভীরতা ৮ অসুল এবং চৌড়া ১২ অস্ক ক্ওয়া চাই।

চৌকা প্রস্তুত হইলে, তাহার উপর বীজ, বা চারা রোপণ করিবে। যথন জল সেচনের প্রয়োজন হইবে, তথন ঐ সকল জলি জলপূর্ণ করিয়া দিলেই, চৌকার মৃত্তিকা সরস থাকিতে পারে, কেবল বোমা বা তাদৃণ স্থান ছিদ্র বিশিষ্ট যন্ত্রদারা চারার উপর কিছু হ জল দিলেই তাহা বাড়িয়া উঠিবে। জুলি সকল জলপূর্ণ থাকিলে, তদ্মারা গাছের শিকড় সরস থাকিবে বটে, কিন্তু সাবধান থাকিতে হইবে, যেন অধিক জল থাকিতে না পারে; কারণ শিকড়ে জলস্পর্শ হইলে অথবা শিক্ড নিয়ত অতাম্ব ভিজা মাটিতে থাকিলে, পচিয়া যাইবে।

চারা. সকল অতাত ঘন২ হইলে, পাতলা করিয়া দিবে। অপর, চৌকার উপর ৪।৫ হাত উচ্চ করিয়া মাচা প্রস্তুত করিবে এবং প্রচণ্ড রৌদ্র বা গুরুতর বর্ষণ কালে, মাত্র কিংবা দর্মা দারা উক্ত মাচার উপরিভাগ আছোদন করিয়া দিবে। যথন প্রচণ্ড রৌদ্র বা গুরুতর বর্ষণ না থাকিবে, তথন মাচার উপর আবরণ রাখিবার আবশাক নাই। এই প্রকারে সমুদায় কার্য্য করিলে, পুর্বোক্ত উদ্ভিজ্জ সকলের আরুতি অংশেক্ষাক্ষত রূহৎ হইবে।

শাক-সব্জির আকার বড় করিবার এই প্রকার কৌশল, এখলে অধিক লিখিবার আবশাক নাই। কারণ এই পুস্তকের দ্বিতীয় ভাগে যে সকল উদ্ভিজ্জের চাষ প্রণালী লিখিত হইয়াছে, তন্মধ্যে এই কাপ কৌশল অনেক আছে। এন্থলেন্দ্রক্তব্যক্তই যে, প্রণালী শুদ্ধ চাষ করিলে উদ্ভিজ্জ সমূহের ফল, মূল, কাণ্ড প্রভৃতির আক্রতি অপেক্ষাক্ত সূল হয় বটে, কিন্তু তাহাতে অন্তঃকরণের বিশায় ক্লাইতে

পারে না। বিসায়জনক ফল, মূল, কাণ্ড, উৎপন্ন कतिरा इटेरल, विरम्भीय विशाय आठीय वीक ,সংগ্রহ পূর্ব্বক চাষ করিতে হয়। কাশীপুরস্থ গণ **रको खतीर के कर्नन भाग अध्यय न नारहर अंक जा**ठी य লঙ্কার গাছ রোপণ করিয়া ছিলেন, সেই গাছে বেগুণের মত বড়ং লঙ্কা ধরিয়াছিল। আর, ডব্-निष চু সাহেব কলিকাতাত্র টমস্লেনের বাগানে, এক প্রকার তর্ম্মজ জন্ম ইয়া ছিলেন, তাহার আরুতি এদেশীয় তর্দাজ অপেকা অনে চরুহৎ। রুলিকা-তায় অনেক ধনাত্য লোকের উল্যানে বাঁশের ন্যায় বুহদাকুতির ইক্ষু জ্মিতে দেখা গিয়াছে। কলতঃ ঐ সলক উদ্ভিজ্জ এদেশের বীজোৎপন্ন নহে, উহা ভিন্ন দেশীয় বৃহজ্ঞাতীয় বীজ রোপণে উৎপন্ন হইয়া-हिल। थे श्वकात बौक अरम् फूलंड नरही কলিকাতায় বিদেশ হইতে অনেক বীজ আদিয়া-थारक। आत आमारमत रमरभत अन, नाशू, मृज्कि। এৰপ উত্তম যে. প্ৰায় সকল দেশীয় উদ্ভিক্তই এখানে জন্মাইতে পারা যায়। অতএব ঘাঁহারা উৎকৃষ্ট জাতীয় শাক সব্জি প্রভৃতি জন্মাইতে অভিলাঘী তাঁহাদের নিমিত্ত নিম্নে কতকগুলি উচ্চি **জ্বের প্রসিদ্ধ**২ জাতির নাম উল্লেখ করা যাইতেছে। চশ্ম করিবার নিমিত্ত ঐ সকল জাভির বীজ মনো-নীত করিলে, তাঁহারা বিশেষ সয়েষে লাভ করিতে भारिद्वन ।

উত্তিজ্ঞের নাম।

প্রসিদ্ধ জাতির নাম ৷

গোল আলু

(১) আর্লি রোজ (Early rose), (২)লেট রোজ (Late rose), (২) কুকু কিড্নি (Fluke kindney), (৪) কার্টস চ্যান্সিয়ন্ (Carter's champion), (৫) ব্রিজেস্ প্রোলিফিক্ (Breese's prolifiie), (৬) ছপার্স স্থপর্ব ক্লাইনেক্ল (Hooper's superb climax.)

রেডিস

(১) ন্যামথ কলিফ র্ণিয়ন্ রেডিস χ(Mammoth Californian radish)

বিট

লাল-(১) ছপার্স ইন্কম্প্যারেবল

★ (Hooper's incomparable), (২) নিউ কিম্পন লিভড (New crimson-leaved), (৩) কমন ব্লড রেড (Common blood-red), (৪) ভাক-রেড ইজিপুসিয়ন টার্নিপ (Dark-red-Lgyptian turnip).

" ... সাদা—(১) এডিবল লিভড় (Edible leaved), (২) ইমঞ্চড্ড

উদ্ভিক্তের নাম

প্রসিদ্ধ জাতিব নাম।

সিলভার (Improved silver), (৩) করল্ড্সিল-ভার (Curled silver).

ত্র কলি

(১) थार्लि कर्निज् (Early Cornish), (২) স্থপরফাইন पार्ल (Superfine early), (৩) চ্যাপেল ক্রিম (Chappel cream), (৪) হাউডেস ডোয়ার্ফ পার্পল . (Howden's dwarf purple), (@) পার্পল কেপ (Purple cape), (৬) ব্রিমফৌন (Brimstone).

লক্ষা ও ক্যাপদিকম্ (১) বার্ডস্ আই চিলি (Bird's eye chilli), (২) চেরিংস-পুড় চিলি (Cherry-shaped chilli), (৩) লং রেড চিলি (Long red chilli), (8) লং রেড্ ক্যাপসিক্ম্ (Long red capsicum), (c) প্রিন্স অব ওয়েল্স্ (Prince of Wales), (৬) রেড টোমা-টো সেপড় (Red tomato shaped).

উ ভিজের নাম।

🕶 প্রসিদ্ধ জাতির নাম।

গাজর

(১) জেম্দেস্ ইণ্টারমিডিয়েট x(James's intermediate), (২) লং সরি (Long surrey), (৩) অল্টিংহেম্ (Altring-

नगिष्डिम्

ham).
(১) ব্রাউন ডচ্ (Brown Dutch), (২) ডুমহেড্ (Drumhead), (৩) লার্জ রেমান (Large Roman), (৪) ইন্সিরিরেল (Imperial), (৫) ব্রাউন কস্ (Brown cos), (৬) লগুন হোয়াইট (London white), (৭) পেরিস্ হোয়াইট (Paris white), (৮) আলি ইজিপ্- দিয়ন (Early Egyptian).

কপি

সিয়ন (Early Egyptian).
(১) ছইলাৰ্স ইম্পিরিএল আর্লি
নন্পেরিল (Wheeler's imperial early nonpareil), (২)
আর্লি ইয়র্ক (Early York),
(৩) টিলেস্ ভিট্ন স্থালি
ম্যারো (Tiley's new early marrow), (৪) এনফিল্ড
(Enfield), (৫) লার্জ ইম্পি-

উডিজ্জের নাম

্প্রসিদ্ধ জাতির নাম। ·

বিএল অকাহার্ট (Large imperial Oxheart). (৬) কাইন টেকেড ডুম্হেড্ (Fine tasted Drumhead), (৭) লার্জ প্রিন জর্মন (Large green German), (৮) সটসা গোলভন প্রোব (Sutton's golden globe).

ফ্লকপি

(১) ম্যামথ (Mammoth), (২)
আর্লি সর্ট ফেন্ট্ড (Early
shortstemmed) (৩) লার্জ
এসিয়েটিক (Large Asiatic,) (৪) এদেশের মথ্যে,
পাটনার ফুলকপির বীষ্ক
উৎক্রন্ট।

মট্র

(১) চ্যাম্পিয়ন ঋব্ ইংলগু
(Champion of England),
(২) আলি এম্পরার (Early
Emperor), (৩) ম্যাম্থ
(Mammoth), (৪) ব্রিটিস্
কুইন (British Queen), (৫)
ভিক্টোরিয়া ম্যারো (Victoria marrow).

ক্ষেরাস

... (3) টরবান (Turban),

উছিজের নাম।

প্রসিদ্ধ জাতির নাম।

বোষ্টন ম্যারো (Boston marrow).

রণার-বিন ... (১) পেইন্টেড্ লেডি (Painted lady), (২) কার্টার্স চ্যাম্পি-

য়ন (Carter's champion),

(৩) স্কালেট রণার (Scarlet

runner.)

.. (১) षार्लि (Early), (2) শালগাম' হোরাইট (White), (৩) ক্লাক কিন (Black skin).

প্রথম ভার সমাপ্র।

ক্ষযি চন্দ্ৰিক। ।

দ্বিতীয় ভাগ!

চাষ প্রণালী।

গোল আলু।

তরকারির মধ্যে আলু অতি উৎকৃষ্ট থাল্যি, এজন্য এদেশে ইহার বিস্তর চাব হইরা থাকে। কিন্তু ছুঃ-থের বিষয় এই, রীতিমত চাব না হওরার ও বিদেশীয় বাজ ব্যবহার না করায়, এদেশে উত্তরোজ্বই ইহার হীনাবস্থা ঘটিতেছে। এদেশের কৃষকেরা সচারাচর এক বিঘা জমীতে ৫০।৬০ মনের অধিক আলু জন্মাইতে পারে না, কিন্তু মেই নাইট সাহেব বলেন, প্রণালী-শুদ্ধ চায় করিলে, এদেশে এক বিঘা জমীতে ৩১৪ তিন শত চৌদ্দ মন আলু জন্মিতে পারে। অতএব মেং নাইট সাহেবের মত প্রধান অবলম্বন করিয়া আলুর চায় লিখিত ইইল। সারিদার হাল্কা মূতন-পলিপড়া ভুমিই আলু-চাষের পক্ষে অত্যুদ্ভম। এইকপ ভূমিতে সার না দিলেও আলুর গাছ অভিশর বাড়িয়া উঠে এবং ক্ষণ অতি স্থাত হয়। সাধারণ মৃত্তিকায় পচা

গোবরের সার, পচা পাতার সার, চুর্ণ, বালি এবং অস্থি-চুর্ণ মিশ্রিত করিয়া আলুর চাষ করিলে, তাহাতেও অধিক ফসল হইতে পারে। পরস্ত ভিজা, জমীতে আলুর চাষ করা কর্ত্তব্য নহে; করিলে গাছ সতেজ হয় না এবং পোকায় ধরে।

ঈষৎ অপক্ষ লয়াক্ষতি আলুর বীজ রোপণ করি-লে, গাছ অতিশয় তেজাল এবং ফলবান হয়। সা-ধারুণতঃ তিন চারিটা চে:ক্-বিশিষ্ট মধ্যম পরিমা-ণের আলু, বীজ ব্দে গণ্য হইতে পারে। এদেশীয় ক্ষকের। বীজের নিমিস্তে অতি ক্ষুদ্ধ আলু রাথে, উহা ফদল বড় না হইবার একটা কারণ।

যে ক্ষেত্রে আলুর চাষ করিতে হইবে, প্রথমতঃ
তাহার মৃত্তিকা একপে খনন করিবে যে, এক হস্ত
গভাবের মৃত্তিকা পর্যায় আল্গা হইয়া যায়। ক্ষেত্র
খনন করা ইইলে, মৃত্তিকা ধূলিবৎ চুর্গ করিবে।
অতঃপর দেশীয় বীজ হইলে ১৮।১৯ অঙ্গুল এবং
বিদেশীয় বৃহজ্জাতীয় বীজ হইলে, ৩২ অঙ্গুল অন্তর
জ্বলি প্রস্তুত করিবে। জুলির গভীরতা অর্দ্ধ হস্ত
হওয়া আবশ্যক। এ জুলির মধ্যে প্রথমাক্ত বীজ
১৮ অঙ্গুল এবং দ্বিতীয় প্রকার বীজ ৪০ আল অন্তর
রোপণ করিবে। বীজ যেকপ অন্তর২ রোপণের কথা
লিখিত হইল, তাহাতে দেশীয় বীজ ক্রুপ্রেক্ত্রশ
বিদেশীয় বীজের পক্ষে ব্যবস্থা, কিছু অধিক বলিয়া
বোধ হইতে পারে। কিন্তু যথন বিদেশীয় বীজে
সাড়ে পাঁচসের অপেক্ষা অধিক ভারী এক একটা

আলু হয়, তথন উহা অসক্ষত নহে। বীজ রোপণ সময়, যে দিকে অধিক চোক্ থাকিবে, সেই দিক উপরে রাখিয়া মাটি চাপা দিবে। সাটি চাপা দিবার কালে সতর্ক থাকিতে হইবে, যেন অঙ্কুরের কোন ব্যাঘাত না ঘটে। বীজের উপর চারি ক্রলের অধিক মাটি চাপা দেওয়ার আবশ্যক নাই।

বীজ রোপণের পর অঙ্কুর সকল একটু বড় হইয়া উঠিলে, মাটি খুঁজিয়া দিবে। পরে চারাসকল । ৫ অঙ্গুল উচ্চ হইলে, তাহাদের রুদ্ধি একং তেঞ্জস্বীতার নিমিত্ত মধ্যে২ জ্লির উভয় পার্শ্বের মাটি গুড়িয়া অপ্পথ করিয়া গেড়ায় দিবে। চারার গোড়ার এই ৰূপে যত অধিক বার মাটি দেওয়া হইকে. তত্ই ভাল। মাটি দিতে২ চারার গোড়ার মাটি প্রথম রোপণের স্থান অপেক্ষা অন্তঃ ১৫।১৬ অধূল উচ্চ করিবে। অতঃপর যথন গাছে ফুল ধরিবে, তপন কঁজিগুলি চিপ্টাইয়া দিবে, তাহাতে ফদল অ্ধিক हेरेरव। आंभारनत प्लाम यानूत क्लाउँ अधिक जन সেচনের আবেশ্যক হয় না। ত্রিহুত, আরা প্রভৃতি **क्ला** वोक (ताभग कतिशा)२।)८ वात कल (मह-त्नत्र প্রয়োজন হয়, কিন্তু আমাদের দেশে ৪ বার कल (महन कहितल है या थ के इस । अ कल-(महन সার্ভাদন অন্তর্থ করিবে।

বৃহদাকার বীজের এক এক ভাগে ২।০টা চোক্ থাকে একপে কাটিয়া রোপণ করিলেও চারা হয়, কিন্তু কাটিয়া রোপণ করা অপেক্ষা, অথও বীজ রোপণে অধিক কদল হয়। খণ্ডং করিয়া পুতিলে অঙ্কুর বাহির হইবার অত্যে, প্রায় ঐ দকল খণ্ড শুদ্ হইয়া যায় এবং-পোকায় ধরে।

আলুর গাছ যথন একেবারে শুষ্ক হইবে তথন ফদল তুলিয়া ফেলিবে। এক ভূমিতে একক্রমে তুই বৎদর আলুর চাষ করিলে, প্রথম বৎদর অপেকা দ্বিতীয় বৎদরে ফদল বড় হয়।

বীজে যে অঙ্গুর জন্মে. তাহা তৈলপায়িকা, ভূঞ্গারক পোকা প্রভৃতিতে নট করে। অঙ্কুরের গোড়ায় কাটের ছাই দিলে, ঐ উপদ্রব থাকে না। ভাদ্র মাদের শেষ হুইতে কার্ত্তিক মাদের কিছু দিন প্র্যান্ত আলু চাবের উব্যুক্ত সময়। চাথের নিমিন্ত দেশীয় বীজ প্রতি বিঘার উদ্ধ সংখ্যা সোয়া মন, আবশ্যক করে। কিন্তু বিদেশীয় বীজ ইহা অপেক্ষা অনক কম লাগে।

রেডিস (মূলা)।

বেডিদ স্বাধের নিনিত্ত মধাবিধ উর্বরা ভূমি হইলেই যথেই হয়। রেডিস তিন প্রকার; যথা, শালগাম জাতীয়, দ্র্মুলীয় এবং স্পেনিজ জা-তীয়। প্রথম প্রকারের চাষে ১২ বার, দ্বিতীয় প্রকার্ত্ত রের চাষে যোল এবং শেষোক্ত প্রকারের চাষে ২০ কুড়ি অঙ্গুল গভীর করিয়া। ক্ষেত্র খনন করিবে,

^{*} মালিরা ইহাকে আগুাসূলা বলিয়া থাকে।

অর্থাৎ কর্ষণ কালে ক্ষেত্রের ঐ পরিমিত নীচের মৃত্তিকা আল্গা করিবে। পরে মৃত্তিকা ধূলিবৎ চুর্ণ ক্রিয়া, তাহা হইতে কাঁকর, প্রস্তর প্রভৃতি বাছিয়। ফেলিবে। অনন্তর ক্ষেত্র মধ্যে চৌকা প্রস্তুত করিয়া কিয়া খোঁটা দারা শ্রেণীবদ্ধ ৰূপে গর্ত্ত করিয়া নীজ রোপণ করিবে। ঐ চৌকা বা শ্রেণী উত্তর দক্ষিণ ক্রমে লয়া করিবে। বীজ রোপিত হইলে, মধা।-হের প্রথর রৌদ্রের সময়, আচ্ছাদন দারা ছায়া कतिशा मित्त। होकात मस्या नीक छ्डाई (ल, वड़ ঘণ২ চারা জন্মে। অতএন চারা গুলিতে ছয়টা করিয়া পাতা বাহির হইলে, তাহাদিগণে পাতলা করিয়া দিবে। শালগাম্জাতীয় রেডিসের চারা ৮ অগুল, দীর্ঘসূলীয় জাতির চারা ৫ অঙ্গ এবং স্পেনিজ জাতির চারা ১০ অ্ল অন্তরহ রাথা কর্ত্তব্য। ভূমিতে গর্ত্ত করিয়া বীক্ষ পুতিলেও গর্ত্ত मकल छेक नियमाञ्चारत अग्रतर कतिर्त । (त्र छ-(मत क्कां या या के कन (महन कता • आवना क, নতুবা ইহা শীঘ্র কঠিন ও আঁশযুক্ত হইয়া পড়ে। অত্যন্ত বড় করিবার আশায়, রেডিদকে অধিক দিন ক্ষেত্রে রাখিলে, ইহার উপাদেয়ত্র থাকে না।

বিদেশীয় উৎকৃষ্ট বীজে অপেকাকৃত উত্তম কসল ইয় +-- আমিন হইতে অগ্রহায়ণ পর্যান্ত রেডিদ চাষের উপযুক্ত সময়।

দেশীয় মূলার চাষ কার্ত্তিক মাসে আরম্ভ হয়। ইহার চাষ প্রণালীও পুর্বোক্ত ৰূপ। তিন চারি বৎসরের পুরাতন বীজ হইলে দেশীর মূলা ভাল জন্মে। এক ছটাক মূলার বীজে এক কাঠা জমীর চায ক্রিয়া সম্পন্ন হইতে পারে।

विषे।

ি বিট নানাবিধ; তন্মধ্যে ছুই প্রকার উদ্যানে রেপণ করিবার উপযুক্ত; অন্যান্য প্রকার সাধা-রণতঃ প্রস্তুদিগের আহারার্থে ব্যবহৃত হয়। আমা-দের আহারের নিমিন্ত লাল ও সাদা বিট উক্তম।

অন্যান্য সামুদ্রিক সব্জির ন্যায়, বিট অত্যন্ত লবণাশী; যে ক্ষক ইহার ক্ষেত্রে প্রচুর পরিমাণে লবণের সার দেয়, সে কদাচ ইহার নিমিত্ত ক্ষতি-গ্রন্থ হয় না। পরস্তু ক্ষকদিগকে ইহা স্মরণ রাখা কর্ত্তব্য যে, বিটের আকৃতি তত রহৎ করিবার আব-শ্যক নাই; কারণ অর্দ্ধহন্ত বেড় এবং ১৭।১৮ অব্ল দীর্ঘ হইতে না হইতেই ইহা আঁশযুক্ত ও কঠিন হইবার উপক্রম হয়। লাল বিটের মূল এবং সাদা বিটের পত্র আহার। থে ব্যবহৃত হইয়া থাকে।

বিট জন্মাইবার নিমিন্ত, ক্ষেত্রের মৃত্তিকা একগজ পরিমাণে গভীর করিয়া খনন করিবে এবং খনিত মৃত্তিকা উত্তমরূপে চূর্ণ ও কাঁকর শূন্য করিছে। পরেঁ পূর্ববেষীয় সারের সহিত্, লবণ ও বালুকা মিশ্রিত করিয়া তাহা ঐ ক্ষেত্রের মৃত্তিকার সহিত মিশাইবে। এই প্রকারে ভূমি প্রস্তুত হইলে, ১৮ অঙ্কুর অন্তরহ পাঁচ অঙ্গুল উচ্চ করিয়া আলি প্রস্তুত করিবে। ঐ সকল আলি উত্তর দক্ষিণাভিমুখ হওয়া চাই এবং ,তাহাদের উপরে যেন দিবসের কোন সময়ে ছায়া না পড়ে। মৃত্তিকা প্রচুর পরিমাণে খনিতনা হইলে, মূল সকল হইতে কোঁড় বাহির হইয়া নিস্তেজ ও অকর্মণ্য হইয়া যায়।

নূতন বীজ লইয়া চাষ করিলে, বিট উত্তম জন্ম।
শী অ জনাইবার ইচ্ছা হইলে, বীজ ভাদ্র মানে মুথার পাতে অথবা বাক্সের মধ্যে বপন করিবে। আধিন মানের মধ্যেই ঐ সকল বীজ হইতে অঙ্কুর উদ্ধাত হইয়া চারা জন্মিবে এবং সেই সকল চারা উপরোক্ত নির্মানুসারে আলিতে রোপণ করিবে। এই ৰূপ ভাদ্র হইতে পৌষ মান প্র্যান্ত বীজ রোপণ করিয়া একাধিক বার কসল পাওয়া যায়।

বিটের চারা গুলিকে বিনা ক্লেশেই স্থানান্থরিত করা যাইতে পারে। কারণ মূল-নিকড় না ছিঁড়িলে ডাহাদিগের কোন প্রকার অনিষ্ট হয় না। প্রথম কসল উঠিয়া গেলে দ্বিতীয় কসলের সময়, আলির উপরে ১৬ অঙ্গুল অন্তরেং এক একটা গর্ক করিয়া, ডন্মধ্যে তিন চারিটা বীজ নিহিত করিবে। যথন চারা গুলিতে ৪টা পত্র উদ্যাত হইবে, তথন নিস্তেজ কারুগুলি বাছিয়া কেলিবে।

শ্বেত বিটের পত্র সকল বড়, এজন্য এই জাতীয় চারা ২০ অঙ্গুল অন্তরে২ স্নোপণ করিবে এবং ইহার রোপণের আলিও, ২০ অঙ্গুল অন্তর করিতে হইবে। এই শেত বিটের চারা আলির উপরে রোপণ করার পর একমাস গত হইলে অর্থাৎ চারা গুলি বাড়িয়া উঠিলে তাহাদের মধ্য হইতে তৃণ ও পতিত পত্র বাছিয়া কেলিবে। এই পরিষ্কার করণ সময়ে অত্যন্ত সতর্ক হওয়া চাই; কারণ শেত বিটের পাতা অতি-শয় ভক্ষ প্রবণ।

বিটের ক্ষেত্রে প্রচুর জল সেচন করা আবশ্যক।

শালগাম্।

শালগণম্ অতি পুটিকর সব্জি; ইছার পত্র ও মূল উভরই আমাদের খাদা। কিন্তু সচরাচর দেখানার, যে শাল্গামের পত্র উৎকৃষ্ট, তাহার মূল ভাল নহৈ এবং যাহার মূল উত্তম, তাহার পত্র জঘনা। আলি, হোরাইট, রাক্সিন্, হুপর্স্-ইম্প্রুবড়ানার পূল্ উৎকৃষ্ট। আরু, সুইড্ জাতীর শাল্গাম্, সুখাদা পত্রের নিমিন্ত বিখ্যাত। কিন্তু এই শেষোক্ত জাতির মূল এরপ নিকৃষ্ট যে, আহারের অভাব না ঘটিলে, পশুরাও ইছা ভক্ষণ করিতে চাহে না।

চাবের নিমিত্ত বিদেশীয় বীজই উত্তম। বীক্ত যত টাট্কা হইবে, ততই তাহাতে অধিক কদল জুঝিবে। উর্বার হাল্কা মৃত্তিকা-বিশিক্ট ক্ষেত্রে, কিছু লবণ মিশ্রিত করিয়া চাফকরিলে, শাল্গাম্ উত্তম জন্মে। ইহার বীজ চৌকা মধ্যে বা আলির উপরে রোপণ করিবে।

শাল্গামের চারায় যথন চারিটী পত্র বহির্গত হইবে, তথন তাহাদিগকে নাড়িয়। পুতিবে। নাড়িয়। পুতিবার সময় একটার ৮ অঙ্গুল ব্যবধানে, আর একটা চারা রোপণ করিবে। ইহার পত্রে যত বায়ু ও আলো লাগিবে, ততই ভাল। চারা গুলির মূল, মৃত্তিকা দ্বারা উত্তমন্ধপে আচ্ছাদিউ করিয়া দিবে এবং প্রত্যহ জল সেচন করিবে। ভাজ মানের শেষ হইতে আশ্বিন মানের শেষ পর্যাপ্ত, বীজ রোপণের উপযুক্ত সময়। উর্দ্ধ সংখ্যা দেড় ছটাক বীজ হইলে, এক কাঠা জমীর চাষ চলিতে পারে।

মক্ষিকা ইহার বড় শক্ত। যথন মক্ষিকার উপদ্রব আরম্ভ হইবে, তখন চারার গোড়ায় কাঠের ছাই দিবে, তাহা হইলেই মক্ষিকা সকল শীঘ্র মরিয়া যাইবে।

গাজর।

গাজর ব্রটিন দেশে স্বভাবতঃ জয়ে; উৎক্রফ স্বৃদ্ধি বল্লিয়া, এদেশেও ইহার বিস্তর চাষ হইয়া থাকে এবং এদেশে ইহা উত্তম জন্মাইতেও পারা যায়। গাজর কেবল বীজ বপনে উৎপল্ল হয়। বালি মিশ্রিত ঝুরা মৃত্তিকা গাজর জন্মাইবার পক্ষে উপযুক্ত। ইহার বীজ অতিশয় লঘু, অপপ বাত্রিনেই উড়িয়া যায়, এজন্য নির্বাত-পরিষ্কার দিবসে বাজ বপন করে। উচিত। ইহার চাষের নিমিত্তু মৃত্তিকা অত্যন্ত গভীর করিয়া খনন করিবে। খনন করা যত অধিক হইবে ততাই ভাল। মৃত্তিকায় কাঁকর, প্রস্তুর প্রভৃতি থাকিলে, মূল প্রবেশের ব্যাহ্যাত হয়, অত্এব সে সকল বাছিয়া ফেলিবে।

শুদ্র-মূল জাতীয় গাজরের বীক্স ভাদ্র মাদের প্রথমে, এবং মধ্যবিধ মূল-বিশিক্ট জাতীয়ের বীক্স ভাদ্র মাদের শেষে, আর দীর্ঘমূল জাতির বীক্ষ আধিন মাদের মধ্য ভাগে বপন করিবেক। আর এক প্রকার গাজর আছে, তাহার মূলের আরুতি শৃক্ষের ন্যায়। দীর্ঘমূলায় গাজর অপেক্ষা তাহা শীঘ্র পূর্ণবিস্থা প্রাপ্ত হয়।

বীজ বপন করিয়া জল সেচন করিলে, কয়েক দিনের মধ্যে তাহা হইতে অঙ্কুর উদ্ভিন্ন হইয়া চারা জানিবে। চারা গুলিতে চারিটা করিয়া পাতা বাহ্র হইলে, তাহাদিগকে পরস্পর ৫ অঙ্কুল অন্তর্গ করিয়া রোপণ করিবে এবং ইহার কিছু দিন পরে, চারা গুলি একটু বড় হইলে, পুনরায় স্থানান্তর করিয়া ১২।১৩ অঙ্কুল অন্তরেং রোপণ করিবে। চারায় যথেন্ট জল দিবে। ক্ষেত্র-মধ্যে অনিউকুারী উুণ্ছিল্মিলে, নিড়ান দ্বারা তুলিয়া কেলিবে। ক্যৈন্ট ক্যালে, নিড়ান দ্বারা তুলিয়া কেলিবে। ক্যৈষ্ঠ মাসের মধ্যে চারা সকল পূর্ণাবস্থা প্রাপ্ত হয় এবং তথ্ন তাহাদিগকে উৎপাটন করা যাইতে পারে।

'গাজরের বীজ রাখিবার প্রয়োজন না হইলে, চারা নাড়িয়া পুতিতে হয় না। দেড় ছটাক গাজরের , বীজে এক কাঠা জমীর চাধ-ক্রিয়া সম্পন্ন হইতে পারে।

বুকোলি।

এই উদ্ভিক্ষ ভারতবর্ষে জন্মাইতে অধিক মুর্বের আবশ্যক করেন।। ভারতবর্ষের নিম্নতল প্রদেশ-সমূহে ইহা অতি উত্তম জন্মে। ব্রকোলি তিন প্রকার; সাদা, বেগুণে ও সবুজ। ইহার টাট্কা বাজ সংগ্রহ পূর্বেক ভাজ বা আশ্বিন মাসে বপন করিবে; বপন করিয়া বাজের উপর ধূলিবৎ চূর্নিত মৃত্তিকা অতি পাতলারূপে (এক অঙ্গুলির ষ্টাংশ পরিমাণে) চাপা দিবে এবং জল সিঞ্চন করিয়া স্বাধাণ ঐ মৃত্তিকা সরস রাখিবে।

ভাদ মানে ঘরের বার গুরে বা তাদৃশ হারা-বিশিষ্ট স্থানে গাম্লাতে চারা জন্মাইয়া, আশ্বিন মাদে সেই সকল চারা স্বতন্ত্র স্থানে রোপণ করিবে। যথন চারা গুলিতে ৬টা করিয়া পত্র উদ্যাত হইবে, তথন তাহা-দের কাঁটা ভাঙ্গিয়া দিবে: এবং যথন ১২টা পত্র উদ্যাত হুইবে, তথন তাহাদিগকে ঐ স্থান হইতে উঠাইয়া পরস্পার পৌনে তুই হাত অন্তরে২ ক্ষেত্রে স্থিরতরক্ষপে পুতিয়া দিবে। ইহার পর আর স্থানান্তর করিবার আবশ্যক নাই। চারায় ফুলের স্থচনা হইলে, তুই একটা পাতা ভাঙ্গিয়া তদ্ধারা ঐ তরুণ পুস্পাকে চাপাদিয়া রাথিবে, অন্যথা রৌদ্র বার্ফিতে পুস্পানফ হইয়া, যাইনে। অনন্তর ফুল বাড়িয়া উঠিলে তাছাকে কাটিয়া লইবে।

योग-कडू।

মান-কুচুর চাষ ভিন্ন২ দেশে ভিন্ন২ সময়ে হইরা থাকে, কিন্তু সাধারণতঃ কার্ত্তিক, অগ্রহারণ মাসই ইহার চাষের উপযুক্ত সময়। দোআঁশ মৃত্তিকা-বিশিষ্ট ক্ষেত্র, মান-কচু চাষের পক্ষে উৎক্ষট। ক্ষেত্রর মৃত্তিকা খনন করা ও খনিত মৃত্তিকা চূর্ন করা হইলে, ১ হাত ১৮ হাত অন্তর২ সারি২ গত্ত করিবে। অনন্তর ঐ সকল গর্ত্তমধ্যে চারা রোপণ করিয়া, কিয়ৎদিবস পর্যান্ত তাহাদের মূলে জল সেচন করিবে। গাছ বড় হইলে, তাহাদের মূলস্থ মৃত্তিকা খুঁড়িয়া, মূলে ছাই দিতে পারিলে, মান-কচুর কাণ্ড অতিশয় রিদ্ধি পাইয়া থাকে। চারা রোপণ সময়ে তাহাদের কেবল মাইজ পত্রটী রাখিয়া অবশিষ্ট পত্রগুলি কাটিয়া কেলিবে। অধিক রসমুক্ত ভূনিতে অথবা ছায়া-বিশিষ্ট স্থানে মান-কচুর চাষ করিলে তাহা স্প্রিদ্ধি হয় না।

কোন২ দেশে বর্ষার অব্যবহিত পূর্ব্বে মান-কচুর চাষ আরক্ক হয়। তত্রত্য লোকেরা ক্ষেত্র মধ্যে তুই কি আড়াই হস্ত পরিমিত স্থানের উভয় পার্শ্বে নালা কাটিয়া উপরে মাটি তুলে। সমৃদায় ক্ষেত্রে এই-ক্ষপ করা হইলে উক্ত ক্ষেত্র খণ্ড দৃকলের উপরিস্থ তোলা-মৃত্তিকা উদ্ভমকপে চৌরস করিয়া প্রত্যেক খণ্ডে তুই তুইটা শ্রেণী করে। অনন্তর প্রতিশ্রেণীতে এক এক হাত অন্তর গর্ভ করিয়া চারা রোপণ পূর্ব্বক মূলের খাদ কাস মৃত্তিকা দারা পূর্ণ করিয়া দেয়। বর্ষারন্ত হইলে চারাঞ্জুলি বিলক্ষণ সতেজ হইয়া সংবৎসরেই স্থল-কাণ্ড হইয়া উঠে। পৃক্ষরিণী কাটিয়া যে স্থানে মাটি কেলে সেই স্থানের ঐ মূতন মৃত্তিকার চার্। রোপণ করিলেও কচু বড় হইয়া ঘাকে!

उन ।

কাল্পন মাস হ'তে চৈত্র মাসের কিছু দিন'
পর্যান্ত ওল চাথের উপযুক্ত সময়। যে কেত্রের
মৃত্তিকার বালি ও চিক্কা উভয়বিধ মৃত্তিকার তুলা
সংস্থাব আছে, তাহা ওল চাথের নিমন্ত উৎক্র ই।
ক্ষেত্র খনন পূর্বেক মৃত্তিকা উত্তমক্রপে চুর্ণ করিবে
ও তাহাতে সার দিবে। 'খোইল ও গোময়ের সার
ওলের পক্ষে বড় উপযুক্ত। ক্ষেত্রের পাটি কার্যা
ভালেরপ সুস্পন্ন হইলে, এক এক হস্ত ব্যবধানে সারি
সারি আলি প্রস্তুত করিবে, প্রত্যেক আলির উপরে
১৫।১৬ অঙ্গুল অন্তরহ ওকের বেঁজি রোপণ করিবে।

^ল কোন্য দেশে ইংকে ওলের গাঁইট হলে।

रेठक मारत मर्पारे थे नकन रवँ कि रहेर कने (७क) दिश्तं उरहेश थारक। हाता कि निर्माल, मर्पार हारा प्रति प्रमाल मुखिता थारक। हाता कि निर्माल मर्पार हारा प्रमाल मुखिता थारक। कि तहा। कि विकास मार्क पर करा शांक मिला प्रमाल कि निर्माण कर करा है कि निर्माण कर करा है कि निर्माण कर करा है कि निर्माण कर है

এরারুট।

দোআঁশ মৃত্তিকায় এরারুট উত্তম জন্মে। বৈশাধ-হইতে আঘাঢ়ের কিয়দ্দিবদ পর্যান্ত ইহার চাষের উপযুক্ত সময়। ঐ সময়ে ক্ষেত্রের মৃত্তিকা কিছু অধিক পরিমাণে খনন করিয়া, খনিত মৃত্তকা উত্তম काल हुन कि तित्व विषश् काशांक शूर्व वर्णति नात्र नात्र निमाहेत् । व्यक्तश्र ३२।३७ व्यक्त व्यक्त र्यान मिमाहेत् । व्यक्तश्र व्यक्त ३२।३७ व्यक्त व्यक्त र्यान मिमाहेत् । व्यक्त व्

আনা ও হরিদ্রা।

আদা— ইহার মূল খণ্ডং করিয়া একং শণ্ড পুর্তিয়া
দিলে গাছ হয়। বৈশাথ হইতে আঘাড়ের কিয়দিবেস পর্যান্ত চাষের উপযুক্ত সময়। উর্বরা
হাল্কা শুদ্ধ মৃত্তিকা-বিশিক্ত ক্ষেত্রে, এক হাত অন্তর
আলি প্রস্তুত করিয়া অথবা ঐ পরিমিত অন্তরে
শ্রেদী করিয়া মূল রোপণ করিবে। মূলগুলি পর-

^{*} এরাকট আদা জাতীয় বৃক্ষ। ইংার ফল হয় না; আদা, হরিদু। প্রভৃতির ন্যায় মূল হইতে গাছ জন্মে। এজন্য ঐ মূলকে বীজ বলিয়া উল্লেখ কর্ম গেল।

স্পার ৮ অঙ্গুল ব্যবধানে পুতিতে হইবে। চারা-জন্মিলে মধ্যে২ মূলের মৃত্তিকা খুঁড়িয়া আল্গা করিয়া দিবে।

আম-আদা—ইহার চাষ আদার ন্যায়। মধ্যম প্রকার উর্বরা ভূমি ইহার পক্ষে যথেষ্ট। ফাল্গুন মাদের শেষ হইতে আঘাঢ় মাদ পর্যান্ত মূল সকল ক্ষেত্রে রোপণ করা ষাইতে পারে।

ইরিজা—মধ্যবিধ উর্বারা ভূমিতে আদার ক্ষেত্রের
ন্যায় এক হাত অন্তরেই আলি প্রস্তুত করিয়া তত্ত্ব-পরি পরস্পার অর্দ্ধা হস্ত ব্যবধানে মূল রোপণ
করিবে। চারা জন্মিলে মধ্যেই আলির পার্শার জুলি হটতে মৃত্তিকা উত্তোলন করিয়া চারার মূলে
দিবে। শীত আরম্ভ ইইলে এইৰূপ মৃত্তিকা দিবার আবশাক হয় না। কাল্তুন মাসে ক্ষেত্র হইতে হরিজা উৎপাটন করিবে।

শাক-আলু।

যে ক্ষেত্রের মৃত্তিকার চিক্কণ অপেক্ষা বালির ভাগ
কিছু অধিক, দেই ক্ষেত্রে শাক-আলু উত্তম জন্ম।
দোঅশৈ মাটিতেও ইহার চাষ হইয়া থাকে। ক্ষেত্র উত্তমক্রপে পাটি করিয়া ১৫1১৬ অঙ্গুল অন্তরং আনিশ্ প্রস্তুত করিবে এবং ঐ আলির উপরে, অর্ক্ষ্নন্ত ব্যব-ধানে বীক্ষ রোপণ করিবে। মৃত্তিকা সরস রাখিবার নিমিত্ত আবশ্যক মত জল দেচন করিবে। চারা জনিলে মধ্যেই তাহাদের মূলস্থ মৃতিকা থুড়িরা আল্গা করিয়। দিবে। আলি প্রস্তুত না করিয়। কেতের মৃত্তিকা সমান রাথিয়াও বীক্ষ রোপণ করা হইয়া থাকে। শ্বেতবর্ণ শাক-আলুর বীক্ষ বিষবৎ অপকারী; থাইলে মৃত্যুর সন্তাবনা। অতএব উহার চাষ বসতি স্থানের নিকটে করা উচ্তি নহে। বৈশাথ ইইতে আঘাঢ় মাস প্র্যান্ত শাক-আলুর চায় হইয়া থাকে।

কোলরেবি।

এই সব্জী উৎপাদনার্থ সার দেওয়া উর্বরা ভূমি আবশ্যক। কয়েক বৎসরের মধ্যে ইহার বিশেষ উন্নতি হইয়াছে। যে গাছের পত্র অল্প, মূল বড় এবং নিটোল সেই গাছ হইতে বীজ লইবে। এদেশে ইহা অতি স্থাদ্য সামগ্রী।

আখিন মাদে অনার্ত চৌকার মধ্যে বীজ রোপণ করিবে। চারা গুলিতে ৩।৪টা পাতা বাহির হইলে তাহাদিগকে নাড়িয়া পরস্পর ২০ অঙ্গুল অন্তর করিয়া অন্য চৌকায় কিয়া আলিতে রোপণ করিবে। আলিগুলি পরস্পর এক হাত ব্যবধানে করিতে হইবে। জল সিঞ্চনের নিয়ম শাল্গামের ন্যায়।

কোলরেবি চাষের নিমিক্ত বিদেশীয় বীজই উত্তম। পূর্ব্বে এদেশে যে বীজ আমদানী হইয়াছিল, তাহা বেগুণে ও সবুজ রঙ্গের, কিন্তু এখন দিন২ ইহার নানা জাতি উৎপন্ন হইতেছে। ইহার চারার কাণ্ড মৃত্তিকাইতৃ করা উচিত নহে। ক্ষেত্রে মুখা, তৃণ. কাঁটাগাছ প্রভৃতি জনিলে, তৎসমুদায় নীড়ান দ্বারা ভূলিরা ফেলিবে।

মাট কলাই বা চিনের বাদাম।

মাট কলাইরের চাষ আশ্বিন ও কার্ত্তিক মাসে
করিবে। দোআঁশে মৃত্তিকার ইহা উত্তম জন্ম।
প্রথমতঃ, ক্ষেত্রকে খনন করিয়া মৃত্তিকা ধূলিবৎ চুণ
করিবে। অনন্তর থোইল বা গোময়ের সার প্রদান
পূর্বাক মৃত্তিকা সমান করিয়া লইবে। পাটি করিবার
মময় ক্ষেত্রের মৃত্তিকা ধূলিবৎ চুর্ণ করা নিভান্ত আবশ্যক; কারণ গাছ বড় হইলে তাহাতে ফুল ধরিয়া
প্রথমতঃ মৃত্তিকায় লুঠিত হইয়া পড়ে; অনন্তর কল
হইলে তাহা মৃত্তিকা ভেদপূর্বাক অভ্যন্তরে গিয়া
অবস্থিতি করে।

চারা বড় হ**ইলে মূলের মৃ**ত্তিকা থুঁড়িয়া আল্গা করিয়া দিবে। কেত্রে অপকারী তৃণ জন্মিলে, নিড়েন দ্বারা তাহা তুলিয়া কেলিবে।

यका।

ভারতবর্ষ-বাসীরা মক্কা * নানা ৰূপে আহার করে,

[🍍] ইহাকে কোনং দেশে জনার এব ১ ভূটা বলিয়া থাকে।

তাবং এদেশের কোন হ স্থানে ইছা প্রধান থাদা।।
খেত ও পীত এই ছাই-জাতীয় মক্কাই ভাল।
বৈশাথ মানের শেষ হইতে পৌষ মাস পর্যান্ত ক্রমে
বীজ রোপণ করিলে, ক্রমাগত ফসল পাঞ্জা যায়:
তবে যত বিলয়ে রোপণ করা যাইবে, গাছের শীষ্ট্রলি তত ক্ষুদ্রাক্তি হইবে। ইছার চাষের নিমিন্ত
চিক্রণ মৃত্তিকার ভাগ অধিক থাকে, একপ ক্ষেত্র
উপযোগী। জমীতে চাষ দিয়া অত্যত্প পরিমাণে
সার দিবে; অধিক সার দিলে গাছে বিশুর পাতা
বাহির হয় কিন্তু ফসল ভাল জন্মেনা। ক্ষেত্রের
মধ্যে ১৮।১৯ অঙ্গুল অন্তর্ব শ্রেণী করিয়া, পরস্পার
৮।৯ অঙ্গুল ব্যবধানে বীজ রোপণ করিবে।

চারাগুলিকে আপন্থ পত্র ছারা পরস্পরের
সহিত আবদ্ধ রাখা উচিত; কারণ জল সেকারের
তাহাদিগকে হঠাও ভূমিদায়ী হইয়া পড়িতে দেখা
গিয়াছে। যদি মূল সকল জমার উপরে বাহির হয়
তবে তাহাদিগকে মাটি চাপা দিবে। বর্ষা
গত হইলে, ক্ষেত্রে প্রচুর জল সেচন করা আবশ্যক।
শীষ সকলে দানা ধরিতে আরম্ভ করিলে, টিয়া ও
অন্যান্য পক্ষীতে অতাম্ভ কতি করে, এনিমিক্ত
তৎকালে, দিবাভাগে সর্বাদা রক্ষণাবেক্ষণ করা
উচিত।

কার্ডুন।

বালুকা মিশ্রিত উর্বরা মৃত্তিকার এই সব্জি
প্রভূত পরিমাণে জনিয়া থাকে। ক্ষেত্র মধ্যে তিন ।
বা সাড়ে তিন হাত অন্তরহ সারি প্রস্তুত করিয়া
প্রত্যেক সারিতে আড়াই হাত অন্তরহ এক একটা
গর্ত্ত করিবে এবং প্রত্যেক গর্ত্তে তুইটা করিয়া বীজ
প্রোথিত করিবে। যথন চারাগুলি ১৫।১৬ অঙ্গুল
উচ্চ হইবে, তথন প্রতি গর্ত্ত হইতে অপেক্ষাকৃত
নিস্তেজ দারা উৎপাটন করিয়া, এক একটা গর্ত্তে এক
একটামাত্র চারা রাখিবে। ক্যান্ত মাস বীজ রোপণের উপযুক্ত সময়। কার্ডুন আহারোপযুক্ত হইবার
পূর্ব্বে তাহাকে শ্বেত্বর্ণ করিতে হয়*। ইহার
অভ্যন্তরের পাতা ও কোঁড় উপাদেয় থাদ্য।

চারা সকল ছুই হাত উচ্চ হইলে, তাহাদিগকে একত্র করিয়াবান্ধিয়া দিবে; তাহা হইলে ১০ দিনের মধ্যে তাহারা শ্বেত বর্ণ হইবে।

^{*} এই খেতবর্ণ করিবার প্রক্রিয়াকে ইংরেজিতে ব্লাঞ্জিং (Blanching) কছে। ইছা করিতে ছইলে, চারাটাকে আলোক সংসর্গ রিছত করিতে ছয়। এতদেশে এই প্রক্রিয়া করিয়া বাঁশের কোঁড়ক কাইয়া থাকে অর্থাং বাঁশের কোঁড়ক কোন মূল্ময় পাত্র ছাক্স আবৃত করিয়া রাখিলে, কিছু দিন পরে তাছা খেত বল ছয় এবং বাদ্ধা কপির অভ্যন্তর ভাগের আকার ধারণ করে: তথ্নী ভাছা রন্ধন করিয়া থাওয়া যাইতে পারে।

আর্টি-চোক (হাতি-চোক)।

আর্টি-চোক ছুই প্রকার, স্থৃচিকাগ্র ও গোল। ব্লীজ এবং ফেঁক্ড়ী উভয় হইতেই ইহাকে উৎপন্ন করা যাইতে পারে। উত্তম উর্বেরা মৃত্তিকা-বিশিষ্ট ক্ষেত্রকে ভালৰূপে পাটি করিয়া ত্রাধ্যে আলি প্রস্তুত করিবে। তুই আলির মধ্যবর্তী-ব্যবধান অন্তঃ এক হস্ত হওয়া আবেশ্যক। আলি প্রস্তুত **इटे**रल তाहोर्ड ১७ अङ्गल অন্তরহ বীজ রোপণ করিবে। চারা জ নিয়া যাবৎ তাহারা ১৬।১৭ অঙ্গুল উচ্চ ना इहेर व जाव श्वाहानिशरक स्थान अर्थ कर्ति-বে না; কিন্তু ঐ পরিমিত বাড়িয়া উঠিলে,নাড়িয়া পরস্পর একগজ অন্তরে রোপণ করিবে। ক্ষেত্রে প্রচুর পরিমাণে জল সেচন অবেশ্যক। বীজোৎপন্ন-চারার প্রতি যে প্রকার কার্য্য করণের কথা উক্ত **इरेन, (फँ**कड़ी मम्राक्ति (मरेक्ति कतिरा हरेरव। আর্টি-চোক্ চাষে অধিক সতর্কত। আবশ্যক হয় না। কারণ ইহার গাছ মরিয়া গিয়া স্বতঃই পুনরুকাত হইয়া থাকে। আষাঢ় হইতে আশ্বিন পর্যান্ত বীজ রোপণের উপযুক্ত সময়।

.জেরুজিলম্ আর্টি-চোক।

এই জাতীর আর্টি-চোকের ক্ষুদ্রহ গেঁড়ে। আন্ত রোপণ করিবে। ইহার চারা দকল ছুই বা আড়াই হাত পর্যান্ত উচ্চ হর এবং প্রচুর পরিমাণে পুশিসত হইরা থাকে। পরিপকু হইবার পরেও গেঁড়ে। সকল মৃত্তিকার অভ্যন্তরে থাকিলে, উই প্রভৃতি কয়েক,প্রকার,কীটে অতিশয় ক্ষতি করে।

(गँएं। नकन ताथन कित्र खजू क्रिके मृद्धि-कात खादमाक नारे, नाधातन मृद्धिकात हाथ पित्रा मात्रा वा एक शंख होड़ा खमीटि त्यनीयक्ष किश र॰ खमून खरुतर (गँएं। नकन श्रृं हित्र। खानूत हित्य यक्षण हात्रात्र मृत्न, मृद्धिका खुण कित्रता निर्ह्छ रूत, (मरे क्षण निर्द्र) गोह मित्रता तिल्ल पत (गँएं। जूनिया नरेत वर रेन्जूतानिट नके ना करत, वरे निमिख श्रूर वानूकात मर्धा ताथित। हेश ताथ रन्त ममत्र देननाथ हरेट टेकारकेत अथमार्क्ष पर्यान्छ।

কপি 1

এই শাক এত বিভিন্ন জাতীয় যে, ইহার বীজ নির্বাচন করা তুকাই ব্যাপার হইয়া উঠে। অনেক সময়ে একপ দেখা গিয়াছে যে, ভিন্নই নামধেয় বীজ হইতে এক-প্রকার চারা ও শাক উৎপন্ন হই-য়াছে। যাহাইউক এদেশে কপি জন্মাইতে ইইলে, বিদেশীয় বীজ লইতে ইইবেক; কারণ অন্মদেশাংপন্ন বীজ কুতাপি অঙ্কুরিত ইইতে দেখা যায় না। বীজ টাট্কা হওয়া চাই; বাতান লাগিলে নইট ইয়া যায়, এজন্য বীজ সংগ্রহ করিয়াই কৌটাবা বোতলের মধ্যে মোড়ক করিয়া রখো উচিত।

জল্দি কপির বীজ ভাদ্র মাদে বাক্দে বা গাম্-लाय वंशन कतिया हाता क्यारेया भरत क्रिक রোপণ করিবে। ইহার রোপণ স্থানের মৃত্তিক। অত্যস্ত হাল্কা ও উঠারা হওয়া আবশ্যক এবং জল প্রণালী সকল এরপ অবস্থাপন্ন করিবে যে রুষ্টি र्रेटन उथाय किश्रियाज्य जन कमिए ना भारत। কুদ্র চারা সকল রুফির শীতল লাগিয়া নফ হইতে পারে, এজন্য তাহাদিগকে আর্ত করিয়া রাখিবে। অপর, মক্ষিকাতে ইহার বিস্তর ক্ষতি করে; অঙ্গার-চূর্ণ চারা সকলের উপর ছড়াইয়া দিলে এই উৎপা-তের অনেক শান্তি হয়। বিলম্বে উৎপাদুনের ইচ্ছা इहेटल आश्विन भारम वौक वश्वन कतिरव, ववश किह এন্ফিণ্ড. লার্জ অক্সার্চ, ডুমহেড ইত্যাদি জাতীয় বীজ মনোনীত করিবে। ছয়টী করিয়া পত্রোদশম হইলে, চারা গুলিকে নাড়িয়া ক্ষেত্র মধ্যে রোপণ' করিবে। এই কার্য্যের নিমিত্ত সন্ধ্যা কালই সর্বা-পেক্ষা উত্তম। यथन সমুদায় চারা यथा रात दौाभग করা শেষ হইবে ; তথন প্রচুর পরিমাণে জল সেচন করিবে।

কুদ্র জাতীয় চারার প্রত্যেকের নিমিত্ত ২০ বর্গ অঙ্গুল পরিমিত স্থান আবশুক করে। এই স্থানের মধ্যস্থলে ৩২ অঙ্গুল বেড়-বিশিষ্ট একটা গর্ত্ত করি-বে, গর্ত্তের গভীরতাও ৩২ অধুল হওয়া চাই। এই

^{*} চারা প্রস্তত প্রণালী প্রথম ভাগে লিখিত ইইয়াছে:

গর্ভের গর্জ, উপরে আড়াই অঙ্গুল বাকি রাখিয়া, পুরাতন গোময়ের সার এবং অপ্প হাল্কা মৃত্তিকা দারা পূর্ণ করিবে। এই রূপ করা হইলে তথন চারা তুলিয়া তন্মধ্যে পুতিবে। বৃহজ্জাতীয় কপির নিমিত্ত এক বর্গ গজ পরিমিত স্থান আবেশ্যক।

মৃত্তিকা সরস রাখিবার নিমিত্ত আবশ্যক মত জল সেচন এবং মধ্যে২ তরল সার প্রক্ষেপ করিবে।

'লাল বান্ধা কপির চারা আশ্বিন মাদে উল্লিখিত নিয়মে, অথবা থোলা স্থানে একটু উচ্চ চৌকা প্রস্তুত করিয়া রোপণ করিতে হয়। আবশ্যকমত রৌদ্র ও র্ফি নিবারণ করিবার যোগাড় রাখা কর্ত্তব্য। অন্যান্য বান্ধা কপির ন্যায় ইহাকেও স্থানান্তর করা যায়। তবে এই মাত্র প্রভেদ যে, ইহাতে অস্পজল-দেক প্রয়োজন হয়।

ফুলকপি।

কুলকপি, কপিশাকের এক জাতি; ইহা উৎপাদনার্থ অত্যন্ত উর্বরা মৃত্তিকা আবশ্যক, কুলকপি
চাষের নিমিত্ত ইউরোপিয়েরা বিদেশীয় বীজ এবং
এদেশীয়েরা দেশীয় বীজ পছন্দ করে। কিন্তু তুলনা
করিয়া দেখিলে, উভয় বীজের চাষেই প্রশন্ত সমান
ফল হয়। আমাদের দেশে, বিদেশীয় বীজ অপেকা
বরং দেশীয় বীজই ভাল। বিদেশীয় বীজ উভর
পশ্চিম প্রদেশের পক্ষে বিশেষ উপযোগী। বঞ্চ-

দেশে উক্ত বীজ-জাত চারা কিছুদিন সমভাবে বর্দ্ধিত হইয়া শেষে শুষ্ক হইয়া যায়।

প্রথমতঃ বাক্দে অথবা তাদৃশ প্রশন্ত পাত্রে ইছার বীজ বপন করিয়া চারা জন্মাইয়া লইবে। এই বীজ বপনের উপযুক্ত সময়, উত্তর-পশ্চিম প্রদেশে ভাদ্রে এবং বঙ্গদেশে আশ্বিন মাস। চারা গুলিতে যথন চারিটা করিয়া পত্রোলাম হইবে, তথন তাহা; দিগকে তুলিয়া, হাল্কা মৃত্তিকা-বিশিক্ত, দিতীয় পাত্রে পরস্পার ৫ অন্ল অন্তর রোপণ করিবে। যতদিন ৮টা পাতা না জন্মে, ততদিন ঐ স্থানেই থাকিবে। অনন্তর তাহাদিগকে ক্ষেত্রে রোপণ করিবে। পূর্কেই সার দিয়া ক্ষেত্রের মৃত্তিকা কোমল করিবে এবং তাহাতে জুলি কাটিবে। ঐ জুলির মধ্যে সোয়া হাত অন্তরহ চারা পুতিরা উপরে একপ আচ্ছাদন দিবে, যাহাতে বায়ু বা আলোক প্রবেশের ব্যাঘাত না হয়।

চারা পুতিয়া গোড়ায় অধিক পরিমাণে পুরাতন সার দেওয়া উচিত। অত্যাপ পরিমাণে পটাস জলের সহিত দ্রুব করিয়া, তাহা ক্ষেত্রে প্রক্ষেপ করিলে, ইহার ফুল বড় হয়।

মত ক্ষীণ চারা ফেলিয়া দিয়া, তাহার স্থানে উহার একটা পুতিয়া দেয়।

চারার গোড়ার মনোযোগ পুর্বাক মাটি দিবে, কারণ এই মাটি দেওয়াতে তাহার তেজ রুদ্ধি করে। পত্র শুদ্ধ না হইলে তাহা ফেলিবে না। চারায় প্রচুর পরিমাণে জল সেচন করিবে। ফুলের স্থাচনা হইলে, চারা হইতে একটা পত্র ভাঙ্গিয়া আলোক হইতে বৃক্ষা করিবার নিমিত্ত দেই উদ্যাত-প্রায় ফুলের উপর আজ্ঞাদন দিবে।

্দেশীয় বীজ কলিকাতার অনেক উদ্যানে পাওয়া যায় কিন্তু পাটনার ৰীজ বিশেষ বিখ্যাত।

ফুলকপি শীঘ্র জ্বাইতে হইলে, মাঘ মানের শেষ হইতে চৈত্র মানের কিছু দিন পর্যান্ত ইহার কোন সময়ে বীজ রোপণ করিবে। গ্রীল্য-কালের প্রারন্তেই চারা গুলি তুলিয়া অন্য চৌকাতে পুভিয়া দিবে। থি চৌকা এমত উন্নত করা আবস্তাক ঘে র্ফির জল, পড়িবা মাত্র গড়াইয়া যাইতে পারে। বর্ষার শেষ পর্যান্ত চারা সকল উক্ত চৌকা মধ্যে থাকিবে। র্ফির জল-পতন নিবারণ নিমিন্ত চৌকার উপরে আচ্ছাদন রাখিবে। বর্ষার শেষ হইলে চারা গুলি তুলিয়া উপযুক্ত ক্ষেত্রে স্থিতররক্রপে পুভিয়া দিবে। এই নিয়মে চাষ করিলে, ফুলুকপি সচ্রা-চর যে সময়ে জন্মিয়া থাকে, তাহার প্রায় এক মাস পুর্বে প্রস্তুত হইয়া উঠে।

পাল ও-শাক।

পালঙ-শাকের বীজ আশ্বিন বা কার্ত্তিক মাসে

•বপন করিবে। বপনের পুর্বের বীজ গুলিকে তুই
এক দিন জলে ভিজাইয়া রাথিবে, ভিজিয়া কিছু

ফাত হইলে পর, তাহাদিগকে জল হইতে ছাঁকিয়া.
ছাই মিশ্রিত করিয়া অপর পাত্রে স্থাপন করিবে
এবং সেই পাত্রের মুখে আচ্ছাদন করিয়া রাথিবে।
এই রূপ অবস্থায় এক দিন রাখিলে বীক্ল হইতে
অঙ্গুর উদ্ভিন্ন হইবার উপক্রম হইবে, তখন তাহাদিগকে ক্ষেত্রে ছড়াইয়া জল সেচন করিবে। চারা
না হওয়া পর্যান্ত প্রতি দিবস অপরাক্ষে জল সেচন
আবিশ্রক। চারা ঘন২ জ্মিলে কতক চারা তুলিয়া
লইয়া তাহাদিগকে পাতলা করিয়া দিবে। টক্
পালঙ্কের চাযও এই প্রকারে করিতে হয়। ভূমিতে
সার দিলে গাছ সকল অতাত্ত তেজাল হয়।

দেলেরি।

সেলেরি স্বভাবিক অবস্থায় সচরাচর জ্বলের ধারে ছায়া-বিশিক্ট স্থানে পাওয়া যায়। এই নিমিন্ত ইছার চাবে কৃতকার্য্য হইতে হইলে. যথা সাধ্য ভৌতিক নিয়মের অনুবর্তী হইয়া, কৌশল দ্বারা ইহার প্রাকৃতিক অভাব-সকল মোচন করা আবস্থাক।

माघ मात्र क्लांन ছाয়ा-विशिष्ठे द्यात रेहात वीक

পুতিয়া রাখিবে এবং গরমের সময় জল সেচন করি-त्त। এই অवसाय धावन माम भर्यास थाकित। ভাদ্র মানে উত্তর-দক্ষিণাভিমুথ করিয়া ১২ হাত नशा এवर ७२ व्यक्त होड़ा जूनि कारिता थे সকল জলি ২ হাত গভীর করিতে হইবে। খনন করিবার সময় যে মাটি উঠিবে, তাহা জুলির ছই প্রাম্থে জমা করিয়া রাখিবে; কারণ পরে চারায় মাটি দিবার সময় ইহার প্রয়োজন হয়। জুলির মধ্যে প্রথমতঃ উত্তম পচা গোময়ের সার এক হাত পুরু করিয়া ফেলিবে, পরে তছুপরি ৮ অঙ্গুল পর্য্যন্ত বালুকা মিশ্ৰিত ঝুরা মাটি দিবে। এই ৰূপে স্থান প্রস্তুত হইলে, তথায় ১৬ অঙ্গুল অন্তর্ব তেজস্বী **हाता छाल त्तालन कतिरव। अहे निय़रम ১৫ मिन** धेष्ठत ज्लि পরিবর্ত্তন করিয়া দিলে, জৈয়ন্ত মাসের मर्था मेन्त्रृनीवञ्चात म्हाति आश्रु रुख्या याहेरत। দ্বিত্তীয় বা ভূতীয় বার জুলি পরিবর্ত্তনের সময় প্রথম জনিতে যে সকল চীরা ছিল, তন্মধ্যে সর্বা-পেক্ষা তৈজস্বী গুলিই স্থানান্তর করিবেক। চারা ২০ অলুল উচ্চ হইলে, তাহাদের গোড়া মৃত্তিকা षात्रा बांद्रु कतिया निरवं। काणिवात २० निन शृर्त्व চারার মন্তকের ৮ অঙ্গুলি নিল্ল পর্যান্ত মৃত্তিকায় এৰপে ঢাকিয়া দিবে যে, তাহার মধ্যে আলোক বা वाञ्च क्षरवन क्रिए न। शारत। जारा रहेलारे हेरा শ্বেতকার হইবে। এই শ্বেতকার করিবার নিমিত্ত কোন প্রকার পাত্র ব্যবহার করিবে না। কারণ

তাহাতে কাণ্ড শুষ্ক হইয়া যায়। এই অবস্থাতে ৪।৫ দিন অন্তর প্রচুর জল-দেক করিবে। শ্বেত সে-লেরি অপেক্ষা লাল সেলেরির চাষ করা ভাষ।

টনিপ রুটেড্ সেলেরি ।

ইহার চাষ-প্রণালী সামান্য সেলেরির ন্যার, কেবল জুলি সকল ২ হাত গভীর না হইয়া, ১৬ অসুল মাত্র গভীর হাইবে। আঘাঢ় মাসে বী জ বপন করিবে এবং চারা সকল ৫ অসুল উচ্চ হইলে, তাহা-দিগকে জুলির মধ্যে ১০।১১ অসুল অন্তরহ রোপণ করিবে। জল-সেচন প্রতাহ করিতে হইবে।

লেটিউস্।

এই শাকের পক্ষে হাল্কা মৃতিকা উপযুক্ত।
উত্তম প্রণালী-বিশিষ্ট চৌকার দেশীর বা বিদেশীর
বীজ রোপণ করিবে এবং আলোক ও বায়ু প্রবেশের
পথ রাখিয়া, উপরে আচ্ছাদন দিবে। জনী সর্বাদা
আর্দ্র রাখিবে। যথন চারায় ছইটা পত্র উলাত
হইবে, তখন তাহাদিগকে পরস্পার চারি অঙ্গুল
অন্তর্ব করিয়া অনার্ত চৌকায় নাড়িয়া পুতিবে।
পুনরায় স্থানাত্র করিবার উপযুক্ত সময় পর্যান্ত
ঐ অনার্ত চৌকাতেই রাখিবে। প্রত্যেক বার
নাড়িয়া পুতিবার পর প্রচুর জল-সেক করিবে।

আবাঢ় হইতে পৌষ পর্যান্ত বীজ বপন করিবার উপযুক্ত সময়, কিন্তু আশ্বিন মাদের পুর্বের বীজ নিহিত করিলে, চারা সকল পরিপকৃ হইতে দেখা যায় না।

কপি ও কস্ এই ছুই জাতীয় লেটিউস্ আহারার্থ ব্যবহৃত হইয়া থাকে; তমধ্যে কপি জাতীয় চারা বড় এবং তাহার প্রত্যেকের নিমিত্ত অন্তঃ ১৬ বর্গ অস্ল স্থান আবিশ্যক করে; আর কস্ জাতীয় লেটি উস্কুদ্রাকৃতি এবং তাহার নিমিত্ত ১২ বর্গ অঙ্গুল পরিমিত স্থান হইলেই চলিতে পারে।

দশ দশ দিন অন্তর তরল গোময়ের সার দিলে লেটিউসের আক্বতি অত্যন্ত বৃহৎ হয়। জমীতে সর্বাদাজল সেচন করা আবশ্যক; কস্জাতীয় লেটি-উস্কাটিবার পূর্বো কয়েক দিন বান্ধিয়া রাথিতে হয়।

স্পিনাক।

ইহার চাষের নিমিত্ত হাল্ক। উর্বর। মৃত্তিকা আবশ্যক। চারিহাত দীর্ঘ এবং চারিহাত প্রস্থ চৌকার এত চারা অন্মিতে পারে যে, তাহা একটী কুদ পরিবারের পক্ষে প্রচুর হয়। স্পিনাকের কেবল পত্র থাদ্য।

চৌকার মধ্যে ইহার বীজ ছড়াইয়া রেক দারা অপ্প উল্টাইয়া দিবে। চারা জলিলে, তাহাদিগকে পরস্পর অর্দ্ধ হস্ত অন্তরে পাতলা করিয়া বসাইবে। আহারোপযোগী হইলে, একেবারে সমুদায় পাতা না তুলিয়া প্রথমে বহিঃস্থগুলি লইরে এবং প্রুনরায় তুলিয়া লইবার জন্য অভ্যন্তরের পাতা রাথিয়া দিবে। চারায় প্রচুর পরিমাণে জল সেচন করিবিক।

ভাদ্র মাদের শেষ হইতে অগ্রহায়ণ মাদের প্রথ-মার্দ্ধ পর্য্যন্ত বীজ বপনের উপযক্ত সময়।

মার্দ্ধ পর্যান্ত বীজ বপনের উপযুক্ত সময়।
দেশীয় স্পিনাক;—এদেশে এই জাতি এবং লাল
জাতীয় স্পিনাক সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।
ইহারা বর্ষাকালে জন্মে; ইউরোপীয়েরা ইহাদিগকে
আহারার্থ ব্যবহার করেন না বটে, কিন্তু ইহাদের
দারা পুষ্পা-বাটিকার ঞীদম্পাদন করিয়া থাকেন।

চারভিল।

ইহার কচিং পাতায় অত্যন্ত সুস্বাচ্ সল্লদ হ্র। ভাত্র মাসের শেষ হইতে অগ্রহায়ণ মাসের কিয়দিবদ পর্যান্ত বীজ বপনের উপযুক্ত সময়। উক্ত বীজের উপর অলপ পরিমাণে মাটি চাপা দিবেক। প্রত্যেক চারার নিমিত্ত অর্দ্ধন্ত পরিমিত স্থান চাহি। অত্যন্ত উর্বারা মৃত্তিকায় ইহার চাষ করি-বেক।

কুঞ্চিত-পত্র (carled leaf) জাতীয় চারভিলই অধিক চাব হইয়া থাকে।

नीक।

ইহার চারা উৎপাদন জন্য চতুষ্পার্শ্বর জমী হইতে. একটু উচ্চ করিয়া একটা ছোট চৌকা প্রস্তুত করিবে এবং তাহার মৃত্তিকার উত্তমরূপে সার মিশাইবে। পরে, আশ্বিন মাসের শেষে বা কার্ত্তিক মাসের প্রথমে ভাহাতে বীজ ছড়াইয়া, হাল্কা-মৃত্তিকা দারা চাপা দিবে। ,চারাগুলি অর্দ্ধন্ত উচ্চ হইলে, তাহাদের মধ্য হইতে অভ্যন্তজন্মী চারা বাছিয়া লইয়া সাড়ে পাঁচ হাত দীৰ্ঘ এবং ৪ হাত বিস্তৃত চৌকায় ১৬ অঙ্গুল অন্তর্থ সারিতে রোপণ করিবে। রোপ-ণের নিয়ম এই, চৌক। হইতে প্রত্যেক চারা স্বতন্ত্রহ তুলিবে এবং মূলের সহিত এত সৃত্তিক। উঠ।ইবে বে, কোন মতে শিকড়ে আঘাত নালাগে। পূর্বেই প্রতি সারির ১০ অঙ্গুল অন্তরেই আট অঙ্গুল বেড় এবং অর্দ্ধহন্ত গভারতা-বিশিষ্ট গর্ত্ত করিবে। গর্ত্তের মধ্যে পুরাতন গোময়ের সার ফেলিয়া, এক একটা চারা রোপণ করিবে এবং (গর্ত্তের উপরি ভাগ পর্যান্ত) গোড়ায় উক্ত সার দিয়া চাপিয়া দিবে। মৃত্তিকা জমাট বান্ধিবার নিমিত্ত তৎক্ষণাৎ জল-দেচন করিবে। চারার মস্তক প্রতি মানে ছাটিয়া मिट्न ।

কোয়াস্*।

প্রাচীর বা বেড়ার ধারে পোলাক্তি গর্জ করিয়া ভাহাতে বালুকা ও গোময়ের সার সমান ভাগে মিশাইয়া নিক্ষেপ করিবে এবং প্রতি গর্জে তিনটী করিয়া বীজ পুতিবে। চারা বড় হইলে, ঐ প্রাচীর বা বেড়াতে তাহাদিগকে লভাইতে দিবে। পৌষ মাস বীজ রোপণের উপযুক্ত সময়। টরবান্, বোস্টন ম্যারো, এবং ইয়কোহামা এই তিন,জাতীয় বীজ সর্বাপেক্ষা উৎকুষ্ট।

कृति।

নদীর চড়ায় কিয়া যে ক্ষেত্রে বালির অংশ অধিক তথায় ইহা উন্তম জন্মে। মাঘ মাদেজমীতে তিন চারি বার লাঞ্চল দিবে এবং মোই টানিয়া ক্ষেত্র সমতল করিবে। পরে ২।৩ হাত অন্তর এক এক গর্ত্ত করিয়া তন্মধ্যে ৪।৫ টা বীজ নিহিত করিয়া অল্প, পরিমাণে মৃত্তিকা চাপা দিবে। চারাগুলি একটু বড় হইয়া লতাইবার উপক্রম হইলে, এক বার জল-দেচন করিবে। জমীতে পুরাতন গোময়ের সার দিলে অধিক ফল লাভ হয়। রোপণের পূর্বে অন্তঃ ১২ মন্টা পর্যান্ত বীজ ভিজাইয়া রাখিয়া, পরে পুতিলে শীঘ্র অন্তর উদ্ভিন হয়।

^{*} এক প্রকার কুম্ড়া।

আফ্গানিস্থানীয় তর্দ্মজের চাষ।

অনেকেই শুনিয়া থাকিবেন, আফ্গানিস্থানে এত বড় তর্মুক জনো যে, একজন বলবান মনুষ্ত তাহার একটা সহজে উত্তোলন করিতে পারে না। ঐ তর্মুজ যে কেবল আকৃতিতে বড় হয় তাহা নহে; উহার আস্থাদও অতি মধুর; উহার সহিত তুলনা করিলে এদেশস্থ তর্মুজকে অতি অকিঞ্চিৎকর বলি-য়া বেয়্ব হয়। কলিকাতায় য়াহারাহ চাম করি-য়াছেন, তাহাদের মধ্যে আর, ডবলিউ, চু সাহেব উহার চ্বানে বিশেষ কৃতকার্য্য হইয়াছেন। এস্থলে তাহার অবল্যিত প্রণালী লিথিত হইল।

অনার্ত ময়দান এই তর্লুজ চাষের পক্ষে উপ
*যুক্ত; সর্দ্দি ও ছায়াবিশিক্ট স্থান হইলে যত্ন সফল

হয় না। মৃত্তিকায় আট ভাগের এক ভাগ বালি

মৃত্তিত থাকা চাই। লাঙ্গল বা কোদাল দ্বায়া
ভূমিতে দাঘ দিয়া মোই টানিয়া সর্বাত্তর মৃত্তিকা

সমান করিবে। তদনত্তর ছুই হাত অভ্যের২ সোয়া
হাত গভীর গর্ভকরিয়া, পচা গোময়ের সার বা পচা
অশ্ব-বিষ্ঠার সার এবং মাটি সমান ভাগে মিত্রিত
করতঃ তদ্বায়া তাহার গর্ভ পূর্ণ করিবে। ব্যবহার
করিবার পূর্বেব ঐ সার শুদ্দ করিয়া, একবার আগ্লিতে বল্মাইয়া লওয়া আবিশ্রক; কারণ তাহাতে তন্ম

মাস্থ কীটাদি নই হইয়া যাইবেক, স্বতরাং সারের
পোকায় গাছ নই ইবার সন্তাবনা থাকিবে না।

े छिलिथिछ প্রকারে স্থান প্রস্তুত হইলে, এক এক গর্ত্তে দেড় অঙ্গুল মাটির নীচে ৭।৮টা বীজ পুতিয়া দিবে ! বীজ সকল পুতিবার পূর্বে ঈষতুরু জলে ২৪ ঘটা ভিজাইয়া রাখিবে; যেরূপ উষ্ণজলে হাত দিলে অসহা বোধ হয়, তাহাতে কদাপি ভিজাইবে না, ভিজাইলে, বীজ নফ হইয়া যাইবে ৷ ২৪ ঘটা ভিজাইলে, বীজ নফ হইয়া যাইবে ৷ ২৪ ঘটা ভিজাইলে, বীজ নফ হইয়া যাইবে ৷ ২৪ ঘটা ভিজাইলে পর, জল হইতে তুলিয় বীজগুলিকে আর্জুর সধ্যে রাখিয়া, বাক্লিবে এবং যাবং অঙ্কুর উদ্ভিয় না হইবে, তাবং তদবস্থায় থাকিবে ৷ অঙ্কুর হাত দিনের মধ্যেই উদ্গাত হইয়া থাকে।

বীজে অন্তুর জন্মিলে, রোপণ করিয়া তথনই জল সেচন পূর্বাক ক্ষেত্রকে প্লাবিত করিবে। চারা ঘাবৎ ৩।৪ অন্থল উচ্চ না হয়, তাবৎ প্রতিদিন জল-সেক আবশ্যক, তৎপরে প্রত্যহ জল না দিয়া প্রয়োজনী মত মধ্যে২ দিলেই চলিবে।

कालुन उ रेठिज वहे छूहे माम वामा के उन नौक ताला ताला के ले मूज मम मा । ले त कु कु ले ले ने मार म त (काला के ले ताला के ताला के

পাছ বড় হইলে মধো২ গোড়ার মাটি খুঁড়িয়া দিবে। কয়েক প্রকার পতঙ্গ ও পোকা এই গাছের পরম শক্ত; তন্মধ্যে ছোট কাল মাছি, সাদা পোকা, সবুজ বর্ণ বড় প্রজাপতি, এই তিন প্রকার কাষ্ঠের ছাই অথবা তামাক বা গন্ধকের ধুঁয়া দিলে তুরীক্কত **इ**स, किन्छ भौजवर्ग माছि ও सिल्लि (भाका वहे कूड़े প্রকারকে সহজে তাড়ান যায় না। ফলতঃ ইহারাই গাছের বিশেষ ক্ষতিকারক; ইহাদিগকে দূরীভূত করিবার একমাত্র উপায় এই, তামাকের পাতা গুঁড়া করিয়। ঘোড়ার অথবা ঘাঁড়ের প্রস্রাবে গুলিবে, পুরে ক্রম দিয়া তাহা গাছের পাতার ছিট্কাইয়া দিবে, ভাহা হইলেই পোক। সকল व्यव्हिं इहेश याहेता । छेन्दत त्य मञ्चनात লোকার কথা লিখিত হইল, তাহারা কখনহ ফল ছিদ্র করিয়া তন্মধ্যে প্রবেশ করে. এরূপ হুইলে, কোন জল-পূর্ণ পাত্রের মধ্যে তিন ঘণ্টা পর্যান্ত ফল ছুবার্হয়া রাখিলে, দেই প্রবিষ্ট পোকা মরিয়া মাইবে, অতঃপর একটা ঘাদের জাটা সর্যপ তৈলে মগ্ন করিয়া ঐ ছিদ্র মধ্যে পুরিয়া দিবে এবং তাহা करलत गाज ममान कतिया कांग्रिया किलिरन। अबन क दिला (महे कन न के इहेरत ना।

কলে অতান্ত সূর্যোর তাপ লাগিলে বা পোকার্ ধরিলে, প্রায়ই ফাটিয়া যায়, এজন্য কলের নিল্নস্থ মৃত্তিকা খনন পূর্বাক খড়' বিছাইয়া ততুপরি ফল স্থাপন করতঃ উপরে খড় চাপা দিয়া তাহাকে ঢাকি- রারাথিবে, তাহাতে ফল ফাটিবেনা অথচ রুহদাকার ও সুস্বাত হইবে। ফল পরিপক হইলে বোঁটা শুদ্ধ কাটিরা আনিবে। কিন্তু সান্ধান থাকিতে হইবে যেন গাছ না নড়ে, নড়িলে স্কুটং ফলের হানি হইবার সন্তাবনা।

ককিম্বর*।

ইহার চাষের নিমিন্ত বিদেশীয় বীজ উন্তুন ; বীজ যত পুরাতন হইবে, চারাও ততই তেজন্ধর হইবে। অনার্ত স্থানে যে গাছ জন্মে, তাহার ফ্রা হইতে বীজ সংগ্রহ ক্রা বিহিত।

মাঘ মাদের শেষে কিংবা ফাল্গুন মাদের প্রথমে বাক্দে অথবা তাদৃশ প্রশস্ত পাতে বীজ রোপ্শ পূর্বাক তছুপরি অতি পাতলা করিয়া পঢ়া পাতার সার-মিশ্রিত মৃত্তিকা চাপাশদিবে। যথন কঠিন পত্র উস্নাত হইবে, তথন চারার মস্তকের অণ্পাংশ কাটিয়া ফেলিবে। অনন্তর ২০০ দিন পরে ভাহাদিগকে স্থানান্তরে রোপণ করিবে।

চারা রোপণের নিমিপ্ত ছুই হস্ত বেড়, এবং ১৬ অঙ্গুল গভীর করিয়া গর্ভ কাটিবে। পরে বালি, পূচাপাতার সার, উত্তম পচান অন্যবিধ সার এবং সাধারণ মৃত্তিকা এই সকল সম ভাগে মিশাইয়া তদ্ধারা উক্ত গর্ভের গর্ভ পূর্ণ করিবে। অতঃপর

^{·*} এক প্রকার সদা।

তত্বপরি ৫ অঙ্গুল বাহু-বিশিষ্ট একটা সমবাছ ত্রিভুজ আঙ্কিত করিয়া, সেই ত্রিভুজের তিন কোণে তিনটা চারা গোপণ করিবে এবং তাহাদের গোড়ায় মাটি। চাপিয়া দিয়া যথেই জল সেচন করিবে।

কীটাদিতে ছোট্ই চারা নফ করে, এজন্য চারার গোড়া, কাঠের ছাই দ্বারা আর্ত করিয়া দিবে এবং উপরে ছাই ছড়াই য়া দিবে। লাল বর্ণ পোকা ধরি-লে, ঘানের চাপ্ড়া পোড়াইয়া এক ঘণ্টা কাল ধোঁয়া দিবে, তাহা হইলেই ক্টি সকল বিনফ হইয়া যাইবে। চারা রোপণ করিয়া কিছু দিন পর্যান্ত যথেফ জল-দেক করিবে। জলাভাবে মৃত্তিকা শুষ্ক হইলে চারার পক্ষে হানি হয়।

স্সা |

ইহা উর্বরো-আল্গা-মৃত্তিকায় উত্তম জয়ে; বৈশাথ কিয়। কৈয়াঠ মাদে বীজ রোপণ করিতে হয়।
চারা বিস্তৃত হইবার নিমিত্ত মাচায় আশ্রয় দিবে।
চারাগুলিতে যথন চারিটি করিয়। পাতা ধরিবে,
তথন প্রধান কুঁড়িটাকে মুশড়াইয়। দিবে; তাহাতে
উহা বাড়িতে না পারিয়। পার্রে ছইটা ফেঁক্ড়ী
জামিবে; তাহাদের অপ্রভাগও ঐ রূপে মুশড়াইয়া
দিলে কয়েকটা মূতন ফেঁকড়া ধ্রিবে। তদনস্তর
গাছ বড় হইয়া যথন ফল ধ্রিবার উপক্রম হইবে

ভথন গাছের গোড়ায় উত্তাপ না লাগে এনিমিত্ত । পাতা ও খড় দিয়া গোড়া আচ্ছাদন করিয়া দিবে। মাঘ মাদে এক জাতীয় সদার বীক্ত রোপণ করা হইয়া থাকে; তাহার চাষ-প্রণালী ফুটার ন্যায়।

বিন*।

যে স্থানে ইহা জনাইতে হইবে, সেই স্থানের মৃত্তিকা কৰ্ষণ পূৰ্ব্বক উত্তমৰূপে পুরাতন-ব্যাময়ৈর সার মিশাইবে এবং প্রচুর পরিমাণে জল-দেক করিয়া, মৃত্তিকা ভিজাইয়া রাথিবে। অনন্তর জল টানিয়াগেলে যথন মৃত্তিকার অবস্থা এৰীপ হইবে যে, হাতে তুলিলে গুড়া হইয়া যায়, তথন ৩২ অঙ্গুল অন্তরহ আলি প্রস্তুত করিয়া, প্রত্যেক আলির উপরে পরস্পর ১৬ অঙ্গুল ব্যবধানে বীজ রোপন कतित्व, किछ এই मार्वेशन शांकित्छ इहेत्व, स्वन পাर्श्ववर्ती कृष्टी जानित तीक नमस्त्रथ ना इस। বীজ রোপণের অব্যবহিত পূর্বের জমীতে এক বার জল-দেক করা আবশ্যক। অপর, আলির উপরে সমুদায় বীজ অঙ্কুরিত না হইতেও পারে; এজনা পৃথক কোন স্থানে বীজ রোপণ করিয়া অভিরিক্ত কতকগুলি চারা জনাইয়া রাখিতে হয়; পরে আলির উপরে যেই স্থানে চারা না জন্মে, ঐ চারা হইতে बाहिया लहेया (महेर चात्न পूछिया मिटवक।

চার। স্থানান্তর করণ সময়ে, মূলের মৃত্তিকার সহিত সাবধানে উঠাইবে। চারার গোড়ার মৃত্তিকা কদাচ ,জমাট ,বাঁধিতে দিবে না। জল দিবার জুই, দিবস পরে নিড়ান দ্বারা গোড়ার মৃত্তিকা আল্গা করিয়া দিবে।

বীজ বপনের সময়, কার্ত্তিক ও অগ্রহায়ণ মাস।

পিজ (মটর)।

মটর অনেক প্রকার, স্থাদ্য বিবেচনায় আমরা কয়েক জ্বাতিকে মনোনাত করিয়া থাকি। হাল্কা বালুকা-মিশ্রিত মৃত্তিকা মটর চাবের উপযুক্ত। নদীর ধারে ইহা উত্তম জয়ে। ইহার ক্ষেত্রে কখন শার দিবে না।

উৎপত্তি কালের ইতর্বিশেষে মটরকে তিন শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে। অপ্পকাল মধ্যে যে জাতির ফদল হয়, তাহা প্রথম শ্রেণী নিবিষ্ট; ধবং যাহার ফদল হইতে মধাবিধ দময় আবশাক করে, তাহা দ্বিতীয় শ্রেণী ভুক্ত, আর যে জাতির ফদল হইতে অপেক্ষাক্ত অবিক দময় লাগে, তাহা ভূতীয় শ্রেণীর অন্তর্গত।

প্রথম শ্রেণীর মধ্যে আলি-এম্পরার, ডিক্সুন, স্থপর এবং দ্বিতীয় শ্রেণীর মধ্যে চ্যাম্পিয়ন অফ ইংলগু, ডোয়ার্ফ, ম্যামণ, প্রুসিয়নত্ল, ইয়র্কসায়র হিরো ও ভূতীয় শ্রেণীর মধ্যে ব্রিটিস্ কুইন, ভিক্- টোরিরা ম্যারো এবং ভিচ্পার্ফেক্সন ইহারা প্রসিদ্ধা উন্তর পশ্চিমাঞ্চলে ৩য় শ্রেণীর মটর অধিক ব্যবহার ব্যবহার ব্যবহার আহে, পঞ্জাবে তিন শ্রেণীরই ব্যবহার দেখা যায়।

যে মটরের গছি ছোট, তাহার বীজ, ১০০১ অঙ্গুল অস্তরহ যুগা নারি প্রস্তুত করিয়া দেই সারিতে একই কেল ব্যবধানে আড়াই বা তিন অঙ্গুল গভ্ভীর কর্ত্তি করিয়া তল্মধ্যে রোপণ করিবে। চারা এক হাত উচ্চ হইলে, ভাহাদের আশ্রয় জন্য কাঠা পুতিরা দিবে। যে মটরের গাছ মধাম রূপ ডাহাদের নিমিন্তও ঐ প্রকার কার্য্য করিতে হইবে, কেবল নারিগুলি ১৬ অঙ্গুল অস্তরহ প্রস্তুত করিবে এবং চারা ৩২ অঙ্গুল উচ্চ হইলে আশ্রয়ার্থ কাঠী পুতিরা দিবে। আর, যে মটরের গাছ বড় হয়, তাহার চাবের নিমিন্ত ২০০২ অঙ্গুল অস্তরেহ ঐ রূপ যুগা নারি করিবে। যুগা সারির মধ্যে একটী আর একটীর ছই অঙ্গুল ব্যবধানে থাকা আবেশ্যক। গাছ দেড় হাত উচ্চ হইলে, আশ্রয়ের নিমিন্ত কাঠী পুতিরা দিবে।

মটরের ক্লেত্রে যথেই জল দিতে হয়, বিশেষতঃ
গাছে ফুল ধরিলে অধিক জলের আবশ্যক। আবণ
মানের শেষে কিংবা ভাজ মানের প্রথমে বীজ
রোপণ করিবে। ক্রেমে কদল পাইবার ইচ্ছ।
থাকিলে, মাঘ মাদ পর্যান্ত দশহ দিন অন্তর বীজ

রোপণ করিবে। বীক রোপণ কালে উত্তপ্ত বারু-প্রবাহিত হইলে, বীজ সকল কিছু কাল জলে ভিজা-ইয়া রাখিয়া পুতিবে।

भहेन्।

পটলের বীজের চারা চাষের উপযুক্ত নছে, ইহার मूल बाता ठाता कवाहेशा लहेल रहे। शहेल शा-ছেঁর প্রায় প্রতি গাঁইট হুইতে শিকড় বহির্গত হইর। মৃত্তিকাভ্যস্তরে প্রবেশ করে; সেই সকল গাঁইটের উভয় পার্যে এবং তৎ সংলগ্ন শিকড়ের ৩।৪ অঙ্গুলি নিল্লে কর্ত্তন করিবে। পরে উক্ত গ্রন্থি-বিশিষ্ট মূল, কোন পাত্র-মধ্যে সার-গোময়ের জলে ভিজাইয়া ব্লাখিবে। ঐ গোময়ের জল এৰূপ দিতে হইবে, যেন মূল সকল ভিজিয়া অতিরিক্ত না হয়। অনস্তর এक वा प्रकृ पिन ভिकित्ल, ठाशांपिशतक लहेता ক্ষেত্রে রোপণ করিবে। রোপণ সময়ে শিকড়ের ভাগ গর্দের নিমে দিয়া, উপরে গাঁইটটী রাখিবে এবং মাটি চাপা দিবার সময় সমুদায় ঢাকিয়া না मित्रा, नाइटेव जन्मारण वाहित्त ताथित्। जनस्त উত্তাপে শুষ্ক হইয়া না যায়, এজনা অভি পাতলা ৰূপে খড় চাপা দিয়া বত দিন কল উত্তম ৰূপ বাহির না হয় তত দিন প্রতাহ অপ্পং জল সেচন করিনে। हाता वफ़ इहेता डिठिटन, क्षडाइ कन ना मिन्ना, मृखि-का निक दाविवाद निमिष्ठ मरशर कन-रमक कविद्व ।

কার্ত্তিক মাস পটল চাষের উপযুক্ত সময়। এই
সময়ে দোআঁশ সৃত্তিকা-বিশিষ্ট ক্ষেত্রকে খনন করিয়া খনিত সৃত্তিকা উত্তমকপে চুর্ণ করিবে। অনস্তর
তাহাতে খোইল বা গোময়ের সার প্রদান পূর্বক
ক্ষেত্রের পাটি কার্য্য স্থান্যরহপে সম্পন্ন করতঃ ৪
হাত অন্তরেহ পরনালা প্রস্তুত্ত করিবে। একপ করিবার তাৎপর্য্য এই যে, রুফি হইলে ক্ষেত্রস্থ জল
নালা দ্বারা সহজে বহির্গত হইয়া যাইতে পারে।
অতঃপর ঐ সকল ক্ষেত্র-খণ্ডের প্রত্যেকে তিন সারি
করিয়া প্রতি সারিতে পরস্পার তিন হস্ত বারধানে
প্রাপ্তক্ত মূল নহিত্ত করা আবশ্যক। ক্ষেত্র
ভূণ, মুথা প্রভৃতি জন্মিলে নিড়াইয়া দিবে। এক
বার চাষ করিলে সেই গাছে ছুই তিন বৎসর পটলজন্ময়া থাকে।

বেশুণ।

বেপ্তণের চারা জ্লাইয়া পরে ক্ষেত্রে রোপণ করিতে হয়। চারা উৎপাদন জন্য, কোন স্বতন্ত্র স্থানের মৃত্তিকা খনন ও উত্তমক্ষপে চুর্ণ করিবে। স্থানস্তর তথায় বীজ বপন করিয়া, অঙ্কুর না হওয়া পর্যাস্ত রৌদ্রের সময় প্রত্যাহ্ কলার পাতা চাপা দিয়া রাখিবে। এবং অপরাহ্নে ঐ আচ্ছাদন সরা-ইয়া অণ্প পরিমাণে জল সেচন করিবে। বপনের পূর্বেব বীক্ত সকল ২।৩ ঘন্টা ভিজাইয়া রাখিলে শীন্ত্র অঙ্কুরোদ্যাত হয়। অপর চারা গুলি একটু বড় হইলে. তাহাদিগকে তুলিয়া ক্ষেত্রে রোপণ করিবে। পূর্বেই ক্ষেত্রের পাটি কার্য্য সম্পন্ন করিয়া তাহাতে ১৮।১৯ অঙ্কুল অস্তরহ জ্বলি প্রস্তুত করিয়া রাখিবে। চারা গুলিকে পরস্পর এক হন্ত ব্যবধানে এ জ্বলির মধ্যে রোপণ করিবে। চারার শিকড় যাবৎ ক্ষেত্রের মৃত্তিকায় ভালৰূপে সম্বন্ধ না হয়, যাবৎ প্রত্যহ জল সেচন করিবে। ক্ষেত্রে তরল সার দিলে বেগুণ উত্তম জ্বন্মে। ক্যৈতি তরল সার দিলে বেগুণ উত্তম জ্বন্মে। ক্যৈতি তরল সার বিগ্রের বুজি রোপণের উপযুক্ত সময়। এক জাতীয় বেগুণের চাব বর্ষান্তে হইয়া থাকে।

नका।

বর্ষাকালে কোন মৃগায় পাত্রে অথবা উচ্চ জনীতে ইহার বীজ বপন করিয়া উপরে ধূলিবৎ চূর্ণ মৃত্তিকা পাতলা কপে চাপা দিবে এবং অপ্প জল-দেক করিবে। চারা ৫।৬ অন্ধূল উচ্চ হইলে নাড়িয়া পাটিকরা ক্ষেত্রে শ্রেণীবন্ধ কপে পরস্পর ১৪।১৫ অঙ্গুল ব্যবধানে রোপণ করিবে। চারাগুলি ক্ষেত্রে যাবৎ বন্ধ-মূল না হয়, তাবৎ প্রত্যহ অপ্পং জল-দেক করিবে। বিদেশ হুইতে যে বীজ আমদানী হয়, তাহার চায় করিতে হুইলে, শীত কালের কোন

সময়ে বপন করিয়া উপরি উক্ত নিয়মানুসারে কার্য্য করিবে।

ক্যাপ্নিকম্—ইহা এক জাতীয় লক্ষা; ইহার বীজও শীত কালে বপন করিতে হয়।, ইহার চাষ প্রণালী লক্ষার ন্যায়।

কার্পাস।

কার্পাস প্রায় সকল মৃত্তিকাতে জন্মে; তন্ধার বৈ মিশ্রিত মৃত্তিকায় বালির অংশ অপেক্ষা চিক্কণ মৃত্তি-কার অংশ অধিক ইহার চাবে সেই মৃত্তিকাই বিশেষ উপযোগী।

কার্ত্তিক মাদে, প্রথমে জমীতে জল সেচন করিয়া একবার লাক্ষল দিবে; পরে দেই জল টানিয়া গেলে পুনরায় জল দেচন করিয়া ২০ বার লাক্ষল দিবে এবং গোময়ের সার ছড়াইবে। জমী উত্তম পার্টি হইলে বীজ বপন করিয়া মোই টানিবে। বপরের পূর্বের বীজ গুলিকে অন্ততঃ ১২ ঘণ্টা ভিজাইয়া রাখিবে। পরে, জল হইতে ছাঁকিয়া বোময় ও ঘুঁটের ছাইর সহিত মাটিতে ফেলিয়া একপে ঘর্ষণ করিবে, বেন ভাহাদের মুখের কাঁটা ভাঙ্গিয়া যায়।

কার্প দের চারা ৬।৭ আসুল উচ্চ হইলে এক বার জল দিবে এবং তাহার এক মাস পরে পুনরায় জল সেচন করিয়া সিঞ্জিত জল টানিয়া গেলে মৃত্তিকা খুড়িয়া দিবে। চৈত্র মাস পর্যান্ত ইরপ করিতে ছইবে। বৈশাথ মাসে ফল সকল পরিপক ছইয়া কাটিতে আরম্ভ হয়, ইহাকে "কাপাস কোটা" কহে। ফলগুলি কাটিলেই তুলিয়া লইবে। কাপাসের বীজের সহিত সরিযার বাজ উপ্ত হইয়া থাকে।

তামাকু।

তামীকু চাষের নিমিত্ত বালুকা মিশ্রিত মৃত্তিকা অতিশার উপযোগী; কারণ যে পর্যান্ত চারা পূর্ণ-বস্থা প্রাপ্ত না হয়, সে পর্যান্ত উক্ত মৃত্তিকা তাহাকে স্নিগ্ধ ও আর্দ্র রাথিতে পারে। এই রূপ মৃত্তিকা-বিশিষ্ট ক্ষেত্রকে লাঙ্গল দ্বারা কর্ষণ করিয়া, কর্ষিত মৃত্তিকার সহিত নীল কুঠীর চৌবাচ্চায় যে দিটা পাওয়া যায়, তাহা কিংবা গোময়ের নার মিশাইবে। এরূপ করিলে মৃত্তিকা প্রস্তুত হইবেক।

'কোন স্বতন্ত্র স্থানের মৃত্তিক। উত্তম ৰূপে থুঁড়িয়।
ভাজে মা পি তথার তামাকুর বীজ বপন করিবে।
অত্যন্ত রুটর সন্তাবনা দেখিলে ঐ স্থানের উপরে
উপযুক্ত আবরণ তুলিয়া দিবে; কারণ রৃটি পাতে
বীজের বিশেষঅপকার হয়। বীজ বপনের ২০।২৫ দিন
পরেই চারা জনিয়া থাকে। চারা গুলিতে যথন ৫।৬টা
পাতা ধরিবে, তথন তাহানিগকে নাড়িয়া পূর্বেক্তি
ক্ষেত্রে রোপণ করিবে। আশ্বিন মাসের শেষ হইতে
অগ্রহায়ণ মাস প্রয়ন্ত সময়ের,মধ্যে এই স্থানান্তর-

করণ কার্য্য শেষ করা উচিত; তৎপরে যে সকল চারা রোপিত হয়, তাহারা উপযুক্ত ৰূপে বাড়িতে পারে না। রোপণ সময়ে দেড় হাত অন্তরহ শ্রেণী করিয়া প্রতি শ্রেণীতে পরস্পার ঐ পরিমিত ব্যবধানে চারা গুলি পুতিবে। মৃত্তিকা শুদ্ধ হইয়া গেলে যাবৎ ইহাদের শিক্ড না নামিবেক, তাবৎ জল সেচন করিবে এবং সূর্য্যান্তাপ হইতে রক্ষা করিবার নিমিত্ত, রৌদ্রের সময় কলাগাছের খোলা দ্বারা ঢাকিয়া দিবে।

চারা সকল র্দ্ধি পাইতে থাকিলে মধ্যেই গোড়ার মৃত্তিকা থুঁড়িয়া ও নিড়াইয়া দেওয়া কর্ত্তব্য। পাঁচ ছয়টা বড়ই পাতা জন্মিলে, চারার পুষ্পা-মঞ্জরী সকল ভাঙ্গিয়া দিবে; তাহাতে বে সমুদয় মূতনই কেঁক্ড়ী ও পল্লব গজিয়া উঠিবে, তাহারা না বাড়িতেই ভাঙ্গিয়া ফেলিবে। একপ করিলে, পাতা গুলি অভি দীর্ঘ ও পুরু হইয়া উঠে। অতঃপর চারার নীচে যে সকল ছোটই পাতা থাকিবে তাহা তাঙ্গিয়া শুষ্ক করিয়া রাথিবে।

যথন বড়ং পতি। সকল স্পক্ আ বৈ উষৎ পীত বর্ণ ও আশুভঞ্জায় হইবে, তথন তাহাদিগকে গাছের কিয়দংশ ছালের সহিত কাটিয়া লইবে।

इका।

य ভূমি বন্যার জলে ডুবিবার সম্ভাবনা নাই এবং যাহাতে 'অধিক 'রুহৎ গাছ নাই, সেই ভূমিই ইকু চাষের পক্ষে উপযুক্ত। ঐ স্থানের মৃত্তিকা দোআঁশ হইলে ভাল হয়। চৈত্র ও বৈশাধ মানে উল্লিখিত ৰূপ কেতে, লাঞ্চল দ্বারা চারি পাঁচবার চাষ দিয়া উত্তম ৰূপে পাটি করিবে। পাটি করিবার সময় মৃত্তিকার হহিত খোইল ও গোময় সার মিশাইবে, মুত্তিকা প্রস্তুত হইলে, এক এক হাত অন্তরে অর্দ্ধ-হস্ত চৌড়া এবং অর্দ্ধহস্ত গভীর করিয়া জুলি প্রস্তুত করিবে। জ্বলি খুঁড়িতে যত মাটি উঠিবৈ, তাহা প্রতি ছুই জুলির মধ্যে আলির আকারে রাখিবে; <u>কারণ পরে ইক্র গোড়ায় মাটি দেওয়ার সময় ঐ</u> माणि महरक ल७ हा। या हेर ज भातिरव । এই প্রকারে জমা প্রস্তত হইলে, জলির মধ্যে এক২ হাত অন্তরে 'ইক্ষুর.ডগা পাতিয়া বসাইবে। প্রত্যেক ডগায় অন্ততঃ তিনটী চোকৃ থাকা আবশ্যক। দেই চোক্ উপরের দিকে রাথিয়া তচুপরি আড়াই অঙ্গুল পুরু कतिया अबद्ध माष्टि हाना नित्व (य, ममूनय जनाती **त्यन छा**किशा यात्र। माष्टि छाला प्रचित्रा इहेटन তৎক্ষণাৎ জল সেচন করিবে। ডগা রোপণের পূর্বে জ্লির মধ্যে অতি পাতলা ৰূপে থোইলের " গুঁড়া ছড়ীইয়া দেওয়া আবশ্যক।

কোঁড়া বাহির না হওয়া পর্যান্ত ছুই দিন অন্তর

জল সেচন করিবে। যথন কোঁড়া গুলি সমাক্ প্রকারে জন্মিবে, তথন ১২।১৩ দিন অন্তর জল দিলেই হইবে। অপর, সিঞ্জিত জল একটু টানিয়া গেলে, পার্শ্বহ আলির মৃত্তিক। খুঁড়িয়া দিবে। তাহাতে, পুন-রায় জল সেচন করিলে বা রুফি হইলে, ঐ মৃত্তিকা ধৌত হইয়া জুলির মধ্যে পড়িবে স্তরাং চারার গোড়ায় মৃত্তিকা দেওয়ার কাজ হইবে।

ভাদ্র মাদ পর্যান্ত এই ৰূপ করিতে হইবে। আর্থিন মাদে আলি দকলে যে মৃত্তিক। অবশিষ্ট থাকিবে তাহা থুঁড়িয়া দমান করিয়া দিবে, অর্থাৎ তথন আর আলি রাথিবে না। এই দময়ে ক্ষেত্রে, এক বার খোইল ছড়ান আবস্থাক এবং এখন ১৫।২০ দিন অন্তর জল-দেক প্রয়োজন হয়। জল দেকের তুই এক দিন পরে মৃত্তিক। অপ্পথ্ খুঁড়িয়া দিবে।

চারা গুলিতে যথন, ৫।৬টা পাতা ধরিবে তথন অবধি নীচের পাতা দ্বারা তাহাদিগকে জড়াইতে আরম্ভ করিবে এবং গাছ ক্রমে যত বাড়িবে, তত জড়াইয়া দিবে।

ইক্ষুর যে সকল ডগা রোপিত হইয়া থাকে, রোপণের পূর্বে তাহাদিগকে হাপরে ফেলিয়া রাখিতে
হয়। হাপরে রাখার নিয়ম এই, কোন স্থানে এক
হস্ত গভীর একটী গর্ভ করিবে। গর্ভের আয়তন,
যত ডগা রাখিবে তাহা ধরিতে পারে, এরূপ বিবেচনা
করিয়া করিবে। অন্তর পুকুরের পাঁক, ছাই ও
বালি মিশ্রিত করিয়া উহার গর্ভের কিয়্দুংশ প্র্ণ

করিব। এই ব্রপে হাপর প্রস্তুত হইলে, ইব্রুর ডগা সকল ডক্সধ্যে অপ্প হেলাইরা সাজাইরা বসা-ইবে। তৎপরে তাহাবের চারি পার্ম মৃত্তিকা দারা এবলে ঢাকিরা দিবে যে, গোড়ার বায়ু প্রবেশ করিতে না পারে কিন্তু এই মৃত্তিকার আবরণ দেন ডগার উপরি ভাগ পর্যন্ত না উঠে অর্থাৎ উপরে কিরদংশ বাকি রাখিয়া মৃত্তিকারত করিবে। অন-ন্তর, রোপণের উপযুক্ত সমর হইলে, ডগা গুলিকে এই স্থান ইইতে উঠাইরা ক্লেত্রে পূর্কোক্ত নির্মে পুতিয়া দিবে।